The Bill is a short one and the Statement of Objects and Reasons has given the reason why the Bill has been put forward before the Assembly. We have got an Upper House here. Therefore it is not merely that there should not be simultaneous membership as between the Assembly here and the Central Legislature but also simultaneous membership of the Lower House or the Assembly House and the Council House.

With these words, Sir, I move my motion.

The motion was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Sj. TARAPADA BANDOPADHYAY: Mr. Speaker, I beg to move that in sub-clause (*b*) of clause 2, line 15, for the word "Assembly" the word "Council" be substituted

Sir, the trend of the Bill is that when a person is chosen as member of the Assembly as also of the Council, then he would have a choice within a time-limit to exercise his option as to whether he would keep his membership in the Assembly or his membership in the Council, and the option would lie with him whether he would relinquish his place in this Assembly or his place in the Council

Now, clause 2 so far as it goes up to this, is all right But the difficulty arises if any option is not at all exercised by that person the person who has been chosen as member of both the Assembly and the Council

[11-30 to 11-40 a.m.]

Then, Sir, this Bill proceeds in some such way that if there is a doubt in some respect in the mind of the person who has been chosen for both the Houses, an intention would be ascribed to that person that he does not like to have his place here in the Assembly but he would like to have his seat in the Council. I would submit that this would be improper and uneconomic from many points of view. It would be admitted, so far as the transaction of the business in the Legislature is concerned, that this Assembly is more important Therefore when a person has been chosen as member of both the Houses, then if he does not exercise his option within the time-limit, I should submit or I should desire that automatically his membership in the Council should go and his membership in this Assembly should remain As I have already stated, this Assembly is more important Therefore if he is given his place in the Council and he is deprived of his place here, then certainly the transaction of the affairs of the State would suffer because of the want of a member for the time being till by-election of the Assembly, and so far as the public exchequer is concerned, in the event of a by-election of an Assembly member, it would entail more expense on the public exchequer, it would entail more loss of time so far as officers of the State are concerned who will conduct that election. It would mean a lot of time, it would mean a lot of trouble and difficulty so far as voters are concerned—a full-fledged voting has to take place So considering all these points my submission before this House is that in the event of a particular member not exercising his option as contemplated in clause 2 of the West Bengal Legislature (Prohibition of Simultaneous Membership) Bill, 1952, it should be codified that his position here should remain and his position in the Council should go and I have submitted my reasons therefor

Mr. SPEAKER: Mr. Banerjee, you have two other amendments.

Sj. TARAPADA BANDOPADHYAY: If this amendment is accepted then certainly there would be no necessity for sub-clause (*2*) and sub-clause (*3*).

Mr. SPEAKER: You must move both the amendments.

Sj. TARAPADA BANDOPADHYAY: I also move that sub-clause (*2*) of clause 2 be omitted.

I also move that sub-clause (*3*) of clause 2 be omitted.

If my first amendment is accepted there would be no necessity for sub-clauses (*2*) and (*3*)—"If a person who is already a member of the West Bengal Legislative Assembly and has taken his seat in such Assembly is chosen a member of the West Bengal Legislative Council, his seat in the Assembly shall, on the publication in the Official Gazette of the declaration that he has been so chosen, become vacant." I do not find any substantial reason behind a codification like this. Why should it be so? This clause seeks to bring about some distinction between a member who has not taken his seat whose position is considered in sub-clause (*1*) and a member who has already taken his seat. Why should there be a distinction between a member who has not taken his seat and a member who has taken his seat? I think this distinction is unnecessary and it is meaningless. If these sub-clauses (*2*) and (*3*) are deleted, I now perceive that the wording of sub-clause (*1*) should be changed to some extent. "Any person who is chosen a member of both the Houses of the West Bengal Legislature and who has not taken a seat in any of the Houses", this portion may be deleted.

Dr. BIDHAN CHANDRA ROY: Is that a new amendment? I think he cannot move that amendment.

Sj. TARAPADA BANDOPADHYAY: If these sub-clauses (*2*) and (*3*) are to be deleted, then I now perceive some small change should be required to carry sense in the body of the Bill. That is a consequential amendment and a very small amendment.

Mr. SPEAKER: Let this clause be first accepted by the House, then that clause will be amended.

Sj. JOGESH CHANDRA GUPTA: Mr. Speaker, Sir, I think on this point it would be sufficient to point out to the mover of the amendment that clause 2(*1*) contemplates persons being chosen and not knowing what House he will prefer there is provision to give notice in writing as to which one he would elect, but sub-clauses (*2*) and (*3*) contemplate a person already a member of either of the Houses choosing to stand as a member of another House; in other words when a person who is already a member in either of the Houses chooses to stand as a member in the other House, it is taken for granted that he has exercised his option in favour of changing into the other. I think the learned mover realised after looking at the language of clause 2 that this is what is intended. Therefore I would ask him not to press his motion because that would be contrary to clause 2 for which he has not moved any amendment.

Dr. SRIKUMAR BANERJEE: I was drawing the attention of the Hon'ble Speaker to the difficulty experienced by members in respect of the procedure that is being followed about all the amendments tabled by a single member being considered together. That makes it difficult for the members of the House to make up their mind as to which of the amendments to support or which not to support.

The first amendment which has been moved by my friend may be supported on the ground that if your are called upon to choose between two articles of value, the natural presumption is that you will relinquish the article which is considered to be of lesser value. Here the Assembly is being made to endorse the proposition that membership of the Assembly is of lesser value than the membership of the Council. I hope, Sir, members of the Assembly won't agree to such a valuation. If it had been put to the other House they might have accepted this part of the proposition but we the members of the Assembly cannot certainly agree to the proposition that the membership of the Assembly is of lesser value than the membership of the Council and this should not be thrust down our throat by the House.

As for the second and the third amendments, I have not been able to follow the scope of the amendments and the bearing they have upon the general clause of the Bill. So I will not pass any opinion thereon

Dr. BIDHAN CHANDRA ROY: Sir, my friend Mr. Banerjee has moved an amendment to which quite a suitable reply has already been given by my friend Mr. Gupta. The position is there are three situations contemplated in clause 2: one is he has been elected but he has not taken his seat in the Assembly; second is he has been elected and has taken his seat in the Assembly; third is he has been elected and has taken his seat in the Council. Ordinarily in a General Election, Council Elections take place after the Assembly. Therefore, if a man has sent in his name for membership in the Council it may be assumed with regard to clause 2(1) that he has a preference for the Council rather than for the Assembly. If he does not choose to give a reply in time somebody must decide and therefore the situation in clause 2(1) has been put in that way because if he has chosen to stand for the Council after he is elected to the Assembly, it shows he prefers the Council rather than the Assembly.

As regards the question of expense, I could not follow what Mr. Banerjee said but it is a well-known fact that the Assembly members get little more allowances than the Council members; so it is a question of saving of expenditure. As the Finance Minister I will accept the other proposition if he goes to the Council because that means less expenditure to the exchequer. But that is beside the point

I do not think there is anything of substance in the amendments that have been moved. With regard to my friend Dr. Banerjee I may point out to him that although the motions are moved together because they relate to a more or less co-ordinated subject, yet I take it, Sir, you will take votes separately so that we can vote separately on each one of these amendments.

[11-40—11-50 a.m.]

The motion of Sj. Tarapada Bandopadhyay that in sub-clause (*1*) of clause 2, line 15, for the word "Assembly" the word "Council" be substituted was then put and lost.

The motion of Sj. Tarapada Bandopadhyay that sub-clause (*2*) of clause 2 be omitted was then put and lost.

The motion of Sj. Tarapada Bandopadhyay that sub-clause (*3*) of clause 2 be omitted was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble.

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I beg to move that the West Bengal Legislature (Prohibition of Simultaneous Membership) Bill, 1952, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Salaries and Allowances Bill, 1952.

SJ. JYOTI BASU: Mr. Speaker, Sir, on a point of privilege may I draw your attention to the Assembly Procedure Rules, section 62(3) wherein it is stated that if any member present is unacquainted with the language, the Secretary shall also, if requested, and if time permits, cause every such notice to be translated into such language as the Speaker may direct. Now, I am requesting you to have the amendments translated into Bengali.

Mr. SPEAKER: If time permits, I will do it.

SJ. JYOTI BASU: But the amendments will come now, and I want to know whether time will permit now for these amendments to be translated into Bengali so that this may be postponed for the time being.

Mr. SPEAKER: That depends on how the proceedings proceed. If time permits, I shall do it. Yes, Dr. Roy.

Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I beg to introduce the West Bengal Salaries and Allowances Bill, 1952.

(The Secretary then read the short title of the Bill.)

Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I beg to move that the West Bengal Salaries and Allowances Bill, 1952, be taken into consideration.

Sir, this Bill has evoked a large number of amendments which will be discussed in this House and, therefore, it is not necessary for me to go in details with regard to the different provisions of the Bill. It is a comprehensive Bill for making provisions for the salaries and allowances of Ministers, Deputy Ministers, Parliamentary Secretaries to the Government of West Bengal, Speaker and Deputy Speaker, West Bengal Legislative Assembly and the Chairman and Deputy Chairman of the West Bengal Legislative Council.

SJ. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that the West Bengal Salaries and Allowances Bill, 1952, be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th October, 1952.

SJ. GANESH GHOSH: Sir, I beg to move that the West Bengal Salaries and Allowances Bill, 1952, be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st September, 1952.

Dr. SRIKUMAR BANERJEE: Sir, I beg to move that the West Bengal Salaries and Allowances Bill, 1952, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1952.

SJ. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that the West Bengal Salaries and Allowances Bill, 1952, be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th July, 1952.

Dr. SRIKUMAR BANERJEE: Sir, I beg to move that the West Bengal Salaries and Allowances Bill, 1952, be referred to a Select Committee——

Mr. SPEAKER: Order, order. I have come to know that under the rules the motion for referring a Bill to a Select Committee should be moved with the consent of the members. No such consent has been obtained and, therefore, it is out of order.

[11-50—12 a.m.]

Sj. CHARU CHANDRA BHANDARI: মাননীয় স্পীকার মহাশয়, আমরা জানতাম যে বর্তমানে যে মিনিষ্ট্রী হ'য়েছে বা আগে যে মিনিষ্ট্রী ছিল তা বৃহৎ কায়েমী স্বার্থবাদীদের এবং বৃহৎ শিল্পপতিদের প্রভাবিত মিনিষ্ট্রী। তা সত্ত্বেও এই মিনিষ্ট্রীর একটা গুণ ছিল সে হচ্ছে এই যে মিনিষ্টারগণ বা পার্লামেণ্টারী সেক্রেটারীগণ যা মাহিনা বা ভাতা নিতেন তা এদেশের অন্য রাজ্যের মিনিষ্টারদের ও সেক্রেটারীদের মাহিনার চেয়ে একটু কম। এইটুকু গুণ যে ছিল তার জন্য সকলের কাছে বলা যেত যে এই মিনিষ্ট্রীর এই গুণটুকু আছে। কিন্তু সাধারণ নির্বাচনের পরে আজ যে মিনিষ্ট্রী গঠিত হ'য়েছে তা আগেকার মিনিষ্ট্রীর সংযমের বাধ ভেঙ্গেছে। এ মিনিষ্ট্রী সে সংযম রাখতে পারে নি। তাঁরা ত মিনিষ্টারের সংখ্যা বাড়িয়েছেন, নূতন নূতন শ্রেণীর মিনিষ্টার তৈরী করেছেন, হয়ত বিলাত থেকে নজীর নিয়ে এসে এটা করেছেন, নয়ত দিল্লীর নজীর নিয়ে নানারকম শ্রেণীর মিনিষ্টার তৈরী ক'রেছেন; ভাল কথা। সংখ্যাও যে অনেক বাড়িয়েছেন, বাড়ান, আপত্তি নাই, কিন্তু তাঁদের মাহিনা এবং ভাতা যা করছেন—যদি কেউ সেটা ভাল করে বিশ্লেষণ ক'রে দেখেন তাহলে দেখবেন পূর্বে কি ছিল, আর আজ তাঁরা কি নিতে যাচ্ছেন—এদুটো পাশাপাশি রাখলে এ রাজ্যের মাথা হেঁট হয়ে যাবে।

এর পূর্বে যে Ministers' Emoluments Act ছিল তার দ্বারা Chief Ministersএর যে মাইনে ছিল এবং তাঁর যে ভাতা ছিল সে নিয়ে তিনি ১,৫০০৲ টাকা পেতেন এবং অন্যান্য Ministerরা তাঁদের যা মাইনে ছিল তাতে গাড়ী allowance, Sumptuary allowance এবং ভাতা নিয়ে মোট ১,২৫০৲ টাকা ছিল। কিন্তু এক্ষণে সেই স্থানে মাহিনা ও ভাতা নিয়ে Chief Minister পাবেন ২,৪০০৲ টাকা। শুধু ২,৪০০৲ টাকা নয় তার উপরে আর একটি বাড়ী ভাড়া নিয়ে ২,৬৫০৲ টাকা হয় তার মাইনে। যদি অবশ্য তাঁর কোন furnished house Government দেন্ ত তাহে তিন শত টাকা কি সাড়ে সাতশো টাকা খরচ হবে তার কোন ঠিক নেই। এ ছাড়াও এই প্রদেশে অন্য স্থানে আর একটি বাড়ী তিনি পেতে পারবেন। তার জন্যও আড়াইশো টাকা আর conveyance allowance ৩০০ টাকা, এই নিয়ে ২,৮০০৲ টাকা দাঁড়ায় যেখানে ১,৫০০৲ টাকা তিনি নিতেন। আগে কোন Minister সব শুদ্ধ ২,২০০৲ টাকা পেতেন, কিন্তু এখন সেটা দাঁড়াচ্ছে সব allowance নিয়ে সাড়ে একুশশো টাকা। এ ছাড়া আর একটি কথা, Deputy Ministerএর পদ সৃষ্টি করা হ'য়েছে। এত দিন ছিল না তাতে কাজ চলেছে। এদের প্রত্যেকের জন্য খরচ হবে ৭৫০৲ টাকা মাইনে, বাড়ী ভাড়া ২৫০৲ টাকা, আর Car allowance ৩০০ = এই ১,৩০০। এ ছাড়া Parliamentary Secretary আছে। একটি কথা আমি মাননীয় Speaker মহাশয়, আপনার দৃষ্টিতে আনতে চাই। Minister, Deputy Minister আছেন, Parliamentary Secretary হবেন, এটা আমরা ধরে নিচ্ছি। আগে দশজন Parliamentary Secretary ছিল, এখন আবার দশ জনই হয় কি বেশী হয় কিছু ঠিক নেই। তারপর আবার Minister of State আছে, একথা কেউ জানতো না, এ নূতন, এই বিলের বিধানের মধ্যে আছে এবং আমি বলবো যে এই জিনিষটা after thought। এই Minister of State যে করতে হবে এটা এঁদের মনে আগে ছিল না, তার পরে এঁরা বুঝেছেন। মাননীয় Speaker মহাশয় Statement of Objects and Reasonsএর মধ্যে দেখুন তার মধ্যে দেখতে পাবেন।

"This is a comprehensive Bill for making provision for the salaries and allowances of the Ministers, the Deputy Ministers and the Parliamentary Secretaries of the Government of West Bengal, the Speaker and the Deputy Speaker of the West Bengal Legislative Assembly and the Chairman and the Deputy Chairman of the West Bengal."

Minister of Stateএর কথা এখানে হয়নি, এটা contemplationএ ছিল না। তারপরে যখন provision করেছেন তখন হঠাৎ খেয়াল হল যে সকলকে হয়ত সন্তুষ্ট করা যাবে না এর দ্বারা। Minister of Stateএর বেতন এর মধ্যে আছে। মোটামুটি কি অবস্থা দাঁড়ায় এটা দেখা যাক। যা ছিল আগে, Ministerরা মাইনে নিতেন, হয় Governmentএর গাড়ি নিতেন, নাহলে গাড়ীর জন্য allowance পেতেন, আবার sumptuary allowance পেতেন; Chief Minister ৫০৲ sumptuary allowance পেতেন, অন্যান্য Ministerদের ২৫০ টাকা sumptuary allowance; এ ছাড়া যদি নিজেদের গাড়ী ব্যবহার করতেন তাহলে গাড়ীর জন্য আড়াইশো টাকা পেতেন। আর এ বারে কি হয়েছে? মাইনে ১,২৫০৲, sumptuary allowance ৫০০৲ বাড়ী ভাড়া ৩০০৲; বাড়ী আবার একটা নয় দুটো--একটা furnished বাড়ী, এ ছাড়া এই Stateএর অন্য একস্থানে আর একটা বাড়ী তিনি পাবেন। তিনি ইচ্ছা করলে যতদিন ইচ্ছা তিনি একটি বাড়ী পাবেন ঐ দার্জিলিং বা অন্য কোথাও। তারপর সেই বাড়ীর maintenanceএর খরচ, তার servicingএর খরচ তার electricity, and gas and residential staff যা কিছু খরচ হবে,--দেখবেন এতে provision আছে,--তার কোন সীমা নাই, অসীম। বাড়ী ভাড়া allowance যদি নেন্ ৩০০৲ কিন্তু যদি কেউ বাড়ী ভাড়া allowance না নিয়ে Governmentএর কাছে বাড়ী নেয় সে বাড়ী কত বড় হবে কত বিরাট হবে, তাতে ৭০৲ Governmentএর খরচ হবে কি হাজার টাকা কি দু হাজার টাকা খরচ হবে তার কোন limit নাই। এই একটা কথা। দ্বিতীয় কথা, গাড়ীর কথা। ইতিপূর্বে আপনারা যদি আগেকার Bill দেখেন মনযোগ করে তা হলে বুঝতে পারবেন সেই বিলে ছিল একটা সাংঘাতিক কথা যার সুযোগ সুবিধা নিয়ে আমাদের জানা আছে অনেক মন্ত্রী সেইভাবে কত অপব্যবহার করেছেন, নিজেরা গাড়ী করেছেন আর সঙ্গে সঙ্গে গাড়ী allowanceও নিয়েছেন, ভাল কথা এই Billএ সেই clauseটা বাদ দেওয়া হয়েছে। সেই clause হচ্ছে—

"Motor allowance at the rate of Rs. 200 per mensem to each of the Ministers including provided that if for any period exceeding 30 days a motor car is made available to any Minister for his house at the expense of the provincial Government no motor car allowance shall be payable under this clause to such Minister for such period."

অর্থাৎ ৩০ দিনের উপর যদি এক সঙ্গে একাধিক্রমে গাড়ী ব্যবহার না করেন তাহলে তিনি allowanceও পেতেন। কিন্তু এবারকার Billএ এটা ভাল আছে যে গাড়ী ব্যবহার করে সে গাড়ীর allowance পাবে না। কিন্তু দ্বিতীয় কথা হচ্ছে, এটা লজ্জার কথা যে Minister তাঁর পরিবারবর্গ, তাঁর স্বজনবর্গ, তাঁর আত্মীয়-কুটুম্ব, তাঁর পোষ্য যে কেউ আছেন তিনি বিনা পয়সায় যে কোন medical treatment পাবেন, যে কোন হাঁসপাতালে তিনি accommodation পাবেন। কি সাংঘাতিক কথা! কত বড় বড় ডাক্তার আনতে হবে। এমন কি প্রয়োজন হলে বিলাত থেকে পর্য্যন্ত free medical treatmentএর ব্যবস্থা করা যেতে পারবে, তারও provision এই বিলে পাওয়া যায়। এই বিলে যে ক্ষমতা দেওয়া হচ্ছে, তার যে কত অপব্যবহার হ'তে পারে তা কল্পনাও করা যায় না। এই যে free medical treatment ও হাঁসপাতালের ব্যাপার সমস্ত যদি বাদ দেওয়া যায়, তাহলে শুধু তারা ভাতা ও মাইনে যা পাচ্ছেন, যার তুলনামূলক একটা অঙ্ক আমি করেছি, তা থেকে দেখা যাবে যে আমাদের Exchequerএর উপর কত ভার দেওয়া হচ্ছে।

[12 to 12-10 p.m.]

এর পূর্বে ১৩ জন Ministerও দশ জন Parliamentary Secretary ছিলেন এবং বৎসরে তাঁদের জন্য ব্যয় হ'ত মাত্র ২ লক্ষ ৫৮ হাজার টাকা। এখন যা দাঁড়াল, Chief Minister, Minister, Deputy Minister এবং আমি ধরে নিচ্ছি ১০ জন Parliamentary Secretary পূর্বে যেমন ছিলেন এবারও তাই থাকবে এবং Minister of State পাচ জন ধরে নিচ্ছি তাহলেও হয়ত তাতে আরও এক, দুই লক্ষ টাকা বাড়বে। যদি এটা নাও হয়, তাহলেও ৭ লক্ষ টাকা খরচ হবে। এ ছাড়া যাঁরা house allowance না নিয়ে furnished house নেবেন--কলিকাতা বা কলিকাতার কাছাকাছি স্থানে, তারপর medical free treatment এর জন্য তাঁদের পরিবারবর্গের খরচ হাঁসপাতালে চাপান হয়, তারপর তাঁদের tour এর জন্য যে ভাতা দেবার বন্দোবস্ত আছে, সেই সমস্ত যদি বাদ দেওয়া যায় তাহলেও ৭ লক্ষ টাকা খরচ

হবে। তিনগুণ বেশী খরচ হচ্ছে। আমাদের এই গরীব রাজ্যের উপর এত ভার চাপান কি লজ্জার কথা। এই বিলটা আনতে তাঁদের কি একটু লজ্জাও হল না? এতটুকু সংযমের বাঁধ কি তাঁদের নেই? এই বিলটা এখন না এনে ছয় মাস পরেও আনতে পারতেন।

বর্ত্তমানে দেশের যা অবস্থা একরকম মনুন্তর বললেই হয়। ১৯৪৩ বা ৫০ সালের চেয়েও ভয়াবহ। এই অবস্থায় এই ধরণের বিল আনতে কি তাঁদের একটু লজ্জা বোধও হয় না! পূর্বে যেখানে দুই লক্ষ টাকা খরচ হ'ত সেখানে ৭ লক্ষ টাকা খরচের ব্যবস্থা হচ্ছে--এই সবও আমরা কল্পনাও করতে পারি না।

(Here blue light was lit.)

আমাকে আর একটু সময় দিতে হবে।

Mr. SPEAKER : Please go on.

Sj. CHARU CHANDRA BHANDARI : আমার attention draw করা হয়েছে কিন্তু এই blue light দেখলেই ভয় করে। তারপর যে এত টাকার ভার চাপান হ'ল আমাদের Exchequerএর উপর এটা অত্যন্ত লজ্জার কথা। দেশের এই দুর্ভিক্ষের সময় এই বিল না এনে, ছয় মাস পরে দুর্ভিক্ষ চলে গেলে পর ত এই বিল আনতে পারতেন। তা না করে তাঁরা এত তাড়াতাড়ি এই বিল পাশ করিয়ে নেবার জন্য ব্যস্ত হ'য়েছেন। সাধারণতঃ শনিবারে হাউসের কোন important business হয় না। অথচ (Dr. BIDHAN CHANDRA ROY : তারপর আবার শনিবারের বারবেলা।) এই রকম একটা বিল আনা হয়েছে। এর উদ্দেশ্য হ'ল--এটা ঠিক কি না জানি না--যতদিন না এই বিল পাশ হবে ততদিন কোন মন্ত্রী বা ডেপুটি মন্ত্রীরা মাইনে পাবেন না। আমি জানি না এ ছাড়া আর এই বিল আনবার কোন উদ্দেশ্য আছে কি না।

এত মিনিষ্টার এত ডেপুটি মিনিষ্টার সর্বত্রই এই নিয়ে আলোচনা চলেছে। দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের মৃত্যু বার্ষিকীতেও এই কথা। মুখ্য মন্ত্রীমহাশয় একাধিকবার এই সম্বন্ধে বলেছেন, কিন্তু psychology মানুষ বুঝে, বিবেক বলেও কি কিছু নাই? কাল যে Governorএর speech হয়েছে তাতেও তিনি বলেছেন এত মন্ত্রী নেওয়ার উদ্দেশ্য, দেশের কাজ বেড়েছে। কাজ কি উড়িষ্যা বা অন্য কোন প্রদেশে বাড়েনি? কাজ কি শুধু বাংলায়ই বেড়েছে? মাননীয় মন্ত্রী পাঁজা মহাশয়ের জন্য একটা cottage industry portfolioর ব্যবস্থা করা হয়েছে। কিন্তু এ পরিকল্পনা কেন? যে কাজ পূর্বে ছিল আজও তাই আছে। তাঁরা মিনিষ্টার করুন তাতে আপত্তি নাই কিন্তু তাঁদের মাইনে যদি একটু কম করে দেন তাহলে ক্ষতি কি? মন্ত্রীদের শিক্ষানবিশীর দরুন পূর্বে কখনও টাকা খরচ করা হয়নি। কিন্তু এখন এর জন্য ২-২॥০ লক্ষ টাকা খরচের ব্যবস্থা হচ্ছে। আমরা বরাবর দেখেছি মন্ত্রীরা ভাল হোক, মন্দ হোক, কাজ তাঁরা ঠিকই চালিয়ে গিয়েছেন। তারপর আর একটা কথা এই যে এমন অনেককে মন্ত্রী বা ডেপুটি মন্ত্রী করা হচ্ছে যাঁরা কখনই Legislative Assemblyর মেম্বর ছিলেন না। কিন্তু বড়ই দুঃখের কথা যে আজ মন্ত্রীদের শিক্ষানবিশীর কথা তুলে এই সমস্ত কর্দয্য জিনিষকে ঢাকবার চেষ্টা হচ্ছে। এইভাবে তাঁরা আমাদের গরীব দেশের উপর এত ব্যয়ভার চাপিয়ে দিচ্ছেন।

তাঁরা হয়ত এই কথা বলবেন যে জনমত আমাদের সমর্থন করছে কারণ এইজন্য জনসাধারণের জনমতে তাঁরা Government পেয়েছে। আমি জনমতের একটা পরীক্ষা করতে চাই এবং এই জনমতের জন্য প্রচার করবার পথে তাঁরা যেন বাধা না দেন। ১৫ই জুলাই--১৫ই অক্টোবর, অতদিন পর্য্যন্ত অপেক্ষা করবার ধৈর্য্য যদি না থাকে, অন্ততঃ ১৫ই জুলাই পর্য্যন্ত সময় দিন যাতে জনমত কি বলে তা দেখতে পারেন। তারপর ত তাঁদের হাতে সংখ্যা জোর আছেই, তা দিয়ে এই বিল অনায়াসেই পাস করে নিতে পারবেন। এই বলে আমি পুনরায় এই যে প্রস্তাব এনেছি এই প্রস্তাব গ্রহণ করবার জন্য সুপারিশ করছি। (Sj. MANORANJAN HAZRA : মন্ত্রীমহাশয়দের যেমন টাকার ক্ষুধা আছে আমাদেরও তেমন পেটের ক্ষুধা আছে, তাই এখন এই House বন্ধ করে দিন।)

[12-10 to 12-20 p.m.]

Sj. GANESH GHOSH : স্পীকার মহাশয়, বারটা যেজে গেল এখন House বন্ধ করে দিলে ভাল হ'ত না?

Mr. SPEAKER : House একটা পর্য্যন্ত চলবে আপনি বলুন।

Sj. GANESH GHOSH : স্পীকার মহাশয়, যে বিল এসেছে মন্ত্রী, উপমন্ত্রী মহাশয়দের বেতন ও ভাতা দেওয়ার জন্য এবং এখনও যাঁরা মনোনীত হননি পূর্বে হ'তেই তাদের ব্যবস্থার জন্য সেই বিল আমাদের শুধু আশ্চর্য্যান্বিত করেনি স্তম্ভিতও করেছে। আমি ভাবি যে নির্ব্বাচনের আগে আমাদের কংগ্রেস নেতারা এই রকম একটা পরিকল্পনা নিয়ে দেশের কাছে তুলে ধরলেন না কেন যে আমরা নির্ব্বাচিত হলে আমরা এই রকম এই রকম বেতন, এই রকম এই রকম ভাতা নেবো। এই রকম করলে আমার মনে হয় যে নির্ব্বাচনের ফলের মধ্যে দিয়েই জনমত সুস্পষ্ট ভাবে প্রতিফলিত হত।

আপনারা অনেকেই অনেক কথা বলেছেন আমিও আপনাদের কাছে কিছু বলতে চাই। এই বিল সম্বন্ধে--মন্ত্রীদের ভাতা, বেতন ইত্যাদি বাবদ কত যাবে আপনাদের কাছে তার কিছু বলবো। একমাত্র প্রধান মন্ত্রীমহাশয় তিনি বেতন পাবেন ১,২৫০৲ টাকা। আগে কম পেতেন এখন কিছু বেশী পাবেন; সবশুদ্ধ পাবেন মাত্র ২,৬৫০৲ টাকা। অর্থাৎ বেতন থেকে তাঁর ভাতা অনেক বেশী। বৎসরে একমাত্র প্রধান মন্ত্রী মহাশয়ই ৩১,৮০০৲ টাকা। এই ৩১,৮০০৲ টাকা নেবেন আমাদের বাংলা দেশের Treasury হতে। এই এত টাকা দিয়ে বাংলা দেশ তাঁকে পোষণ করবে কিন্তু তার পরিবর্ত্তে বাংলার জনসাধারণ তাঁর কাছে কি পাবে তা আমি জানি না। পাঁচ বৎসরে যা দিয়েছেন যদি তাই হয় তবে জনসাধারণকে জিজ্ঞাসা করা দরকার, অতীতে যে কাজ করেছেন সেই রকম কাজের জন্য এত টাকা দেওয়া যায় কি না। আর মন্ত্রী মহাশয়, যাঁরা মনোনীত হয়েছেন, তাঁরা প্রত্যেকে পাবেন ১,০০০৲ টাকা বেতন; মাসে সব শুদ্ধ তাঁরা পাবেন ২,১৫০৲ টাকা, অর্থাৎ ১,১৫০৲ টাকাই ভাতা। তাঁরা বৎসরে পাবেন ২৫,৮০০৲ টাকা। ১৪জন মন্ত্রী মাসে পাবেন ৩০,১০০৲ টাকা এবং বৎসরে পাবেন ৩,৬১,২০০৲ টাকা,--একটা খুব ভাল well-equipped হাসপাতালের সারা বৎসরের খরচ। Deputy Ministerএর বেতন ধার্য্য হয়েছে ৭৫০৲ টাকা, সবশুদ্ধ পাবেন ১,২৫০৲ টাকা, অর্থাৎ ৫০০৲ টাকা ভাতা নিয়ে। বৎসরে পাবেন ১৫,০০০৲ টাকা। ১৬ জন Deputy Minister বৎসরে পাবেন ২,৪০,০০০৲ টাকা। এই ১৪ জন Minister, ১৬ জন Deputy Minister এবং প্রধান মন্ত্রী ছাড়া আরো অনেক ভাগ্যবান ব্যক্তি আমাদের সামনে বসে আছেন তাদের সংখ্যা কত হবে জানিনা হয়ত ১৫ কি ২০ কি ২৫। তাদের বেতন কত ধার্য্য হবে তাও জানিনা। তারপর Minister of State কাকে বলে তা আমি জানি না, দেখলে নিশ্চয়ই বুঝতে পারবো। তাঁরা হয়ত বৎসরে ১৬,০০০৲ টাকা করে পাবেন। তারপর Parliamentary Secretaryরা মাসে ৫০০৲ টাকা করে বেতন পাবেন। অবশ্য এটা ভবিষ্যতের জন্য রাখা হয়েছে। আর একটা জিনিষ বিচার করে দেখবার আছে। আপনারা এখানে দেখছেন যে Sumptuary allowance বলে একটা জিনিষ আছে, এই জিনিষটা হল একটা থোক টাকা--এটা কিসের জন্য দেওয়া হয় জানি না, এটা খানা পিনার জন্য দেওয়া হয় কি না জানি না। তবে একটা থোক টাকা দেওয়া হয় সেটা তাঁরা নিজেদের discretion অনুসারে খরচ করেন। টাকাটা যদি সামান্য হত, যদি ৫৲ টাকা হত তাহলে হয়ত কিছু বলতাম না, যদিও বলা উচিৎ ছিল। জনসাধারণের পয়সা--৫৲ টাকাই বা খরচ হবে কেন? যখন আপনারাই বলছেন লোকের purchasing power, চাল কিনে খাওয়ার ক্ষমতা নাই তখন একমাত্র প্রধান মন্ত্রী মহাশয়ই মাসে ৫০০৲ টাকা করে Sumptuary allowance বাবদ পাবেন বৎসরে ৬,০০০৲ টাকা। আর ১৪ জন মন্ত্রী Sumptuary allowance পাবেন মাসে ৩,৫০০৲ টাকা—বৎসরে ৪২,০০০৲ টাকা। সব মন্ত্রীরা মিলে বৎসরে নেবেন ৪৮,০০০৲ টাকা।

তারপর house allowance,—প্রধান মন্ত্রীমহাশয় নিচ্ছেন ৬০০৲ টাকা,—বৎসরে ৭,২০০৲ টাকা। আবার এর মধ্যে দুইটা বাড়ীর provision করা হয়েছে। কলিকাতায় একটা ও কলিকাতার বাইরে একটা। কলিকাতার বাইরে ২৫০৲ টাকা ভাড়া দিয়ে সরকারী কাজ করবেন। প্রধান মন্ত্রীমহাশয় কি জানেন যে সরকারী দপ্তরে যে সমস্ত গরীব কর্ম্মচারীরা কাজ করে ঐ টাকায় তাদের এক একটা পরিবার প্রতিপালিত হতে পারে? কলিকাতার বাইরে বাগান বাড়ী রাখবেন যে টাকা দিয়ে;—শনি রবিবার কাটানর জন্য বা ছুটী নিয়ে যাবেন সেখানে কাটাবার জন্য এ টাকা জনসাধারণকে দিতে হবে। অথচ তিনি যদি একটু খবর রাখতেন তাহলে তিনি জানতে পারতেন যে এই টাকা এক একটা পরিবার প্রতিপালিত হতে পারতো। কিন্তু তিনি জনসাধারণের কাছে যাবেন না। তিনি কেবল জনসাধারণের টাকা নিয়ে ছিনিমিনি খেলছেন। আপনারা নিজেরাই বলেন যে দেশের লোকের purchasing power নাই, তাঁরা আটা, চাল কিনে খেতে পারে না; কিন্তু সংখ্যায় কম হলেও অন্ততঃ আড়াই কোটি লোকের মধ্যে ৩০ জনের purchasing power করার বন্দোবস্ত হয়েছে, আরো কিছু হবে, শেষ পর্য্যন্ত হয়ত ৫১ জনের হবে। (A VOICE : ৫১ জনের নয় ১৫১ জনের হবে।)

[12-20 to 12-30 p.m.]

তারপর ভাণ্ডারী মহাশয় যে কথা বলেছেন তার উত্তরে প্রধান মন্ত্রী মহাশয় সে সম্বন্ধে কিছু বিবেচনা করবেন তা বলেন নি, এতে আমরা খুব আশ্চর্য্যান্বিত হয়েছি। Car allowance সম্বন্ধে যে কথা ভাণ্ডারী মহাশয় বলে আপত্তি করলেন তার উত্তরে প্রধান মন্ত্রী মহাশয় কোন কথাই বললেন না যে তিনি এর কিছু ব্যবস্থা করছেন, এতে যে প্রধান মন্ত্রী মহাশয়ের কি লজ্জাবোধ হল না? এটা সত্যিই আশ্চর্য্যের কথা। এই রকম অন্য কোন Parliamentএ হয় কি না জানি না। যা হয়ে গেল সে সম্বন্ধে প্রধান মন্ত্রী মহাশয় অনুসন্ধান করবেন বলে কোন প্রতিশ্রুতিই দিলেন না। প্রধান মন্ত্রীমহাশয় ৩০০৲ টাকা মাসে—বৎসরে ৩,৬০০৲ টাকা। ১৪ জন মন্ত্রী নিচ্ছেন ৪,২০০৲ টাকা আর ১৬ জন Deputy Minister নিচ্ছেন ৩,২০০৲ টাকা। মোটামুটি ভাবে দেখতে পাচ্ছি —মন্ত্রী মহাশয়রা ডেপুটি মন্ত্রীমহাশয়রা আর প্রধান মন্ত্রী মহাশয় মিলে ৬ লক্ষ ৩০ হাজার টাকা নিচ্ছেন,—যে কথা তাঁরা বলেছেন—তাঁরি জন্য বেতন Sumptuary allowance, কলকাতা এবং বাইরের বাড়ী ভাড়া প্রভৃতি এসব ত গেল Permanent allowance এ ছাড়া যেটা ওঁরা বলেন নি সেটা যে ক' লক্ষ হবে তা বলা যায় না। কারণ প্রধান মন্ত্রী যেখানে বেতন নিচ্ছেন হাজার টাকা, সেখানে তিনি ভাতা নিচ্ছেন ১,৪০০৲ টাকা। এই রকম ভাবে দেখলে দেখা যাবে, এখানে যেমন বাড়ী ভাড়ার টাকা কে কত পাবেন তা'ত আমরা শুনলাম কিন্তু বাড়ী সাজাবার জন্য কত টাকার দরকার হবে তার কিছু স্থিরতা নাই। এটার বাবদ ২২ হাজার কি ৩০ হাজার পড়বে সে কথা কিন্তু কিছুই বলা হয় নাই। তার পর কতটা প্রধান মন্ত্রী মহাশয়ের বাড়ী সাজানোর জন্য ব্যয় পড়বে, কতটা সাধারণ মন্ত্রীদের জন্য এবং কতটা বা ডেপুটি মন্ত্রীদের বাড়ী সাজানোর দরুণ ব্যয় পড়বে তার কোন উল্লেখ নাই। একটা মন্ত্রী বা ডেপুটি মন্ত্রী হতে পারলেই খুসী মতন টাকা নিতে পারবেন এ যেন তারি একটা ব্যবস্থা। (A voice: খুব আফসোস্ হচ্চে বুঝি?) সত্যই এটা আফসোসের বিষয়। তারপর শুধু বাড়ী সাজানোই নয়, তাঁদের Conveyance allowance ছাড়া বা Travelling allowanceযে তাঁরা পাবেন তাঁরা যে যে ভ্রমণ করবেন তাতে দৈনিক হিসাবে বা কত পাবেন, মাইল হিসাবে বা কত পাবেন তার আন্দাজ কিছু দেওয়া হয় নাই। বলেছেন—সেটা স্থির করবেন গভর্ণমেণ্ট। ওঁরা যে সফর করবেন সেজন্য ৭ হাজার কি ১০ হাজার নোবেন সেটা দেশের লোকদের জানানো হয় নাই। তাদের কিছু না জানিয়ে মন্ত্রীরাই সকলে মিলে স্থির করবেন। সংখ্যাটা বোধকরি অনুচ্চারিত রেখেছেন এই জন্য যে যাখুসী তাঁরা নিতে পারবেন। আর একটা বিষয় ও এই রকম দেশের লোকদের না জানিয়ে অন্তরালে বলা হয়েছে সেটা হচ্চে চিকিৎসা বাবদে মন্ত্রীদের জন্য খরচের অঙ্ক। বিনা ব্যয়ে এই চিকিৎসাটা যাঁরা নাকি মন্ত্রী বা ডেপুটি মন্ত্রী এবং স্বয়ং প্রধান মন্ত্রীও পাবেনই পার্লামেণ্টারী সেক্রেটারীরাও এই সুযোগ পাবেন কি না ঠিক বোঝা যাচ্ছে না, ভেঙ্গে বল্লে পর বোঝা যাবে। এমনিতে হাসপাতালে জায়গা মেলেনা। আমি জানি, একজন কংগ্রেস সেবক ট্রাম থেকে নামতে গিয়ে পা ভেঙ্গে কলকাতার একটি হাসপাতালে গিয়েছিলেন, তাঁকে বলা হলো "সিট্ তো নাই"। এ অবস্থায় মন্ত্রীরা ৩০ জন, তাঁদের পরিবারবর্গ ও পোষ্যবর্গের জন্য যত সিটের দরকার হবে তার যোগাড় রাখতে হলে, এখানকার সাধারণ লোক যাঁরা, গ্রামাদের কথা ছেড়েই দিলাম, কারণ আমাদের ত কাছেই ঘেঁসতে দেয় না। আপনারা যাঁরা নাকি কংগ্রেস সেবক তাঁরাও হাসপাতালে সিট্ পাবেন না। তাই আপনারা যাঁরা ঐ ৩০ জনের গণ্ডীতে ভিড়তে পারেন নি তাঁদের কাছে আমি আবেদন জানাচ্ছি আপনারা প্রতিবাদ করুন। একেইত কলকাতার হাসপাতালের সংখ্যা কম। তার উপর তাতে যে অল্প সংখ্যক বেডের ব্যবস্থা রয়েছে তাতে যদি ৩০ জন মন্ত্রী, তাঁদের পরিবার ও পোষ্যবর্গকে সিট্ দিতে হয় তাহলে তাদের কানে ব্যাথা বা নখকুনির জন্যই হাসপাতালের সিটগুলি reserve রাখতে হবে। কিন্তু আমি জিজ্ঞাসা করি বিধানবাবুকে, কেন তা হবে? আড়াই কোটি দেশবাসীর জন্য যখন যথেষ্ট সংখ্যক হাসপাতালের ব্যবস্থা করা হয় নাই। এদেশের দরিদ্র লোক হাসপাতালে একেইত ভর্ত্তি হতে পারে না। ভর্ত্তি হলেও তারা সেখানে সুচিকিৎসা পায় না। সেখানে ইঞ্জেকসন দেবার কোন ব্যবস্থা নাই। এমন কি যক্ষা বা টাইফয়েড রোগেও রোগীরা পয়সা দিলে অনেক সময় injectionএর ব্যবস্থা হয় না। আর সেখানে আজ ব্যবস্থা হতে চলেছে যাঁরা নাকি মন্ত্রী হবেন তাদের জন্য তাদের পরিবার-পোষ্যবর্গের জন্য সাধারণের অর্থে হাসপাতালে বিনা পয়সায় চিকিৎসার বন্দোবস্ত! ভাণ্ডারী মহাশয় বলেছেন বিলেত থেকে নাকি আবার Specialist আনা হবে। অবশ্য সে টাকাটা দেবে গোরী সেন। এখানে প্রধান মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি হাজার হাজার টাকা পেয়ে আপনারা যাঁরা কাজ করেন তাঁদের কথা ত আপনারা খুবই ভেবে থাকেন। কিন্তু অল্প বেতনের যারা কেরানি কিম্বা এই houseএর ভিতর যে সব আর্দালি আছেন তাঁরা কি করে সংসার চালান তা একবারও ভাবেন কি? আপনাদের শুধু চা খাবার জন্য যে ব্যবস্থা করেছেন

তা দ্বারা এখানে যাঁরা আদালি আছেন, তাঁরা সবাই প্রতিপালিত হতে পারেন একমাসের জন্য। কিন্তু আপনি তাদের জন্য কোন ব্যবস্থা করেন নি। আপনাদের জন্য সহরে ও বাইরে বাড়ী থাকবে, আর তাদের house rent মাত্র 10 per cent. যে নাকি ৩৫ টাকা মাইনে পায় তাকে মাত্র ৩৲ টাকা বাড়ীভাড়া বাবদ দিয়ে বলে দেয়া হয় কলকাতায় বাড়ী ভাড়া করে থাকতে!

আর একটা কথা, প্রধান মন্ত্রী থেকে আরম্ভ করে খাদ্য মন্ত্রী পর্য্যন্ত বলেছেন "এখানে খাদ্য যথেষ্টত আছে। দুর্ভিক্ষত দেখা দেয়নি, আসল কথা, লোকের purchasing power নাই।" এই যে ৭ লক্ষ টাকা দরিদ্র জনসাধারণের কাছে থেকে নিয়ে ছিনিমিনি খেলা হচ্চে কেন তা হবে? তাদের purchasing power বাড়ানোর জন্যই না আপনাদের নির্বাচিত করা হয়েছিল। তাদের purchasing power চেপে রেখে মুষ্টিমেয় সৌভাগ্যবান লোকের purchasing power বাড়ানোর জন্য তারা আপনাদের নির্ব্বাচিত করে নি। আমি আপনাদের challenge কোরে বলতে পারি—যান, ২৪-পরগণার হাড়োয়া, সন্দেশখালী যেখানে জনসাধারণ খেতে পাচ্ছে না। সেখানে গিয়ে তাদের মত নিন। যেখানে যেখানে মানুষ খেতে পাচ্ছে না সেখানে তাদের বলুন এবং তারপরে নির্ব্বাচন হউক। বেশী দূর যেতে হবে না আপনারা যান কলকাতার বস্তীতে যেখানে জনসাধারণ বাড়ীভাড়া দিতে পারে না। যারা ভাঙ্গা বাড়ীতে বাস করছে তাদের কাছে গিয়ে বলুন যে আমরা আমাদের জন্য কলকাতার একটা ব্যবস্থা করেছি, আর কলকাতার বাহিরে ও আর একটা ব্যবস্থা করছি। তাঁদের সকলের মত নিন। তারপরে দেখুন জনসাধারণের সমর্থন কতটা। এটা না করা অত্যন্ত অন্যায়। নির্ব্বাচিত হয়ে এই ভাবে গোবী সেনের টাকা নিয়ে ছিনিমিনি খেলা একেবারেই সমর্থন যোগ্য নয়। আমি জানি আপনারা সংখ্যাগরিষ্ঠ আছেন তাই ৩০ জন মন্ত্রী, প্রধান মন্ত্রী, ডেপুটী মন্ত্রীর বেতন ও ভাতার এ রকম ব্যবস্থা করা জনসাধারণের টাকা আত্মসাৎ করা ব'লেই মনে করি। আজ বিশেষ করে বাংলা দেশে দুর্ভিক্ষ দেখা দিয়েছে, এসময় এভাবে অর্থের যথেচ্ছ ব্যবহার বড়ই দোষের। তাই আমি স্পীকার মহাশয়ের কাছে বলছি যে এখানে এবিষয়ে সিদ্ধান্ত না নিয়ে জনসাধারণের কাছে এ জিনিষটা দেওয়া হউক। আপনারা ডেমোক্রাসির কথা বলেন গণতন্ত্রের কথা, জনসাধারণের মতের কথা বলেন। যদি তাই হয়, জনসাধারণের কাছে যান—এখানে এটা জনসাধারণ নয়। জনসাধারণ নির্ব্বাচন করেছে সত্য। কিন্তু নির্ব্বাচন করার পরে ঐ যে ভাতার ব্যবস্থা করা হয়েছে তার ফলে ৫ বৎসরের জন্য ঐ ছোট মন্ত্রীদের টাঁকিয়ে রাখার ব্যবস্থা করা হয়েছে। যখন ওদের মধ্যে কেউ অসন্তুষ্ট হবেন অমনি তাঁর জন্য হাজার টাকা বেতনের ব্যবস্থা হবে। দুটো বাড়ীর ব্যবস্থা হবে, car allowance ব'লে একটা অজানা সংখ্যার ব্যবস্থা হবে। আপনারা ভাবুন এ শুধু সাত লাখ টাকার হিসাব দেখান হয়েছে মাত্র, আরও আসছেন, এখন ত নির্ব্বাচিত হননি, মিনিষ্টার অব্ ষ্টেট এবং পার্লামেণ্টারী সেক্রেটারী এখনও নির্ব্বাচিত হন নি। তাঁরা এলে এ সাত লাখ ছাড়িয়ে কোথায় যাবে কে জানে?

মন্ত্রী মহাশয়েরা বলেন দেশের constructionএর জন্য দেশের উন্নতির জন্য সরকারের টাকা নাই। টাকার অভাবে স্কুল বন্ধ কোরে দেওয়া হচ্ছে। আজ সকাল বেলা প্রশ্ন উত্থাপন করা হয়েছিল টাকার অভাবে স্কুল বন্ধ কোরে দেওয়া সম্বন্ধে। মাননীয় প্রধান মন্ত্রী মহাশয় অর্থের অজুহাতে এশিয়ার মধ্যে সব চেয়ে বড় একটা হাসপাতাল বন্ধ কোরে দিয়েছেন। তা না হলে সাত লাখ টাকার ব্যবস্থা হয় কি কোরে? কাগজে দেখতে পাই যে ১৪ লাখ টাকার ব্যবস্থা হয়েছে। এ রকম ভাবে ব্যবস্থা করা অত্যন্ত অপরাধজনক। সেইজন্য আমি স্পীকার মহাশয়ের কাছে আবেদন করছি যে এটা জনসাধারণের মতের জন্য জনসাধারণের কাছে প্রচার করা হউক, এবং ১লা সেপ্টেম্বরের মধ্যে তাদের মত নেওয়া হউক। যদি আপনারা সত্যই জনমতকে স্বীকার ও মান্য করেন তবে এটা জনমতের কাছে ফেলে দিন। যদি তারা মত দেয় তখন সাত লাখের জায়গায় ১৪ লাখ টাকা নিন, তাতে আপত্তি করব না। কিন্তু আমি জানি সে টাকা আপনারা পাবেন না।

[12-30 to 12-40 p.m.]

Dr. SRIKUMAR BANERJEE: Mr. Speaker, Sir, it is with a profound overpowering sense of sorrow and shame that I rise to speak on the amendment of which I have given previous notice. My approach to the question is not purely arithmetical and statistical. My friends who have spoken before me have given you the whole picture in all its sordid details. I shall approach the question from the moral and idealistic point of view. Sir, it was felt that the Congress in contesting the last elections had infused into them some sense of realism, something of that patriotism which they

had once possessed. We do not grudge them their return to the House in a majority. But nobody with a sense of fairness can deny that there was a considerable element of luck and accident in the return of the Congress party in power in such great numbers. Sir, it was felt that experience of the last elections should have taught them something of that idealism which at one period marked their public life and conduct. If I may indulge in a prophecy I can say that a cataclysm of an impending revolution will sweep them off their feet and the destruction will come if they do not pay any heed to the signs of the time and do not know how to behave. They should see that they are not driven to the abyss of revolution.

But I find that like the Bourbons of the 1st Century Congress has learnt nothing and forgotten nothing. Sir, in my moments of introspection I have sometimes wondered about the value of speeches in the Houses of Legislature. What do these speeches avail or how they affect the position of the majority. On account of the rigidity of the party discipline, on account of the cementing influence of the party interests, the most eloquent speeches, the most convincing arguments do not make a single member change his mind. I know there are many members of the Congress party who feel very small because of this ignominous Bill, because of this obnoxious Bill to which their support is being sought in the interest of party discipline. I condole with them on the subject of their helplessness. Our appeal to the people of the country, our speeches in the Legislature, will not be in vain though our speeches may fall on deaf ears here. I know the arguments will not be able to penetrate the people with vested interests, the people who have stood behind to support this obnoxious Bill. But our appeal would be for the people beyond the limits of this Chamber and not for the members listening to us here. The people outside are certainly taking note of everything and they will not forgive them. May I remind them that the wheels of Providence though they grind slowly they grind sure.

The first point is that we shall have to judge the inequitousness of the Bill which is proposed to be passed. The Ministry with its huge size and its many sided implications almost looks like a multipurpose business. The number of Ministers, the variety of Ministers and the salaries demanded together make up a complex piece of calculation, an inextricable tissue of sophistry which it would be difficult to disentangle. The number of Ministers does not unfortunately depend on the vote of the House. The Premier is the undisputed arbiter in regulating the number of Ministers and he has used his discretion to an excellent advantage. Sir, the analogy of other provinces is not at all to the purpose. May I remind the Chief Minister of the analogy of Madras where the Congress party is in a minority and here it is a majority of 151 as against 80 or something like that. Yet, Sir, you find it necessary to have such a Bill to increase the number of your Ministers and to give them all sorts of extra allowances in order to make it possible for the Ministry to function. Sir, this is a very melancholy commentary on the elected representatives of Bengal. Sir, the character of the people is reflected in the character of their representatives. It has been possible for the Ministries to function in all other provinces without making the Ministry unmanageable or unwieldy in size. Why then has it been found necessary to have such a big body of Ministers in this province of ours—a truncated province of woe-stricken, famished, and famine-stricken people? That only shows the lack of a feeling of patriotism in the Hon'ble Ministers who have come forward to serve the province.

Then, Sir, the next question is the question of variety. Formerly, we had only Ministers and Parliamentary Secretaries. Now, two other varieties have been thrown in between them, namely, we have Deputy Ministers and we have Ministers of State and also we have in the offing

like the offspring of Banquo in the magic-mirror of the witches a long list of Parliamentary Secretaries waiting in queue, in file, to assume their office. Sir, the policy of the Congress is the establishment of a classless society, and the Minister in charge of Railways in the Central Government has already formulated the principle of a classless society as he has promised us to do away with the first class. But here in Bengal we are following a policy entirely contrary to the policy that is being pursued by the Central Government—a policy of having a classless society. In Bengal we are multiplying distinctions, we are improvising new Ministers of State. By the way what is the dictionary meaning of a Minister of State in a State? We can understand that there is some significance in the Central Government, in the Union Government, having a Minister of State, because Union is in contradistinction to the State but here it is a meaningless tautology to have a Minister of State in a State.

Then, Sir, there are Parliamentary Secretaries. At one time, Sir, it was thought that the Deputy Ministers would deputise for the Parliamentary Secretaries, but from the trend of events, from the whispers and conversations, from the bright and beaming faces we can very well conjecture that Parliamentary Secretaries in huge numbers will again be thrust upon us. Sir, if you want to add to the category of Ministers, I can suggest many other designations. You have Ministers defeated in the election but brought in by the back-door and they may be designated as Back-door Ministers. You have Ministers who are not at all members of this House but members defeated in the Parliament election and who have been imported on the off-chance of getting elected through a by-election. To them we will give the designation of Back-stairs Ministers. So, Sir, if you want to add to the designations, I can improve upon it and suggest two other categories in the Bill.

Sir, the Chief Minister took considerable pains to enlighten us as to the exalted motive of patriotism which led him to appoint a large number of Deputy Ministers.

[12-40—12-50 p.m.]

Sir, as a politician I cannot admire this multiplication of the number of Ministers, but as an educationist I am gratified that the principle of training colleges is going to be extended to the parliamentary field. We have a number of young hopefuls who will be trained in parliamentary ministerial work, budding and blossoming, and when the old ones will fade away the new ones will come in their place. We all admire this picturesque state of affairs. But there is one question that I want to ask: how many of these inexperienced gentlemen who are now being trained in the art of administration, how many of them would be returned to the Legislature after their first term? In the University whenever we send out a scholar for foreign education we impose a condition that he will be called upon to serve the University for a minimum period of five years. Otherwise, he will be called upon to refund the entire amount of scholarship spent on his behalf. May I inform the Deputy Ministers that the money that is being spent for their training is money invested and a return is expected? If they fail to return to the Legislature after their period of apprenticeship training, what is the guarantee that the country will profit by the immense amount of money which is now being spent on their behalf? Subject to that condition I am prepared to support their inclusion.

The next question is the various subterfuges which have been employed to add to the revenues of the Ministers. Why are they ashamed of adopting a straightforward means? Why are they afraid to face the public and say that they want Rs. 2,000 or Rs. 2,500 or Rs. 3,000? Why are they suppressing the actual fact by all sorts of dodges and indirect method, by

all sorts of cloaks and devices? Let them come to the country with honest and straightforward proposals: let them say that their merit is such, that their talent is so extraordinary that they cannot be available to the House and the country on less than Rs. 2,500 a month. Then the country will know how to make a proper appraisement of them. But if it is with the object of perplexing and bewildering the country that indirect methods are adopted instead of a direct and straightforward process, that is hardly playing the game. Because members outside the Legislature, members of the public who sent you to the Assembly will not be able to pierce their way through the maze of intricate details as to what amount you are squeezing out from the State treasury for your maintenance and for the benefit of your families. Instead of that I would ask you to come out to the people of the country and demand Rs. 2,500 or Rs. 3,000, and people will then realise what the actual position is. May I make a humble suggestion in this connection? Has this provision any bearing upon the taxable capacity fixed by the Income-tax Department? Does it mean that the legitimate incomes are to be diverted by this sort of intricate manipulation? For, if the sum had been straightforwardly put, then the income would have been taxable and some amount would have gone to the Income-tax Department.

Then, Sir, the most astounding thing is the provision of a double set of houses. Sir, why is this change of status and condition found necessary? Where does the shoe pinch? Did the Ministers of the last Cabinet turn insolvent? Did they fail to serve their country without this additional income? What cause has been made out for an additional income which the Ministers of the last Cabinet were not drawing? Has the prosperity of the country gone up? Does the food situation justify any self-complacency? Do the people feel that they have the blessings of a good Government? Do the people bless the Government for what they have done for alleviating the miseries of the common people and for easing the food situation? What is the occasion for this enhancement of salary? How has this come about? I have not heard anything from the Ministers that it was impossible for them to continue their work unless they were given this princely salary. May I ask the gentlemen, the fortunate recipients of Ministerial dignity what had been their income before they were called upon to serve their country? Are they called upon to make any sacrifices today? Does their income today compare unfavourably with their previous income so that it is necessary to tax the ratepayers to make such a deep inroad upon the Exchequer of the State in order to persuade them to take up their patriotic duty? Sir, their patriotism is tainted and tarnished with their desire for monetary gains and it is not pure uncontaminated patriotism.

Then, Sir, what is the most obnoxious clause of the Bill is free medical treatment and reservation of seats in the hospitals. Sir, they ought to be ashamed of such a monstrous proposal. In a country where thousands of people are suffering for lack of hospital accommodation, where people suffering from incurable diseases are made to move about on the roads to meet their premature death, why should the Ministers form a special class by themselves? Why should they and their families be given a special premium, dignity and prestige? Is it essential for the members of the Ministry for their functioning properly that their families also must get the privilege of free medical attendance? If they have not lost all sense of self-respect, they should repudiate this provision which has been made on their behalf. I can assure them that they will look very small before the country when people will come to know that while most of the people are being denied medical facilities they have claimed for the welfare of the State the ignominous distinction of ousting other people from hospital facilities by reserving hospital accommodation not only for themselves but also for their families. Sir, the proposition that the welfare of the State depends not only

on the welfare of the Ministers but also on the welfare of the families of the Ministers is an astounding proposition! That is an extension of the personality of the Minister and to look upon the members of the families of the Ministers as an integral part of the personalities of the Ministers! That is a monstrous proposal unwarranted by nature.

Sir, I would now appeal from Philip drunk to Philip sober, from the Congress intoxicated with power, from Congress with success to Congress wedded to poverty, wedded to sacrifice, wedded to higher ideals

[12-50 to 1 p.m.]

I am not, Sir, a partisan by profession. I am quite prepared to recognise virtues in my political opponents and I am quite prepared to pay tribute to the men of the Congress for what they have done in the past for the liberation of the country. But, Sir, past services are no compensation for the present spoliation. If you make use of your present position to squeeze and spoil the country, if you let loose upon this poor, famine-stricken province of West Bengal thirty Ministers and a number of unmentionable Parliamentary Secretaries, I can only compare it with the invasion of the locusts referred to in the Scriptures—the Egyptian pest of the locusts

I would appeal to the members of the Congress to rise superior to this temptation, to rise superior to the baits which are thrown before them to show before the country that it is patriotism that has impelled them to accept service and not lucre and profit

There is just another point. How is the gulf between the rank and file of the Congress Party and the fortunate class of men called Ministers and Deputy Ministers to be bridged? Today as you take your seat in the neighbouring benches, one step can carry you from the rank of a member to the rank of a Minister, but after this Bill is passed, after these profits have become a part of the salary of the Ministers, the gulf between a common member of the Congress and the fortunate and privileged caste of Ministers, Deputy Ministers, Ministers of State and Parliamentary Secretaries would become unbridgeable. So, Sir, I have the shrewd apprehension that something is intended for the common members of the Congress also, otherwise that would be a rank perpetuation of caste distinction. You find hospital facilities reserved for the members of the Ministry. Where is the common Congress member to go to if he wants to have hospital facilities? These will not be given to him, but some consolation prize is in the offing, some sort of compensation is contemplated. That is, Sir, what makes me feel doubly apprehensive.

So, Sir, this Bill is an outrage upon the decency and decorum of public life. This Bill is a repudiation of all that is honest and honourable. This Bill is a standing denial of that Indian ideal of disinterested service which we are never weary of quoting and referring to in our lectures and speeches but which we never follow in actual practice.

Sir, I would conclude with an appeal to the members of the Congress Party not to fall into the trap which has been prepared for them if they want to regain their influence in the country and promise for themselves a useful and honourable career in the Legislature to which they have been sent.

Sj. HARIPADA CHATTERJEE: স্পীকার মহাশয়, আমি আজকে আর বলবো না কারণ আমার অনেক কিছু বলবার আছে, আজকে মাত্র ৫ মিনিট আছে এর মধ্যে শেষ হবে না।

Mr. SPEAKER: You will continue on 23rd.

SJ. HARIPADA CHATTERJEE: স্পীকার মহাশয়, এই সভায় আমি ২।৩ দিন যাবৎ একটা জিনিষ লক্ষ্য করছি যাঁরা পূর্বে একদিন তলানিস্তন Governmentকে নিন্দা অপব্যয়ের জন্য করেছিল, আজকে তাঁরাই Governmentএর আসন অধিকার করে তাদের পূর্বেকার কথা ভুলে গিয়ে বিপরিত কাজ করছেন। আজকে সময় সংক্ষেপ, আমরা না খেয়ে একটার পর এই পরিষদে থাকতে পারবো না তাই পাঁচ মিনিটেই আমি দু'একটা কথা বলবো এবং অন্য দিন যা বলবার আছে তা বলবো। আজকে ১৯৩৭ সালের কথা আমার মনে পড়ে। তখন ফজলুল হক্ সাহেব প্রধান মন্ত্রী হিসাবে Member এবং Ministerদের ভাতা ও বেতন সম্বন্ধে একটা বিল আনবার আয়োজন করছিলেন। ১৯৩৭ সালের Assembly Proceedingsএ সেই কথা আছে এবং আমি তাই উল্লেখ করছি। তখন ফজলুল হক্ সাহেব ১১জন মন্ত্রী চেয়েছিলেন সেই কথা শুনে একটা হাসারোল পড়ে গিয়েছিল কংগ্রেস বেঞ্চে। ১১জন মন্ত্রী! আমরা একেবারে স্তম্ভিত হয়ে গিয়েছিলাম এবং এই ১১জন মন্ত্রীর প্রস্তাবে আমরা ঘোর আপত্তি তুলেছিলাম। আর আজ খণ্ডিত বাংলা তার ১।৩ অংশ। তার আবার সমস্যার অন্ত নাই। লোকে না খেয়ে রাস্তায় পড়ে তাদের ভবলীলা শেষ করছে। সে সময় শ্রীযুক্ত প্রমথ নাথ বন্দোপাধ্যায় এই আলোচনায় যোগ দিয়ে এই প্রস্তাবে আপত্তি করেছিলেন যে ফজলুল হক্ সাহেব প্রধান মন্ত্রী হিসাবে তিন হাজার টাকা মাইনে নেবেন ও অপর মন্ত্রীরা ২,৫০০ টাকা মাইনে নেবেন। কিন্তু আজ যদি হিসাব করে দেখা যায় তবে দেখা যাবে যে ১১জন মন্ত্রী সবশুদ্ধু যে টাকা নিচ্ছিল তা ৩,৩৬,০০০৲ টাকা নিতে চেয়েছিলেন। আর আজ সেই জায়গায় নানা কৌশলে--Sumptuary allowances, Car allowance, বাড়ী ভাড়া--তা আবার দুটো--ইত্যাদি ইত্যাদি করে সবশুদ্ধু ৫,৯৭,৬০০৲ টাকা চাচ্ছেন। এখন সময় নেই, পরে এ সম্বন্ধে কিছু বলবো। এর মধ্যে Secretary, Parliamentary Secretary প্রভৃতির মাইনে ধরিনি। কেবল মন্ত্রী এবং উপমন্ত্রীদের খরচ তা যোগ করে বলেছি যে ৫,৯৭,৬০০৲ টাকা খরচ হবে। তাছাড়া আরো আছে এদের Tourএর খরচও ধরিনি। বাড়ী সব furnish করা হবে তার খরচ ধরিনি। সেখানে Refrigerator থাকবে কিনা এবং আরো সব আসবাবপত্র থাকবে কিনা তার খরচ ধরিনি। এই ৩০ জনের জন্য এই সব ধরলে একটা বিরাট খরচ হবে। কিন্তু এতে আর আশ্চর্য্য হওয়ার কি আছে। খণ্ডিত বাংলায় যখন পুলিসের খরচ আগের চেয়ে পাঁচগুণ হতে পারে; একজন Secretaryর জায়গায় ৭ জন Secretary করতে হয়, সেখানে স্বরাজ যে কি রকম কাঁঠালের আমসত্ত, কি রকম সোনার পাথরের বাটি তা বেশ বোঝা যায়। আজ সমস্ত দেশ দুর্ভিক্ষের সম্মুখীন। আমরা যারা মফঃস্বল থেকে আসছি তারা জানি যে সেখানে অনেক পরিবার আছে যারা দুদিন আড়াইদিন পরপর দুটো ভাত মুখে দিতে পারছে না।

Mr. SPEAKER: There has been a slight alteration in the programme. This Bill will come up on the 23rd. The House stands adjourned till 3 p.m. on Monday.

Adjournment.

The House was accordingly adjourned at 1 p.m. till 3 p.m. on Monday, the 23rd June, 1952, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 23rd June, 1952, at 3 p.m.

Present:

Mr. Speaker (Sj. SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 12 Hon'ble Ministers, 14 Deputy Ministers and 192 members.

[3 to 3-10 p.m.]

Arrangement for distribution of seats.

Mr. SPEAKER: Honourable members, some of the members approached me in my Chamber for distribution of seats to their party groups, and in this connection I would like to state that the members who have not yet formed their groups will kindly do so and send to the Secretary the names of the members of the groups and the Whips. After that I propose to invite the leaders of the parties in my Chamber for allotment and arrangement of seats. There are some members who are fresh in the Assembly and for them I would say that the Assembly Secretariat has published a number of pamphlets dealing with parliamentary procedure and practice and the members are requested to take them from office, if they have not yet received them.

Point of Order.

SJ. BIREN ROY: On a point of order, Sir Sir, on the 13th June we had——

Mr. SPEAKER: Nothing can arise on a point of order at this stage. The West Bengal Salaries and Allowances Bill is under discussion now

SJ. BIREN ROY: That is exactly the point of order I am raising. In section 176(2) of the Constitution of India it is stated that provision shall be made by the rules regulating the procedure of the House or either House for the allotment of time for discussion of the matters referred to in such address, *i.e.*, the Governor's Address and for the precedence of such discussion over other business of the House.

Mr. SPEAKER: You are referring to the old Act.

SJ. BIREN ROY: That is the Constitution, Sir.

Mr. SPEAKER: That Constitution has been subsequently amended. Please see the latest amendment. That Article has been amended.

GOVERNMENT BILL.

The West Bengal Salaries and Allowances Bill, 1952.

SJ. HARIPADA CHATTERJEE:

মাননীয় সভাপাল মহাশয়, আমি সেদিন ১৯৩৭ সালে যখন আমরা কংগ্রেসের মধ্যে এখানে বিরোধীদল হয়েছিলাম তখন যখন "ফজলুল হক" সাহেব তিনি এই "স্যালারিজ বিল" এনেছিলেন মন্ত্রীদের তখন কি করেছিলাম সেই কথা বলছিলাম। আমি সোজাসুজি বলবো আমার বক্তৃতা দীর্ঘ করবো না। কেবল আমি যায়গায় যায়গায় যা দরকার সেটাই পড়বো। আমি খালি এইটুকু দেখাতে চাই যে "কংগ্রেস পার্টির" তরফ থেকে

আমরা সেদিন বলেছিলাম যে ৫০০, টাকার বেশী মাইনে নেবো না। আমি প্রমথনাথ বন্দোপাধ্যায়ের দীর্ঘ বক্তৃতার শেষ দিকে একটু দৃষ্টি আকর্ষণ করছি। এই ঘরেই সেই কথা হয়েছিল। সেদিন আমরা এই বাঁদিকেই বসেছিলাম। "প্লেজারী বেঞ্চ"এ সব "কংগ্রেসের" লোক ছিলেন না, "নাজিমুদ্দিন" এবং তার দলবল ছিল। আমাদের প্রমথনাথ বন্দোপাধ্যায় বলেছিলেন—

"Let the Hon'ble Finance Minister and his colleagues cast a look round—let them pause over the poverty, the illiteracy of the masses in this province, let them consider the future, let them cast a longing lingering look behind at the masses from whose moorings they have cut themselves adrift. Let them consider for a moment that this cut I propose on behalf of the Congress Party in India is the symbol of a new orientation of policy, it is the symbol of a new ideology."

এই আদর্শবাদ, এই যে "নিউ ইডিওলজির" এই কথা সেদিন ঘোষিত হয়েছিল তাই নিয়ে তদানীন্তন তখন সেদিকের যাঁরা বড় বড় সাহেব, big guns যাকে ইংরাজীতে বলে, যেমন "আবদুল বারী" তিনি যুক্তির অবতারণা করেছিলেন যে উপযুক্ত মাইনে না দিলে উপযুক্ত লোক পাওয়া যায় না। তিনি "চ্যালেঞ্জ" করেছিলেন যে কংগ্রেসের লোকেরা কি কম মাইনে নিয়ে কাজ করবে তাতে তখনই সঙ্গে সঙ্গে উত্তর হয়েছিল সেটা আমি পড়ে শুনিয়ে দিচ্ছি। "জে, সি, গুপ্ত" বোধ হয় সেদিন ছিলেন এখনও আছেন এই "হাউস"-এ। (reads) "আই সাবমিট, সার, ইফ মিঃ প্রমথনাথ ব্যানার্জি এন্ড মিঃ জে, সি, গুপ্ত আর প্রিপেয়ার্ড টু আ্যাকসেপ্ট দি মিনিষ্টারসিপ ফর রুপিজ "ফাইভ হানড্রেড" তখন আমরা সমস্বরে বলেছিলাম "ভয়েসেস ফ্রম দি কংগ্রেস বেঞ্চেস": "সাটেনলি, সাটেনলি"—এই চীৎকার করে আমরা বলেছিলাম। এখন তিনি কি করবেন তা জানি না। ("এ ভয়েস ফ্রম দি অপোজিসন": "বলেছিলেন, ভুলে মেরে দিয়েছেন।") সকলে মিলে আমরা এই চীৎকার করেছিলাম। তারপরে "লাষ্ট বাট নট দি লিষ্ট," শ্রদ্ধেয় শরৎ চন্দ্র বসু মহাশয় তখনকার দিনে তিনি কংগ্রেসের "এসেমব্লীতে" নেতা ছিলেন এবং বাইরে নেতা ছিলেন নেতাজী সুভাসচন্দ্র। অতুল্য ঘোষ সেদিন কংগ্রেসের নেতা ছিলেন না। তখন শ্রদ্ধেয় শরৎ চন্দ্র বসু যা বলেছিলেন—

"Sir, the Hon'ble Finance Minister in the course of his speech addressed a question to a member of my party. May I on behalf of the party reply to that question? The question put by the Hon'ble Finance Minister to a member of the Congress Party was this: Will the Congress Party show the way in this matter? I make this statement with the full sense of responsibility. If tonight non-Congress Hindus and non-Congress Mohammedans join the Congress Party and put the Congress Party in absolute majority, the Congress Party will accept a salary of Rs 500 per month."

শ্রদ্ধেয় শরৎ চন্দ্র বোসের সেদিনের কথা। তাঁর ব্যক্তিগত কথা নয়। একথা ভারতীয় কংগ্রেস পার্টির প্রদত্ত প্রতিশ্রুতি। মানুষের মধ্যে দুটো মানুষ থাকে, ইংরাজিতে যাকে বলে "ডুয়াল পারসোনালিটি"। "ফজলুল হক" সাহেবের মধ্যে সেইটে ছিল। অমনি লাফিয়ে উঠে বললেন যে যদি সত্যই শরৎ চন্দ্র বসু এবং এঁরা সকলে মিলে আমাদের সঙ্গে কাজ করতে পারেন তাহলে ১০০ টাকা মাইনে নিয়ে আমরা কাজ করবো। শেষে এই কথা বলবো যে আমাদের "ডাঃ বিধান চন্দ্র রায়"এর বিরুদ্ধে বলার কিছু নেই। তিনি ভারতের মধ্যে অদ্বিতীয় চিকিৎসক। তিনি তিন হাজার টাকা মাইনে নেন, না নেন, তাতে কিছু যায় আসে না। আমার মনে পড়ে জয়পুর "কংগ্রেসে"এ শ্রেণীহীন সমাজের প্রস্তাব পাশ হয়েছিল, পণ্ডিত নেহেরু, সর্দার প্যাটেলকে জিজ্ঞাসা করেছিলেন "কেয়া তলব মিলতা"। অর্থাৎ তাঁরা তলব ভুলে যেতে পারেন, আমি জানি। "ডাঃ রায়" তাঁর মাইনের কথা ভুলে যেতে পারেন। তিনি চল্লিশ বৎসর ধরে ভারতবর্ষের অদ্বিতীয় ডাক্তার। ফজলুল হক সাহেব তিনি বলেছিলেন তাঁর ১০০ টাকা হলে চলে। কিন্তু তাঁর আর একটা "পারসোনালিটি" আছে দল রাখতে হয়, না হলে দল ভেঙ্গে যাবে। অতএব সেখানে মাইনা দিয়ে ব্যবস্থা করতে হয়।

ডাঃ রায়ের মধ্যে "ডুয়েল পারসনালিটি" আছে। একটা মানুষ হচ্ছে বৈরাগ্যপূর্ণ আর একটা ভাবছে কি করে দল ভারী রাখা যায়। দল যাতে ভেঙ্গে না যায় তার দিকে সর্বদাই তাঁর দৃষ্টি রাখতে হয়। বহু মহাপুরুষ যেমন খোদাবক্স প্রভৃতি আজকে কংগ্রেসের মধ্যে, কিন্তু তাঁরাও ১৯৪৮ সালে এখানে "অপোজিসন"এ ছিলেন। তিনিও বলেছিলেন উপযুক্ত লোকের জন্য উপযুক্ত ব্যবস্থা করিতে হয়। সেদিন অন্যতম মন্ত্রী নীহারেন্দু দত্ত-মজুমদার খোদাবক্সের জবাবে বলেছিলেন "যে দেশে সাধারণ লোক শ্রমিক প্রভৃতি ৩০ টাকার বেশী মাইনে পায় না সেদেশে, মন্ত্রীদের—লোকের সেবার নামে, যদি এই প্রবৃত্তি হয়—কেবল কি করে, নিজেরা ভাল থাকবে—তা হলে কাজ কেমন হবে বুঝতেই পারেন।" অর্থের লোভ যদি তারা ছাড়তে না পারেন তা হলে কি করে হবে? তারপরে ডাঃ রায়ের ভেতরের মানুষটার বৈরাগ্য আছে তিনি সব ছেড়ে দিতে পারেন তিনি বলেছিলেন—

[3-10 to 3-20 p.m.]

Today the word desirable has to be defined. It may not be desirable in my sense what is desirable in his sense or what is eligible in his sense may not be eligible in my sense.

তারপরে বলেছিলেন—

At the same time let me remind Mr. Khuda Bukhsh that it has been one of the glories and privileges of persons in Bengal to occupy honorary and non-paying posts like Mayorship of the Calcutta Corporation and the Vice-Chancellorship of the Calcutta University, in which capacity they had to work sometimes for 5 or 6 hours a day. It is this spirit of service which has made Bengal as great as she is today. I hope and trust we will never put salary before service in any of our considerations.

এখন ১৯৪৮ সালের কথা। ইংরেজীতে একটা কথা আছে "ইটিং আপ ওয়ানস ওন ওয়ার্ডস"—নিজের কথা নিজেই হজম করে নেওয়া। ডাঃ রায় সেদিনের কথা বেমালুম হজম করে নিয়েছেন। এইরূপে "ডুয়াল পারসোনালিটি ওয়ার্ক" করছে ডাঃ রায়ের মধ্যে। "স্যালারি" কথা অন্যের গরজে। তিনি বলেছেন আমার "ক্যাবিনেট" একটা সুখী পরিবার। বাস্তবিক ফজলুল হক সাহেব দ্বারাই "হ্যাপি ফ্যামিলী" কথাটার সৃষ্টি। "ফ্রেণ্ড রেভোলুসন" কেন হয়েছিল? সকল লোক খেতে পেত না। অথচ দেশের সব কিছু সুখী মন্ত্রীমহাশয়দের জন্য যায় হত। সেই সময়কার ওপরতলার লোকের কথা "পিপল্ আর হাংগরী, লেট দেম ইট গ্রাস, মাসিয়ে মাস্ট বি হ্যাপী" জনসাধারণের অবস্থা সম্বন্ধে তাঁরা সম্পূর্ণ অজ্ঞ ছিলেন। লুই দি সিকস্টিনের রাণী বললেন "ইফ্ দি পিপল্ হ্যাভ নো ব্রেড হোয়াই ডু দে নট ইট কেক্স্"? তারা রুটি খেতে পাচ্ছে না তাহলে "কেক" খায় না কেন? "হোয়াই ডু দে নট ইট কেক্স্"? সেখানে সুখী পরিবার ছিল এই রকম। এখানেও ঠিক তেমনি অবস্থা। কেনই বা এরকম করে, এরকম লোক নিয়ে মন্ত্রিত্ব বজায় রাখা দরকার হয়? তারপর পূর্ব্বে ১৩ জন মন্ত্রী এবং ১০ জন "পার্লামেণ্টারী সেক্রেটারী" এবং এদিক ওদিক করে প্রায় ৪১ জন রেখেছিলেন যাতে ৮০ জনের মধ্যে মেজরিটি থাকে। এবারেও তাই করছেন। এ যেন কথায় আছে ১৪ হাত কাঁকুড়ের ১৬ হাত বীচি—এও হচ্ছে সে রকম। তারপর আমাদের এই বাংলা দেশের আয় মাত্র ৩৪ কোটি টাকা কিন্তু মন্ত্রিত্বের জন্য কত ব্যয় হচ্ছে? আমার কাছে একটা হিসাব আছে তা থেকে অন্যান্য দেশের তুলনায় কত বেশী খরচ হচ্ছে এই মন্ত্রিত্বের জন্য, তা থেকে দেখা যাবে। ঐ সমস্ত দেশের মাথাপিছু "পার ক্যাপিটা ইন্কাম" কত আর মন্ত্রিত্বের জন্য ব্যয় কত তা থেকে দেখাচ্ছি। "ইউ, এস, এ, জাপান, ক্যানাডা" এই সমস্ত দেশের সংগে তুলনা করে দেখাচ্ছি—

(At this stage the blue light was lit.)

Mr. SPEAKER: I have given you 15 minutes today and there are many speakers to speak.

Sj. HARIPADA CHATTERJEE:

বিস্তৃত আলোচনা করতে যদি না দেওয়া হয় তাহলে বিলটা "সার্কুলেসন"এ দেওয়া হোক।

Mr. SPEAKER: I quite appreciate your point But I have got to go by a time limit. You are an old parliamentarian and you ought to realise that

Sj. HARIPADA CHATTERJEE:

বিলের আলোচনা করতে হলে এসব কথা বলতেই হয়। আমি "ইর্‌রেলিভ্যাণ্ট" কিছু বলছি না। তবে অন্যান্য দেশের সংগে তুলনা বাদ দিলাম, কেননা সময়ে কুলাবে না।

Mr. SPEAKER: I give you five minutes more.

Sj. HARIPADA CHATTERJEE:

এসব বাদ দিলেও "টোটাল রেভিনিউ, পার ক্যাপিটা ইনকম্" কত এবং মন্ত্রিত্বের জন্য ব্যয় কত? বাংলাদেশে সব থেকে মাথা পিছু আয় কম অথচ মন্ত্রীদের খরচ সব থেকে বেশী। মন্ত্রিত্বের খরচ যেন সাদা হাতী পোষার খরচের ন্যায় হয়ে দাঁড়িয়েছে। কি সাংঘাতিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে!

(At this stage the red light was lit.)

আমার একটু বেশী সময় লাগবে তা আমি কি করবো। তা না হলে এ বিলের আলোচনা হয় না।

Mr. SPEAKER: I have got to accommodate other members also who want to speak.

Sj. HARIPADA CHATTERJEE:

পাঁচ মিনিটে শেষ করা সম্ভব হবে না। আচ্ছা আমি বলে যাচ্ছি। বোম্বেতে ১১ জন মন্ত্রী, তাঁরা কেউ ৮৫০ টাকার বেশী নেন না। "পার্লামেণ্টারী সেক্রেটারী" ৬৫০—৮৫০ টাকার বেশী পাচ্ছেন না কিন্তু এখানে প্রধান মন্ত্রীর "সেক্রেটারী" পান ২,৭৫০ টাকা। আমার "আইটেম বাই আইটেম" দেখাবার ইচ্ছা ছিল কিন্তু বাধা দেওয়ায় মুস্কিল হচ্ছে। বোম্বেতে ১৯৫১-৫২ সালে "রেভেনিউ" ছিল ৬০,৬৪,২৫,০০০ টাকা এবং ১৯৫২-৫৩ সালে ছিল ৬১,৫৪,৪৯,০০০ টাকা কিন্তু মন্ত্রিত্বের জন্য সেখানে সর্বসাকুল্যে—সমস্ত "এ্যালাউন্স" ধরে—খরচ ৬,৩৫,৭০০ টাকার বেশী নয়। এঁরা যা করছেন তাতে "পার্লামেণ্টারী সেক্রেটারী"র খরচ বাদ দিয়ে কেবল মন্ত্রী ও উপমন্ত্রীর জন্যই খরচ ১৩ লক্ষ টাকার বেশী হবে। কোথায় ৬,৩৫,৭০০ টাকা আর ৬১ কোটি "রেভিনিউ" আর এখানে ১৩ লক্ষ টাকা খরচ কিন্তু "রেভিনিউ" মোট ৩৪ কোটি। কি আর বলবো। তারপরে ইতিমধ্যেই—"এক্স-মিনিস্টার"দের বাড়ীতে হো পুলিশ পাহারা হচ্ছেই নূতন যেসব মন্ত্রী ও উপ-মন্ত্রী হয়েছেন তাঁরাও পুলিশ পাহারা চাইছেন,—আমার কাছে এ-খবর এসেছে। তারপরে এদের কত "সেক্রেটারী" আরও কত কি হবে তাতে খরচ আরও বেড়ে যাবে তা বলাই বাহুল্য। মোটের উপর যা দেখছি তাতে মন্ত্রিত্বের ব্যয় অসম্ভব বেড়ে যাবে। বৃটিশ আমলেও এমন হয় নি ১৯৪৫-৪৬ সালে অবিভক্ত বাংলায় মন্ত্রিত্বের জন্য ৭,৫৭,৪০০ টাকার বেশী খরচ পড়ে নি।

[3-20 to 3-30 p.m.]

গত বৎসর "ট্রাভেলিং এ্যালাউন্স" এক লক্ষ ১৩ হাজার টাকা, এবারে এতগুলি মন্ত্রীর সেই হিসাবে ট্রাভেলিং এ্যালাউন্স কি হবে তা বোঝাই যাচ্ছে তাহলে ব্যাপার। "পার্লামেণ্টারী সেক্রেটারী" ও অন্যান্য খরচ আমি দেখাতে পারতাম কিন্তু এত অল্প সময়ে কি করে বলা যায়। দেশের এই দুর্দিনে ডাঃ রায় তাঁর আগের কথা ভুলে গিয়েছেন, আজকে তাঁর "ডুয়াল পারসোনালিটির" পরিচয় এখানে পাচ্ছি। এখানে "ডাঃ রায়"এর কথায় বলছি "ইট ইজ্ দি স্পিরিট অফ সার্ভিস হুইচ্ হ্যাড মেড বেঙ্গল এ্যাজ গ্রেট এ্যাজ সি ইজ্ টুডে" অথচ তিনি এইসব কথা ভুলে গিয়ে "শ্যালারি"র, ভাতার কথা সামনে আনছেন, এই যে এত খরচ করছেন সেই অনুপাতে আয় বেড়েছে কি? আমাদের জনসাধারণের আয় কি ছয় গুণ বেড়েছে যে আপনারা ছয়গুণ আয় বাড়াচ্ছেন? যে "স্পিরিট অফ সার্ভিস"এর কথা তিনি বলেছেন বাংলাদেশে সে ঐতিহ্য এখনও আছে। সে জিনিষ এখনও বাংলাদেশে নষ্ট হয়ে যায় নি। বাংলাদেশের ত্যাগ ও সাধনা এখনও মানুষের অন্তরে আছে। সেই দিয়েই তারা কাজ করবে।

(At this stage the red light was shown again.)

Mr. SPEAKER: I have already given you 22 minutes and I have given you enough time. I am sorry I cannot extend it.

Sj. HARIPADA CHATTERJEE:

আমি এই একটা কথা বলেই শেষ করে দিচ্ছি। আমাদের প্রধান মন্ত্রীমহাশয় তাঁকে আমি বিনয় করে বলছি যে দেশের মধ্যে যে আবহাওয়ার সৃষ্টি হয়েছে তা বুঝে চলুন তা না হলে দেশ বিপ্লবীদের হাতে পড়বে। যাঁরা দেশের জন্য ত্যাগ করেছে জীবন দান করেছে তাদের কাজের দান বৃথা যায় নি—মরে নি। আমি এই কথা বলে শেষ করছি।

"মৃত্যুর অন্তরে পশি অমৃত না পাই যদি খুঁজে
সত্য যদি নাহি মিলে দুঃখ সাথে যুঝে
পাপ যদি না মরে যায়
আপনার প্রকাশ লজ্জায়
অহংকার ভেঙ্গে নাহি পড়ে
আপনার অসহ্য সজ্জায়।
তবে ঘর ছাড়া সবে
অন্তরের কি আশ্বাস রবে
মরিতে ছুটেছি শত শত
প্রভাত আলোর পানে
লক্ষ লক্ষ নক্ষত্রের মত।"

রবীন্দ্রনাথের ভাষায় বললাম, সত্য কথা বললাম। বুঝে চলুন নইলে আপনাদের আর সুখী পরিবার নিয়ে বেশী দিন বাস করতে হবে না।

Sj. BIREN ROY: Sir, I rise to support the motion for circulation of this obnoxious Bill. At the outset I would request the members to my left—the members of the Congress party who have been returned to this House—to think of this measure which is exploiting the name and the past deeds of the Congress. Sir, as has been pointed out by the previous speaker, there was a promise given to the electorate that they, when they accept the

reins of office, would cut down the expenditure and that they would also take up the office of Minister, Deputy Minister, or Parliamentary Secretary on a salary not exceeding Rs. 500 per month. Sir, would they now come back to their promise and explain to them the provisions of this Bill as has been clearly pointed out in this House and ask their constituents what opinion they have about the luxury of this kind of ministerial salary in this country and give us their reaction? That will be the real test, and that is why I support this motion for circulation.

Sir, I need not dwell on the various points regarding statistics. But this much I can say that in this truncated province which is now one-third of the previous Bengal we cannot and should not have a Ministry costing approximately four times the expenditure of what we had previously. That means that it would be actually twelve times the cost of administering the previous province of Bengal.

Sir, this West Bengal is gradually going to be a preserve—an exclusive preserve, I would say—of Dr. Roy and his coterie; and it is for this purpose that this Bill has been brought to make practically one of every five members of the Congress party either a Minister or a Deputy Minister or a Parliamentary Secretary. It may be raised very soon to one in two of the members having such a job in this province.

Now, Sir, I would ask you and the members on the other side as to whether it is corruption or nepotism, and if it is not, what it is: and it is for them to explain. Dr. Roy two years ago, I think in 1950, stated in this Assembly speaking on Deshmukh's Award of Rs. 69 crores that Bengal was allotted out of the sums which were collected from surplus income-tax and other fees, that that was meant for pre-partition Bengal and therefore the sum was reduced to Rs. 26 crores. That means that he could not make out a case that there would be so many problems and handicaps and because of that he has to expand the Ministry with so many people. But he could not explain then that with all these problems and other things anything more could be had for this province from the award of Rs. 69 crores which was reduced to Rs. 26 crores. I would ask him whether he would explain now that he needs more money for his expanded Ministry and for the training school of ministership for persons who may not have been returned here. Sir, this has never been heard of anywhere in any other province. It has also been pointed out by other members that any other province which is bigger than this province has got lesser number of Ministers at lesser cost. I do not know, Sir, what peculiar problems we have that we should have with the idea of sacrifice and spirit of service that they profess from the Congress side, that they should have to be paid more. Sir, even during the British regime, when we called them white elephants, the expenditure on ministerial side and administration was much less. Sir, I may be allowed to quote from one of the interviews that Mahatma Gandhi had with a famous American correspondent, Mr. Price. He practically called him a thief. He said: "Nature provides enough to satisfy the wants of all men. Therefore if some have more than they can immediately use, they are thieving it from those who have not enough." "In India," Mahatma Gandhi said, "we have millions of people who have to be satisfied with one meal a day; you and I have no right to anything that we really have until those millions are clothed and fed. We must adjust our wants and undergo voluntary privation in order that they may be nursed, fed and clothed."

Now, to the exclusion of these millions we have seen that the administrators or the representatives of these millions are going to be provided with better nursing facilities and food and clothing. Is that the reason why they have been brought here or sent here as representatives to be nursed, clothed and fed in the name of Mahatma Gandhi?

[3-30 to 3-40 p.m.]

Now, Sir, I ask also these honest Congressmen who are going to rush through this Bill and those of Dr. Roy's group who are going to enjoy its fruits—and specially, Sir, one of the most prominent Gandhiites now in our midst Sj. Jadabendra Nath Panja—are they not feeling shame that this Bill should ever have been brought before this House? Do they not think that they are insulted now that their approval is being sought to this atrocious Bill of exploiting the famished, unclothed and unsheltered people of this unfortunate suffering province?

Sir, I would not take much time. Dr. Roy is a very successful man. He started his career as a medical practitioner and he reached the top, but at that time also he made money on suffering and sickness. Now, he has also become a great businessman. He certainly is an intelligent man—many of us are not so intelligent. He has earned money, but still he is with the business group and this group is exploiting him, and now, Sir, he and his coterie have got a political group. It is in the name of the Congress, but the ideals of the Congress have got nothing to do with it. It is becoming a group of the Congress who are going to control the reins of this province for practically a long time to come. That is why to rope in as many people as possible this Bill has been brought.

Sir, a warning should be given.

All right Sir, I have to stop as you direct.

[3-40 to 3-50 p.m.]

Sj. SUBODH BANERJEE:

স্পীকার মহাশয়, কংগ্রেসমন্ত্রিসভার তরফ থেকে যে "ওয়েষ্ট বেংগল স্যালারিজ এন্ড এ্যালাউয়ান্সেস বিল, ১৯৫২" আনা হয়েছে, যে কোন স্বদেশপ্রেমিক বাংগালী মনে করবে যে এটার দ্বারা সারা বাংলাদেশের প্রতি একটা অশ্রদ্ধা আনা হয়েছে। একথা এই জন্য বলব যখন সারা বাংলাদেশের দুঃস্থ জনসাধারণ অভাবাক্রান্ত, যখন এই ২৪-পরগণার বিভিন্ন স্থানে লক্ষ লক্ষ লোক না খেতে পেয়ে মারা যাচ্ছে, সেখানে সরকার জয়নগর থানার দুর্ভিক্ষপীড়িত লোকদের সাহায্যকল্পে "টেষ্ট রিলিফ"-এর জন্য ৩৫ হাজার টাকা "স্যাংসান" করেও অর্থাভাবের ওজুহাতে মাত্র ১০ হাজার টাকা খরচ করে কাজটা বন্ধ করে দিয়েছেন, যেখানে আজ জলের অভাবে লোক মরে গেলেও অর্থের অভাবের ওজুহাতে তাদের এক ফোঁটা জল দেবার ব্যবস্থা হতে পারে না, সেই বাংলাদেশে কংগ্রেসী সরকারের মন্ত্রীদের আজ হাজার হাজার টাকা এইভাবে নেয়াটাকে আমি মনে করি—সারা বাংলার জনসাধারণের প্রতি অশ্রদ্ধা দেখানো। আমি মনে করি এই বিল যদি পাশ হয় বাংলাদেশের অধিবাসী মাত্রেরই সেটা অপমানের বিষয় হয়ে দাঁড়াবে। মন্ত্রীরা মুখে বলেন "র‍্যাসানালাইজেসন," কিন্তু কাজের বেলায় দেখা যায় কি? সরকার অসহায় মধ্যবিত্ত কেরাণী দুঃস্থ শ্রমিকদের "র‍্যাসনালাইজেসন"এর নামে ছাটাই করে চলেছেন, আর দিনের পর দিন মন্ত্রীর সংখ্যা বাড়িয়ে ১৩ থেকে ৩০এ উঠিয়েছেন, দুদিন বাদে "পার্লামেণ্টারী সেক্রেটারী" এবং "মিনিষ্টার অফ ষ্টেট" নিযুক্ত হলে পর সংখ্যাটা ৪০এ কি ৫০এ দাঁড়াবে বলতে পারি না। সুতরাং মন্ত্রীরা মুখে যা বলেন, কাজে করেন তার উল্টা। তারপর "এফিসিয়েন্সী রেজ"-এর কথা মধ্যবিত্ত কেরাণীর বেলায়, শ্রমিকদের বেলায়, কিন্তু মন্ত্রীদের বেলায় নয়। তাঁদের সংখ্যা ক্রমশঃ বেড়েই চলেছে। সুতরাং স্পষ্টই দেখা যাচ্ছে—দেশের সাধারণ লোকের প্রতি এক আইন, আর মন্ত্রীদের নিজেদের বেলায় অন্য আইন। তাই, আসলে এটা আইন নয়,—আইনের নামে নিজেদের পকেটভর্ত্তির চেষ্টা ছাড়া একে আর কিছুই বলা যায় না। শুধু তাই নয় কংগ্রেসী সরকার মুখে বলেন "কার্টেলমেণ্ট অফ এক্সপেণ্ডিচার"এর কথা, কিন্তু কাজের বেলায় দেখছি "কার্টেলমেণ্ট" না হয়ে "এক্সপেণ্ডিচার" দিন দিন বেড়েই চলেছে। শুধু পশ্চিমবংগেই নয়, কংগ্রেসী সরকারের অধীন বিভিন্ন জায়গায় এই খরচ বেড়ে চলেছে। তার ওপর মন্ত্রীদের খাতে "এক্সপেণ্ডিচার" বিশেষরূপে বেড়ে চলেছে। শ্রীযুত হরিপদ বাবু দেখিয়েছেন—রায় মন্ত্রিমণ্ডল ঐ বাবদ গতবারে ৫ লক্ষ টাকার মতন খরচ করেছেন, আর এবারে প্রায় ১০ লক্ষের মতন খরচ করবেন। এই ত খরচ কমানোর নমুনা!! খরচ কমানোর প্রশ্ন ওঠে শ্রমিকের বেলায় আর মধ্যবিত্ত কেরাণীর বেলায়, আর মন্ত্রীদের বেলায় বেড়েই চলে! একে ধাপ্পাবাজী ছাড়া আর কিছুই বলা চলে না। যদি ওঁদের সামান্য চক্ষুলজ্জাও থাকত তাহলে ওঁরা নিজেদের কোলের দিকে এই ধরণের ঝোল টানতে পারতেন না।

তারপরে "হাউস রেণ্ট"। সাধারণতঃ সরকারী কর্ম্মচারীরা তাদের "স্যালারি"র "টেন পারসেণ্ট হাউস রেণ্ট" পেয়ে থাকেন, আর মন্ত্রীর বেলায় হবে কি! প্রধান মন্ত্রী মাইনে পাবেন ১,২৫০ টাকা কিন্তু "হাউস রেণ্ট" পাবেন ৩৫০ টাকা আর অন্যান্য মন্ত্রীরা পাবেন ২৫০ টাকা করে। এটা অবশ্যই যে "টেন পারসেণ্ট"এর অনেক বেশী, তা কংগ্রেস দলের সকলেই জানেন তবুও তাদের এই দাবির সমর্থনে "পার্টির মেম্বার" হিসেবে দলের "হুইপ" অনুযায়ী ভোট দিতে হবে। তা জেনেও আমি ওঁদের দিকে তাকিয়েই বলবো—যারা মাত্র ৫০ কি ৫৫

টাকা মাইনে পায়, তারা পাবে "টেন পারসেন্ট" আর যাদের বেতন হচ্ছে হাজার টাকা, ১,২০০ টাকা, তাঁরা পাবেন ২০ পারসেন্ট কি ৩০ পারসেন্ট, একেই কি বলে আইন? আমিত ভেবে পাচ্ছি না—একে কি আইন বলব—রাম-রাজত্বের আইন, না সত্যযুগের জয়তের উপর প্রতিষ্ঠিত আইন?

আর একটা ব্যাপার হচ্ছে—মন্ত্রীদের সরকারী খরচায় চিকিৎসার ব্যবস্থা। এ পর্যন্ত কোন সরকারী কর্ম্মচারীর যে সরকারী খরচায় চিকিৎসা হয়, তাত আমরা জানি না। বাংলা সরকার কোন কর্ম্মচারীর চিকিৎসার খরচ দেন কিনা জানি না, দেন না বলেই জানি। সাধারণ কেরাণীদের আজ এমনই অবস্থা যে পরিবারে একটা কঠিন রোগ হলেও একজন বড় ডাক্তার দেখাবার সুযোগ পর্যন্ত পায় না। আর তা পাওয়ার দরকারই বা কি,—তাদের ত আর কোন "সোসিয়াল ষ্ট্যাটাস" নাই,—যত "ষ্ট্যাটাস" সব ঐ মন্ত্রীদের!! সেইজন্যই তাঁদের জন্য সরকারী খরচায় চিকিৎসার ব্যবস্থা হচ্ছে, যার ফলে তাঁদের কারো যদি 'নখকুণী' হয় তাহলে সুইজারল্যান্ড থেকে বিশেষজ্ঞ চিকিৎসক আনানো চলবে। এবং এর বিরুদ্ধে যদি কেউ কিছু বলে, তা হ'লে সে হচ্ছে দেশের শত্রু! আজ দেশ মানে—জন কয়েক মন্ত্রীর দল—যারা নাকি বড়লোকের একদম অন্তরঙ্গ পেটোয়া; আমাদের দেশের "বিগ বিজিনেস"এর মুখপাত্র, বাংলাদেশ শোষণকারী বড়বাজারের চোরাকারবারীদের দিকে তাকিয়ে তাদের পকেটভর্ত্তির জন্য আজ এই ধরণের বিল আনা হয়েছে। সুতরাং এই বিল যদি এখানে পাশ হয় তাহলে বলব—নিরন্ন মধ্যবিত্ত কেরাণী, শ্রমিক ও দুর্ভিক্ষপীড়িত বাঙ্গালীর প্রতি নির্ম্মম অপমান করা হবে। এই "হাউসকে" তাই আমি অনুরোধ করব আপনারা যেন এই ধরণের একটা অন্যায় বিলকে সম্পূর্ণরূপে পরিত্যাগ করেন।

এ বিষয়ে আর একটা কথা ওঠে, সে কথাটা হচ্ছে এই যে এতকাল ধরে ওঁরা "পয়েন্টিং টু দি গভর্নমেন্ট বেঞ্চেস" বলে এসেছেন, ওঁদের অনেক বক্তৃতায় শুনেছি—যে ভারতবর্ষের আদর্শ হচ্ছে "প্লেন লিভিং এ্যান্ড হাই থিংকিং"। কিন্তু আজ এই "এসেমব্লি হাউস"এ এই বিল পাশ করিয়ে কংগ্রেস পার্টি নিশ্চয়ই দেশবাসীকে বলে দিচ্ছেন, যারা অসহায়, অভাবগ্রস্ত, যারা নিরন্ন, স্ত্রীপুত্রকে খেতে দিতে না পেরে মারা যাচ্ছে তাদেরই জন্য হচ্ছে "প্লেন লিভিং এন্ড হাই থিংকিং"। আর মন্ত্রীদের জন্য হলো "হাই লিভিং এন্ড প্লেন থিংকিং"।

সুতরাং যদি দেশের স্বার্থের কথা কেউ চিন্তা করে যদি কেউ সত্যিকারের দেশকে ভালবাসেন, যদি নিজেকে এদেশের দরদী হিসাবে পরিচয় দেন তাহলে যে কথা মুখে বলেন সে কথা কাজেও দেখাতে হবে। ডাঃ রায় "প্লেন লিভিং এন্ড হাই থিংকিং"এর কথা বলেন, তাঁকে নিজেকে দেখাতে হবে আমি "প্লেন লিভিং" করি। কিন্তু আমরা দেখি তাঁরা "হাই লিভিং এন্ড প্লেন থিংকিং" করছেন। দেশের জনসাধারণের পকেট কেটে, পেট কেটে, এঁদের পেট ভরাচ্ছেন। আমি জানি না যে একথা "পার্লামেন্টারী" কি না। তবে আমার মনে হয় এই ধরণের বিলের নাম দেওয়া উচিত "গাঁট কাটার বিল", দুঃস্থ মানুষের টেঁকে একটি পয়সাও না রেখে শোষণের বিল। এই বিলকে চালু করার মানে হচ্ছে সেই সম্প্রদায়কে, সেই শক্তিকে সমর্থন করা যে শক্তি দেশের লোকের বুকের উপর বসে তাদের গলা টিপে নিজেকে ভর্ত্তি করবার চেষ্টা করছে একেবারে সারা দেশকে জাহান্নমে পাঠাবার চেষ্টা করছে।

SJ. AMBICA CHAKRABARTY:

মাননীয় স্পীকার, স্যার; আমি ভারতের নূতন যে "রিপাব্লিকান কন্‌স্টিটিউসন" সেই "কন্‌স্টিটিউসন"এর প্রথম পশ্চিম বাংলা বিধান পরিষদে বক্তৃতা করতে এসে আজ অনেক কথাই আমার মনে পড়ছে; আমার মনে পড়ছে গান্ধীজীর কথা, আমার মনে পড়ছে সেই শহীদদের কথা, যাদের আত্মত্যাগের উপর নির্ভর করে এই মন্ত্রীরা ভুঁড়ি মোটা করে এসে বসে আছেন। আজকে আমার আরোও মনে পড়ছে আগষ্ট আন্দোলনের সেই সমস্ত শহীদকে যাঁরা কংগ্রেসের পতাকা তলে আত্মোৎসর্গ করেছেন। মন্ত্রীরা এই বিল এখানে উপস্থিত করার সংগে সংগে আমার এই সমস্ত কথা মনে পড়ছে। আর মনে পড়ছে সেই ১৯৪৭ সালের আগষ্টের কথা, যেদিন বৃটিশ সাম্রাজ্যবাদের কাছ থেকে এদেশের ধনিক শ্রেণীর প্রতিনিধিরা ক্ষমতা হাতে নেওয়ার জন্য জনসাধারণের সংগে বিশ্বাসঘাতকতা ক'রে এই গদীতে বসেছেন। আর কথা হচ্ছে এই যে আমাদের মন্ত্রীরা বলছেন যে স্বাধীন দেশের বাজেট এখানে উপস্থিত করা হবে, "রিপাব্লিকান ইণ্ডিয়ার" বাজেট এখানে উপস্থিত করা হবে। কিন্তু এই মন্ত্রীরা ভুলে যাচ্ছেন "রিপাব্লিকান ইণ্ডিয়ার" স্বাধীন ভারতের স্বাধীন বাংলার জনসাধারণের দাবীকে। আজকে আমাদের লজ্জায় ঘৃণায় মাথা হেঁট হয়ে যায় যখন দেখি রামরাজ্যের নামে এঁরা কি করছেন। আজকে কোথায় স্বাধীন ভারতের মহাত্মা গান্ধীর আদর্শ, এই স্বাধীন ভারতে যেসমস্ত শহীদরা আত্মত্যাগ করেছে সেই কানাইলাল, ক্ষুদিরাম, সূর্য্য সেন, প্রদ্যোত, সতেন তাদের আদর্শ কোথায়? কোথায় সেই শহীদদের ছবি? কিন্তু যখন আমি এই "এ্যাসেমব্লি" ঘরে ঢুকি তখন দেখি পঞ্চম জর্জ্জের ছবি টাংগান আছে। মহাত্মা গান্ধীজীর পর্যন্ত একখানা ছবি নাই এখানে, কেন? তাই আজকে যে বাজেট উপস্থিত করা হয়েছে এ কাদের বাজেট, কার স্বার্থে এ বাজেট করা হয়েছে? তা বুঝতে পারা যায়। সমালোচনা কাদের দেবো, লজ্জা কাদের দেবো—এঁদের লজ্জা নাই। তাই নির্লজ্জের মতন মন্ত্রীদের বেতনের বাজেট হয়েছে ৬ লক্ষ টাকার উপরে।

Mr. SPEAKER: You should speak about the Bill and not about the Budget.

SJ. AMBICA CHAKRABARTY:

আজকে মন্ত্রীদের বেতনের যে বিল উপস্থিত করা হয়েছে সে বিল দেখে বাংলার জনতা বিক্ষুব্ধ হয়েছে সে খবর মন্ত্রীরা রাখেন না। মন্ত্রীরা তো পুলিশ পাহারায় থাকেন জনগণের মধ্যে যাওয়ার তাদের সাহস নাই।

এই "এসেম্‌ব্লি হাউসের" চারি পাশে দেখছি শত শত পুলিশ পাহারা আমাদের নিরাপত্তার জন্য। আমরা নিরাপত্তা চাই না। এই ভুঁড়িমোটা মন্ত্রীদের নিরাপত্তার জন্য এই পরিষদে পুলিশ পাহারা দিচ্ছে; তাই দেখছি জনসাধারণের মনোভাব বুঝে এই মন্ত্রীদের বেতনের বিল উপস্থিত করা হয় নি। যদি মন্ত্রীদের বেতনের এই বিল জনসাধারণের সম্মতি নিয়ে উপস্থিত করা হতো তাহলে আমি চ্যালেঞ্জ করে বলতে পারি তারা কখনই সম্মতি দিত না। তাঁরা এই বিল উপস্থিত করে যদি আবার নির্ব্বাচিত হবার জন্য জনসাধারণের সামনে দাঁড়ান তা হলে আমি চ্যালেঞ্জ করে বলতে পারি তাঁদের পরাজয় অনিবার্য্য।

Dr. BIDHAN CHANDRA ROY:

একটু আস্তে বলুন না।

Sj. SUBODH BANERJEE:

কথার শলাকা আপনার কানে দেওয়া হচ্ছে।

Mr. SPEAKER: Order, order.

Sj. AMBICA CHAKRABARTY:

ব্রিটিশ আমলে যে সমস্ত বড় বড় বৃটিশ অফিসার ছিল তাদের আজকেও মোটামোটা পেন্‌সন দেওয়া হয়। এবং এখনও অনেকে সরকারী কাজে নিযুক্ত আছেন। ইণ্টেলিজেন্স ব্রাঞ্চ অফিসারদের নির্দ্দেশ অনুসারেই আজকে আমাদের শাসনকার্য্য পরিচালনা হচ্ছে।

আজকে এই পরিষদে এই মোটা টাকার বিল উপস্থিত করা হয়েছে অথচ এদিকে বাংলার লোক খেতে পায় না। বাংলার লোকেরা দুর্ভিক্ষের হাহাকারে মরছে আর ৭ লক্ষ টাকার জন্য মন্ত্রী বেতনের এই বিল উপস্থিত করা হয়েছে। সেদিন "নেশানেল হেরাল্ডের" সম্পাদক চীন দেশ ভ্রমণ করে বলেছেন যে চীন দেশের মন্ত্রীরা বেতন পান ৫০০ টাকা মাত্র আর সে দেশের সাধারণ লোকের নিম্নতম বেতন ১০০ টাকা। আর আমাদের দেশের মন্ত্রীদের বেতন আর সাধারণ কর্ম্মচারী, ওয়ার্কার বা শ্রমিকদের বেতন কত সেটা একবার ভেবে দেখুন। আর আমাদের দেশের মন্ত্রীরা সাধারণ কর্ম্মচারী, ওয়ার্কারস্‌ ও শ্রমিকদের চেয়ে কত বেশী বেতন পাচ্ছেন সেটাও একবার দেখুন। এই রামরাজ্যের ইতিহাসে আমরা দেখতে পাই এই বাংলাদেশে যে সমস্ত কর্ম্মচারী ও কেরাণী আছেন, তাঁদের বহু ধরাধরির পর মাত্র পাঁচ কি দশ পার সেণ্ট মাইনা বেড়েছে, কিন্তু মন্ত্রীদের বেলায় এক লাফে তিনশো পার সেণ্ট বাড়ল। অবিভক্ত বাংলায়, সমস্ত বাংলার শাসনকার্য্য পরিচালনার্থে মন্ত্রীদের জন্য ব্যয় হত দু-তিন লক্ষ টাকা, এখন সেটা বেড়ে সাত লক্ষ টাকা হতে চলেছে। এর কারণ কি? এর একমাত্র কারণ হচ্ছে যে তাঁরা জনগণের প্রতিনিধি নন। আমি চীন দেশের কথা বলছি, সেখানকার মন্ত্রীদের বেতন পাঁচশো টাকা মাত্র। তার কারণ সেখানকার মন্ত্রীদের সংগে সেখানকার সাধারণ লোকেরা মেলামেশা করতে আসে। চীন দেশের মন্ত্রীরা সাধারণ শ্রমিক, কৃষক, মধ্যবিত্তদের সংগে মিলেমিশে আলাপ-আলোচনা করে থাকেন। কিন্তু, আমাদের মন্ত্রীরা যান ঐ মাউণ্টব্যাটেন সাহেব, তাঁর স্ত্রী ও তাঁর মেয়ের এবং অন্যান্য সব এ্যামেরিকান্‌দের কাছে। তাঁদের সংগে করেন ঘোরাফেরা, আমোদপ্রমোদ, খানাপিনা। সুতরাং তাঁদের এই মোটা টাকা বেতনের ব্যবস্থা করতে হয়েছে। ("এট দিস চেঞ্জ দেয়ার ওয়াজ ডিসটারবেন্স ইন দি হাউস, ভয়েস ফ্রম গভর্ণমেণ্ট বেঞ্চ": বসে পড়ুন বসে পড়ুন)।

Mr. SPEAKER: Order, order, please.

Sj. AMBICA CHAKRABARTY:

তাঁরা (মন্ত্রীরা) যদি জনসাধারণের প্রতিনিধি হ'তেন তাহ'লে জনসাধারণের স্বার্থের প্রতি দৃষ্টি রেখে এই বিল তৈরী হ'ত। তাঁরা জনসাধারণের স্বার্থ দেখেন না, তাঁরা শুধু বৃটিশ সাম্রাজ্যবাদ বিরলা-টাটা ধনিক শ্রেণীর দিকে লক্ষ্য রেখে চলেন,—সেইজন্যই তাঁদের এই মোট বেতনের প্রয়োজন হয়েছে। মন্ত্রীরা আমাদের মত গরীব নন, ডাল-ভাত খান না, জনসাধারণের সেবায় তাঁদের আমাদের মত যেখানে সেখানে ঘুরে বেড়াতে হয় না, সুতরাং তাঁদের এত বেতনের কি প্রয়োজন? তাঁরা ইচ্ছা করলে, বিনা বেতনে মন্ত্রিত্ব করে একটা আদর্শ স্থাপন করতে পারতেন। আমাদের গভার্ণর সাহেব যেটুকু আদর্শ দেখিয়েছেন, সেটুকুওত তাঁরা দেখাতে পারেন। কিন্তু তা তাঁরা দেখাবেন না। এই টাকা পাবারত আরও অনেক উপায় আছে, সেই সমস্ত করলেই হ'ত, এই উপলক্ষটা ছেড়ে দিয়ে। কিন্তু সেটা যে তাঁরা ভুলে গিয়েছেন তা নয়। চারিদিক থেকে টাকা নিয়ে পকেটে পুরবেন সেই উদ্দেশ্যেও তাঁরা ত্যাগ করতে পারবেন না।

আমি প্রথমেই বলতে চাই যে গান্ধীজীর আদর্শকে অবমাননা করা হয়েছে এই বিল এনে। গান্ধীজীর যে আদর্শ ছিল সেই আদর্শে যদি এই বিল রচিত হ'ত তাহলে জনগণের কিছু বলবার থাকত না। গান্ধীজীর আদর্শ নিয়ে আজ চীন দেশে মন্ত্রিত্ব গড়ে উঠেছে, সেখানকার মন্ত্রীদের মাইনা মাত্র পাঁচশো টাকা করা হয়েছে। ("ভয়েস ফ্রম গভর্ণমেণ্ট বেঞ্চ":—খালি চীন, চীন করছেন কেন? সেদেশে গিয়ে একবার দেখে আসবেন, সেখানকার কি ব্যবস্থা।

Mr. SPEAKER: Order, order.

[3-50 to 4 p.m.]

Sj. AMBICA CHAKRABARTY:

আমি জোর করে বলব আজকে এই বিল এনে গান্ধীজীর আদর্শের অবমাননা করা হয়েছে।

বক্তৃতা আর বেশী বাড়াব না, আমার যা বক্তব্য সেটা সংক্ষেপে বলছি। আজ দেশের লোক খেতে পাচ্ছে না, চিকিৎসা পাচ্ছে না, আর সেই সময় নূতন মন্ত্রীদের শিক্ষানবিশীর জন্য মোটা টাকা ব্যয় করা হচ্ছে। মন্ত্রীদের জন্য ভাল চিকিৎসা ও হাঁসপাতালের বন্দোবস্ত করা হচ্ছে।

("এ ভয়েস ফ্রম দি ট্রেজারী বেঞ্চ":—আপনি অনেক বলেছেন বসুন) ("লাফটার"।) আমি একথা বলাতে দেখতে পাচ্ছি ট্রেজারী বেঞ্চ থেকে হাস্য উঠেছে, গণ্ডগোল হচ্ছে। এই বিলে মন্ত্রীদের জন্য গাড়ী থেকে আরম্ভ করে ঘর, বাড়ী, হাঁসপাতাল, টাকা সব কিছুর ব্যবস্থা হয়েছে, কেবল একটা জিনিষ হয় নি; সাঁতাই যদি সেটার ব্যবস্থা হ'ত তাহ'লে তাঁদের সব আপশোষ মিটে যেত। সেটা হ'ল মন্ত্রীদের মধ্যে অনেকে চিরকুমার আছেন, তাঁদের বিয়ের খরচের বন্দোবস্ত করা। ("লাফটার"।) মন্ত্রীদের বিয়ের খরচও যদি জনসাধারণের কাছ থেকে নেবার ব্যবস্থা হ'ত তাহলে আরও চমৎকার হ'ত। বুড়া মন্ত্রীরা যাতে বিয়ে করতে পারেন তার বন্দোবস্ত যদি করতেন তাহলে এই বিল একেবারে সর্ব্বাঙ্গ সুন্দর হ'ত। ("হিয়ার হিয়ার লাইট ওয়াজ লিট"।) মাননীয় স্পীকার মহাশয়, আমি লালবাতির জন্য আর অপেক্ষা করব না। আমি চাই মন্ত্রীদের ঘরে লালবাতি জ্বলুক।

Mr. SPEAKER: Your time is up, Mr. Chakrabarty.

Sj. AMBICA CHAKRABARTY:

আমি জোর করে বলব আজকে এই বিল এনে গান্ধীজীর আদর্শের অবমাননা করা হয়েছে।

আর আমি সময় নেব না, আর যা বলবার আছে, তা আমি পরে বলব।

Sj. SATINDRA NATH BASU:

পশ্চিম বাংলার বিধান সভার মাননীয় স্পীকার মহাশয় এবং পশ্চিম বাংলার এই হাউসের নব নির্ব্বাচিত বন্ধুগণ—

Mr. SPEAKER: Order, order. You cannot address the members. You can only address the Chair.

Sj. SATINDRA NATH BASU:

আজ যে বিল এখানে উপস্থিত করা হয়েছে তার প্রধান আলোচ্য বিষয় হ'ল মিনিষ্টার, ডেপুটি মিনিষ্টার, স্পীকার, চেয়ারম্যান এবং পার্লামেণ্টারী সেক্রেটারী—এঁদের কত মাইনা ও কত ভাতা দেওয়া হবে। মিঃ স্পীকার স্যার, ১৮-১৯ তারিখে আমরা যখন এই পশ্চিম বাংলার বিধান সভায় যোগদান করি, তখন আমরা সকলে শপথ গ্রহণ করেছিলাম, এবং যে মর্ম্মে শপথ গ্রহণ করেছি সেটা হচ্ছে—"আই ডু সোয়ার ইন্ দি নেম অফ গড দ্যাট আই উইল বিয়ার ট্রু ফেথ এ্যান্ড এ্যালিজিয়ান্স টু দি কন্‌ষ্টিটিউসন অফ ইণ্ডিয়া এটসেট্‌রা" এবং সেই অনুসারে আজকে যে বিল এখানে এসেছে, সে কন্‌ষ্টিটিউসন-এরই একটা অঙ্গ করে। সেই কন্‌ষ্টিটিউসন-এর ১৬৪(৫) এণ্ড ১৮৬ আর্টিকলস্-এ বলা আছে মিনিষ্টার, ডেপুটী মিনিষ্টার, স্পীকার, ডেপুটী স্পীকার প্রভৃতির কত স্যালারি হবে। এবং সেইটাই আজ আমরা এখানে বসে নির্দ্ধারণ করছি।

আমাদের প্রত্যেকের স্মরণ করা উচিত, যে "কন্‌ষ্টিটুয়েন্সি" থেকে আমরা এখানে উপস্থিত হয়েছি তার ঠিকমত কাজ করতে পারছি কি না। আমাদের সব সময়ই দেখতে হবে সেই "কন্‌ষ্টিটুয়েন্সির" রূপ দেওয়া। অনেকে অনেক কথা বলেছেন—মহাত্মা গান্ধীর কথা স্মরণ করিয়ে দিয়েছেন। আমি আপনাদের আবার একটা জিনিষ স্মরণ করিয়ে দিচ্ছি, সেটা স্মরণ করিয়ে দিচ্ছি কারণ আপনাদের মধ্যে এখানে অনেকেই মহাত্মা গান্ধীর কথা বলেছেন এবং তিনি স্বরাজ প্রতিষ্ঠা করবার জন্য তার যে দায়িত্ব সে সম্বন্ধে তিনি কি বলেছেন তা আমি আপনাদের বলছি, তিনি বলেছেন—

[4-0 to 4-10 p.m.]

Mahatma Gandhi in his memorial and memorable expression called "Swaraj" or "Ramraj" says, "By political independence I do not mean an imitation of the British House of Commons or the Soviet Rule of Russia or the Fascist Rule of Italy or the Nazi Rule of Germany. They have systems suited to their genius. We must have ours suited to ours. What that can be is more than I can tell. I have described it as Ramraj, *i.e.*, sovereignty of the people based on pure moral authority."

Mr. SPEAKER: No such extensive quotations are allowed.

Sj. SATINDRA NATH BASU:

Again he says, "According to me the Constitution of India and, for the matter of that, of the world, should be such that no one should suffer from want of food and clothing. In other words everybody should be able to get sufficient work to enable him to make two ends meet and this ideal can be

universally possible when and if the means of production of the elementary necessaries of life remain in the control of the masses. These should be freely available for all as God's air and water are or ought to be——"

এই আলোচনা করেছেন। আমরা যে "কনষ্টিটিউসন"। তৈরী করেছি এবং তার মধ্যে আমাদের যে "ফাণ্ডামেণ্টাল রাইট" আছে এই "কনষ্টিটিউসন"কে রূপ দেওয়ার জন্য, সেইরূপ দেওয়ার জন্যই আমরা এখানে উপস্থিত হয়েছি। এটা অস্বীকার করি না যে দেশ এখনও গড়ে উঠে নাই। কিন্তু যদি আমাদের এই বাংলা দেশকে সুজলা সুফলা বাংলাদেশ করে গড়ে তুলতে হয় তাহলে আমাদের এই মন্ত্রীসংখ্যা বৃদ্ধি করা ও তাদের বেতন বাড়ানর দরকার আছে। যদি এই দেশের পরিবর্তন চান ও এই দেশের সত্যিকারের রূপ দিতে চান তাহলে এই মন্ত্রীদের দরকার আছে। ("এ ভয়েস" মোটেই দরকার নাই।) আমাদের দেশকে বড় করে গড়ে তুলবার জন্য যে "ফাইভ ইয়ার্স স্কীম" আছে সেইটা স্বার্থক করে তোলার জন্য এই বিলের দরকার আছে। এই বিলের "অবজেক্টস এণ্ড রীজনস্"এর মধ্যে এবং "গভর্নর"এর "স্পীচ"এর মধ্যে বলা আছে যে এই মন্ত্রীদের আবশ্যক আছে। আমাদের বঙ্কিমচন্দ্রের বন্দে মাতরম্ সংগীতে, সুজলা সুফলা বাংলা দেশের কথা বলা আছে এবং তাঁরই কল্পিত মা যা ছিলেন এবং মা যা হবেন সেই স্বপ্নকে রূপায়িত করবার জন্যই আমরা এখানে সমবেত হয়েছি। সুতরাং আমি আশা করি যে আপনারা পুরাতন কাসুন্দি আর ঘাটবেন না, ঘাটলে অনেক কথাই শুনতে হবে। এইটা সার্থক করে তুলতে হলে আমাদের মন্ত্রীদের দরকার আছে এবং এই বিল এখানে আনা হয়েছে। সেইজন্য এই বিল আমি সম্পূর্ণ সমর্থন করছি। আমি এই কথা বলছিলাম যে এই "কনষ্টিটিউসন"কে রূপ দেওয়ার আমাদের চেষ্টা করা দরকার। আমাদের বাংলা আইন সভা হয়েছে এবং আমরা আমাদের জনসাধারণকে যাতে উদ্বুদ্ধ করতে পারি, যাতে বাংলা দেশকে সুজলা সুফলা দেশে পরিণত করতে পারি সেইজন্যই আমরা এখানে এসেছি।

(At this stage the blue light was lit.)

(ভয়েসেস: আর কেন বসে পড়ুন, বসে পড়ুন।)

মন্ত্রীদের নিয়োগ এবং ব্যয়বাহুল্য সম্বন্ধে অনেকেই অনেক কথা বলেছেন। আমি এখানে সে সম্বন্ধে দুএকটা কথা বলবো। আমার বন্ধু "ডক্টর ব্যানার্জি" এই বিলের বিরোধিতা করেছেন।

কিন্তু তিনি যখন এর আগে "ক্যালকাটা ইউনিভার্সিটি"র মধ্যে ছিলেন এবং অনেকদিনই সেখানে ছিলেন, তখন তিনি জানতেন যে "ক্যালকাটা ইউনিভার্সিটি প্রায় সতের লক্ষ টাকার বিগ ডেফিসিট"এ চলছিল, কিন্তু তখনতো তিনি একথা বলেন নি যে তিনি বেতন নেবেন না বা পয়সা কম নেবেন। আমাদের বন্ধু ভাণ্ডারী-মহাশয় যখন মন্ত্রী ছিলেন তখনও ঐ বাংলা দেশের এই সমস্ত সমস্যাই ছিল কিন্তু তখনও তিনি বলেন নি যে তিনি বেতন নেবেন না। তাই এই সমস্ত অবান্তর কথা না বলে যদি আমরা এই দেশকে সুজলা সুফলা করে তুলতে চাই তাহলে আমাদের এই সমস্ত পুরাতন কথা না বলে নূতন নির্বাচনের পর নূতন "কনষ্টিটিউসন" অনুসারে আমরা যে "আর্টিজিয়ান্স" নিয়েছি তাকে আমাদের সার্থক করে তোলা দরকার।

(At this stage the red light was lit.)

এই কথা বলে আমি এই বিল সমর্থন করছি।

SJ. DASARATHI TAH:

মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে পশ্চিম বাংলার বিধানসভায় আমরা প্রথম প্রবেশ করে কার্য পরিচালনায় অগ্রসর হয়েছি। এই আইনসভার আইন-কানুন, নির্দেশ ও শাসনে অভ্যস্ত নই সেই জন্য আমাদের কোন ক্ষেত্রে ত্রুটি হলে আপনি মার্জনা করে নেবেন। শ্রীযুক্ত চারুচন্দ্র ভাণ্ডারী মহাশয়ের সংশোধনী প্রস্তাব সমর্থন করবার জন্য এবং "ডাঃ রায়ের" যে কুখ্যাত প্রস্তাব তার বিরোধীতার জন্য দাঁড়িয়েছি। অধ্যক্ষ-মহাশয়,—বিরোধী পক্ষের বিভিন্ন বক্তা বিস্তৃত আলোচনার মধ্য দিয়ে যে সমস্ত তথ্যের ও অংকের কচকচানি উপস্থিত করেছেন আমি তার পুনরাবৃত্তি করে আমার বন্ধুদের ক্লিষ্টিভাজন হতে চাই না। আমি শুধু দুএকটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে পশ্চিমবঙ্গের প্রধানমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায়, তিনি ভারতবর্ষের মধ্যে সর্বাপেক্ষা ক্ষুদ্র রাজ্যের প্রধানমন্ত্রী হয়ে ভারতবর্ষের অন্যান্য বৃহত্তর প্রদেশের মন্ত্রীর সংখ্যার চেয়ে এখানকার সংখ্যা বাড়িয়েছেন এবং তাঁর অনুকূলে যে সমস্ত যুক্তির অবতারণা করেছেন, তাতে তাঁর প্রতি আমার যে ধারণা ছিল সে ধারণার পরিবর্তন হয়েছে। আমার ধারণা হয়েছিল যে অবাবস্থার সময় হয়ত শাসন ব্যবস্থার গোলমাল হতে পারে কিন্তু নূতন সংবিধানে, নূতন নির্বাচনের পর তিনি স্থির-মস্তিষ্কে কংগ্রেস-বিঘোষিত নীতি অনুসারে বাংলাকে সমৃদ্ধিশালী করবার জন্য ত্যাগের পথে নিয়ে যাবেন। সেদিন স্পীকার নির্বাচনের পর মুখ্যমন্ত্রী মহাশয় যে ভাষণ দিয়েছিলেন যে বাংলা আজকে যা ভাবে সমগ্র ভারত তার পরে ভাবে। এই আদর্শ স্থাপন করবার জন্য এই বিভক্ত বাংলা দেশে যদি ৩০ জন মন্ত্রীর দরকার হয় এবং এই পথ যদি সমগ্র ভারত অনুসরণ করে তাহলে বলতে হবে যে ভারতবর্ষের দুর্দিন এসেছে এবং বাংলা দেশও অন্যান্য প্রদেশের চেয়ে পিছিয়ে পড়বে। অধ্যক্ষমহাশয়, তিনি আমাদের কাছে বলেছেন যে, এই সমস্ত উপ-মন্ত্রী, তাদের তিনি "ট্রেনিং" দিচ্ছেন। আমাদের বর্ধমানে একটা মটর গাড়ীর "ট্রেনিং ক্লাস" আছে। তাদের গাড়ীর উপর লেখা থাকে "সাবধানে পথ চল" এবং যারা "ট্রেনিং" নেয় তাদের নিজেদেরই বেতন দিতে হয়। এখানে ডাঃ রায় যে "ট্রেনিং ক্লাস" খুলেছেন সেখানে এই সব শিক্ষানবিশীদের শুধু বেতন নয় তাও এবং

সব রকম সুবিধা জনসাধারণের অর্থ দিয়ে করে দিয়েছেন। এই মন্ত্রী ও উপ-মন্ত্রীর সংখ্যার কথা আগে শুনেছিলাম কিন্তু তখন এটা বিশ্বাস করতে পারি নি, যখন সত্য সত্যই দেখলাম তখন অবাক হয়ে গেলাম একে তো সারা দেশে দুর্নীতিতে ছেয়ে গিয়েছে, সমস্ত জিনিষের দর বেড়ে চলেছে সেগুলি কমাবার দিকে দৃষ্টি নাই। আবার বাংলাতে মন্ত্রীর উপর উপ-মন্ত্রী খাড়া করে চলেছেন। আবার এখানে এসে দেখছি যে বি এখানে উত্থাপিত করা হয়েছে তার মধ্যে আছে "মিনিস্টার অফ ষ্টেট", আবার "পার্লামেণ্টারী সেক্রেটারী' আমরা গ্রাম্য লোক "মিনিস্টার" বুঝি, "ডেপুটী মিনিস্টার", বুঝি। তারপর যেগুলি হচ্ছে তাতে মনে হ যে বাকী যে কয়জন কংগ্রেসী আছেন তাঁরা হয়ত সকলেই একটা না একটা সাব-ডেপুটী, "মিনিস্টার"—মুন্সে মিনিস্টার, ল-ইয়ার মিনিস্টার হয়ে যাবেন এবং এইটা হয়ে গেলেই তাদের উদ্দেশ্য সফল হয়। আমরা পল্লীগ্রামে লোক, আমরা চাই আমাদের দেশের জিনিসের দর কমুক, চোরাকারবারী বন্ধ হক। এই কাজে আবশ্যক মন্ত্রী বেতন দিতে আমরা রাজী আছি। কিন্তু এই যে উপমন্ত্রী, "মিনিস্টার অফ ষ্টেট", "পার্লামেণ্টারী সেক্রেটারী ইত্যাদি ইত্যাদি নিয়োগ করছেন এটা অত্যন্ত দুঃখের ও লজ্জার কথা।

আমি আর বেশী সময় নেব না, এ বিষয়ে লম্বা বক্তৃতা দিয়ে লাভ নেই, "ডেপুটি মিনিস্টার" নিয়ে সম্বন্ধে প্রধানমন্ত্রী মহাশয় বলেছেন,—তাদের নাকি ট্রেনিং দিচ্ছেন,—কিন্তু আমি বলবো—যে বিপুল প্রাপ্তি ব্যবস্থা তাদের জন্য করা হচ্ছে—তাতে যাঁরা নতুন এসেছেন—তাদের স্বভাব খারাপ হয়ে যাবে। (লাফ্টার এ নয়েজ) শেষে হয়ত তাঁরা ডেপুটী ঝি রেখে বসবেন যে (লাফ্টার) জনগণের সঙ্গে কোন জায়গাই তাদের সংযো থাকবে না। তাই আমি ডাঃ রায়কে বলছি—এখন দেশের যা অবস্থা তাতে তাঁর ঔষধে আর কাজ হবে না আমরা এখন দৈবের শরণাপন্ন হচ্ছি। এই চোরা আইনের বিরুদ্ধে দণ্ডায়মান হবার জন্য মহাত্মা গান্ধি নির্দেশিত, করাচি কংগ্রেসের নির্দেশিত নীতি অনুসারে যারা সবচেয়ে বেশী মাইনে চান তাদের নিতে হবে খুব কম, নামমাত্র বেতন। "ডেপুটি মিনিস্টার" নামটা বজায় থাক্ ঐ নামেই তাঁরা বহাল থাকুন কিন্তু তাঁর যেন সাধারণ মাইনে নিয়ে দেশের সেবা করেন। আমি ওঁদের সাবধান করে দিচ্ছি,—যদি এই অন্যায় বেত গায়ের জোরে পাশ করে দেন, দেশ ইহা কোন দিনই বরদাস্ত করিবে না। ভোটের জোরে যদি আমাকে গা ধরিয়া প্রস্তাব পাশ করা হয়, আমি কিন্তু রজকের বসন বহন করিব না।

[4-10 to 4-20 p.m.]

Sjkta. MANIKUNTALA SEN:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলখানা যাঁরা এনেছেন, আমি জানিনা, পশ্চিমবঙ্গের জনমতের সঙ্গে তাঁদের কতটুকু পরিচয় আছে। তা যদি থাকত, তাহ'লে—এই বিল ইতিমধ্যে বাংলা দেশে যে ঘৃণা বিতৃষ্ণা সৃষ্টি করেছে, তাতে তাঁরা নিজেদের এই গাড়ীবাড়ীর আরামবিলাসিতা ও এই স্বর্গসুখের পরিকল্পনা থেকে একটু বাস্তব জগতে এসে, কান পেতে তাদের কথা শুনে এই বিলটা প্রত্যাহার করতেন। অবশ্য জনমতের কথা বলে এখানে কোন লাভ নাই। কারণ নির্বাচনের সময় ওঁরা জনসভায় বড় বেশী যান নাই, সাহস ছিল না বড় জনসভায় যেতে পারেন নি। জনসভার কাছে ওঁদের বক্তব্যও কিছু ছিল না, আর "ইলেক্সন"এর পরে তে নয়ই। এখানকার জনসাধারণের অবস্থা ওঁরা কোথায় বসে শোনেন এবং কোথায় বসে দেখেন তা জনসাধারণ অবশ্য জানে না। যাঁরা একসময় কংগ্রেস আন্দোলন করেছিলেন, যাঁরা সেই সময় জনমতের দাম দিতেন, তাঁর এখানে সংখ্যায় ক'জন এসেছেন জানি না। খুব সম্ভব বেশী আসেন নি। যাঁরা এসেছেন—তাঁরা জনমতের সঙ্গে পরিচিত ছিলেন বলে মনে হয় না, তাহলে যাঁরা বিল এনেছেন তাঁদের তাঁরা একটু সতর্ক করতেন—এই বিলটা আনা সম্পর্কে। আমি ত বিশ্বাস করতে পারি না যাঁরা জনসাধারণের প্রতিনিধি হয়ে আসেন তাঁর জনসাধারণের কথা চিন্তা করবার আগে নিজেদের কথা কি করে চিন্তা করবেন। অবশ্য যদি জনসাধারণের সঙ্গে তাঁদের যোগাযোগ থাকত তাহলে এই সভার প্রথম অধিবেশনে এই রকম একটা অস্বস্তিকর আবহাওয়া হয়ত তাঁরা সৃষ্টি করতেন না। সর্বপ্রথমে তাঁদের বিল উপস্থিত হতো জনসাধারণের সম্পর্কে, নিজেদের সম্পর্কে নয়। বেশীদূরে যেতে হবে না, শিশুকল্যাণ সংসদ থেকে শিশু চিকিৎসার অভিজ্ঞ জন কতক ডাক্তার তার মধ্যে ডাঃ ক্ষীরোদ চৌধুরীও আছেন, একটা প্রস্তাব পাঠিয়েছেন প্রধান মন্ত্রীমহাশয়ের কাছে, যে আমাদের দেশের শিশুরা দুধের অভাবে মারা যাচ্ছে, বিশেষ করে গরীব ঘরের শিশুরা, বস্তীবাসীদের শিশুরা শ্রমিকদের শিশুরা, স্বল্পবেতনভোগী পিতামাতার শিশুরা দুধের মুখ জীবনে যারা দেখে নাই, তাদের জন কম মূল্যে দুধের ব্যবস্থা করা হোক। আমাদের দেশে শিশু মৃত্যুর, শিশুর স্বাস্থ্যহীনতার কারণ তাদের দুধের অভাব, পুষ্টিকর খাদ্যের অভাব—একথা কিন্তু তাঁরাও অস্বীকার করবেন না এ শুধু ডাঃ ক্ষীরোদ চৌধুরীর কথা নয় প্রধানমন্ত্রীরও কথা। তার কারণ তিনি এক সময় দেশের প্রধান চিকিৎসক ছিলেন, দরদী চিকিৎসক বলেও তাঁর খ্যাতি ছিল। আজকে সরকারী চক্রে পড়ে কি বলবেন জানি না, কিন্তু একথা হয়ত অস্বীকার করতে পারবেন না, যে মানুষের সমাজে শিশুর অভাব সবচেয়ে আগে পূরণ করতে হবে। শিশুর দুধের ব্যবস্থা সবচেয়ে আগে হতে হবে,—যাঁরা এখানে প্রতিনিধি উপস্থিত আছেন তাঁরা কি এ কথায় অস্বীকার করতে পারেন? যদি এইটুকু ব্যবস্থা করার কথা তাঁরা চিন্তা করতেন তাতে খুব বেশী কিছু খরচ হতো না,—কারণ শিশু কল্যাণসংসদ শুধু এই প্রস্তাব করেছেন যে—চার আনা কি ছ' আনা দরে রেশন কার্ডে গরীব ঘরের শিশুদের দুধ দেবার ব্যবস্থা করা হোক। এটা খুব শক্ত ব্যাপার কিছু নয়, এই কলকাতার আশেপাশে যে দুধ তাই যোগাড় করেই এটা কিরা চলে। মিউনিসিপাল মার্কেটগুলিতে এ বিষয়ে সামান্য কিছু ব্যবস্থা আছে কিন্তু সে ৷৶০ আনা সের দরে বিক্রয় হয়। অনেক গরীব বাপ-মা সে দুধ কিনে তাদের শিশুদের খাওয়াতে পারেন না। শিশুদের জন্য এই ব্যবস্থাটা করতে কিছু টাকা খরচ হত। কলকাতার বস্তীবাসীরা ধন্যবাদ দিত। কেন তাঁরা সর্বপ্রথম সেই টাকা মঞ্জুর করবার জন্য বিল উপস্থিত করলেন না? সে-বিলকে

আমরা অভিনন্দিত করতাম, বাইরে জনসাধারণ ধন্যবাদ দিতেন। কিন্তু তাঁরা বাংলার মানুষের জন্য কি সুব্যবস্থা করবেন জানি না, বিশ্বাস করতে ভরসা হয় না। একটা "জেস্চার" হিসাবেও বাংলার সাধারণের জন্য এই ব্যবস্থাটা নিজেদের জন্য ব্যবস্থার আগে করতেন তাহলেও বোঝা যেত। তারপরে এখানে এই বিল আসবার আগে একটা অশুভ যোগাযোগ চোখে পড়লো। এই বিলটা বোধহয় মন্ত্রীমহাশয়রা খুব উচ্চকণ্ঠে সমর্থন করতে লজ্জা করেন, সেই জন্য গৌরচন্দ্রিকাটা হয়ে গেল আমাদের এখানকার "কন্সটিটিউসনাল হেড" বা কর্তার দ্বারা। মাননীয় রাজ্যপালের বক্তৃতার আলোচনা এখনকার আমার বক্তব্য নয়। কিন্তু এই মন্ত্রীদের সম্পর্কে, ডেপুটী মন্ত্রীদের সম্পর্কে গুণগান করা এবং তাদের এই বেতন ভাতা এবং রাহা খরচ ইত্যাদি সমর্থনকারী ভূমিকা রচনা করে যাওয়া, এটা তাঁর বক্তৃতায় কেন এল বুঝতে পারলাম না। এটা একটা অশুভ যোগাযোগ বলেই আমার মনে হয়। এই "মিউচুয়াল ব্যাক্ স্ক্র্যাচিং" উপভোগ করার বিষয় হত যদি না এর সঙ্গে পশ্চিম বাংলার লক্ষ লক্ষ ক্ষুধিত জনসাধারণের মুখের গ্রাসের প্রশ্নটা জড়িয়ে যেত। এই বিলটা এই হাউসে আসার পরে সমস্ত হাউসের আবহাওয়াটা কুৎসিৎ করে দিয়েছে, লোভ ও স্বার্থের নগ্ন চেহারায় এখানে যে অসহ্য অবস্থা সৃষ্টি করেছে তাতে যেন মানুষের দম বন্ধ করে দিচ্ছে। কিন্তু তথাপি আমরা জানি যে এই বিল পাশ হবে। এই বিলের জন্য তাঁরা টাকা সংগ্রহ করবেন নানান্ জায়গা থেকে নানান্ রকম ভাবে তারও সূচনা দেখতে পাচ্ছি। ছোট ছোট "রেস্টুরেণ্ট"ওয়ালাদের কাছ থেকে টাকা আদায় করে চাওয়ালাদের উপর ট্যাক্স বসিয়ে টাকা পূরণ তাঁরা করে নেবেন। তাদের নিজেদের আয় বাড়ান দরকার, সেজন্য স্বল্প বেতনের মানুষের আয়ের উপর ছোবল না মারলে কোথা থেকে সে টাকাগুলি আসবে। সুতরাং সে ছোবল মারা বিলগুলি আসবে পরে পরে। এইভাবে জনসাধারণকে পীড়িত করে, নিজেদের বিলাসিতার জন্য, তাদের স্বল্প আয়ের উপর এই বিলাসিতার বিলটার ভার চাপানোর অর্থ আমি ত বুঝতে পারি না। আমি অনুরোধ করবো এখানে যাঁরা "কংগ্রেস বেঞ্চ"এ আছেন, তাঁরা যখন হাত তুলে এই বিল সমর্থন করবেন তখন আমি তাঁদের একবার স্মরণ করতে অনুরোধ করবো যেখানে যেখানে যাঁরা "ভোট" নিয়ে এসেছেন, যে সব বস্তী থেকে, যে সব বস্তী-বাসীদের কাছে তাঁরা "ভোট"এর জন্য গিয়েছিলেন, সেই সব বস্তীবাসীদের চেহারা তাঁরা একটু স্মরণ করবেন। যখন তাদের কাছে ফিরে যাবেন কি কৈফিয়ৎ দেবেন। তারা আপনাদের মুখের দিকে চেয়ে আছে। গ্রাম থেকে যাঁরা এসেছেন সেখানে গ্রামবাসীদের উপবাসী মুখের কথা একটু চিন্তা করতে বলবো। কালকে আমি বাগনানে গিয়েছিলাম, হাওড়া জেলায়। সেটা একটি দুর্ভিক্ষপ্রপীড়িত এলাকা; ঘাটতি এলাকা। সেখানে চালের অসম্ভব দর, চাষীরা চাল খেতে পায় না। তারা হাঁ করে তাকিয়ে আছে মন্ত্রীসভার দিকে, তারা তাদের জন্য কি করবে, আইনসভা তাদের জন্য কি করবে। কিন্তু এই আইনসভা যে বিল এনেছে এটা যখন তাদের কাছে পেঁছাবে তারা হাত তুলে আশীর্বাদ না করে অভিশাপ দেবে। সেখানকার চাষীদের সঙ্গে কথাও বলেছি। তাদের প্রতিনিধি হয়ত এখানে আছেন, "কংগ্রেস" বেঞ্চেতে আছেন। সেখানকার পানচাষীদের সঙ্গে কথা করে দেখেছি তাদের রোজগার কমে গিয়েছে, চাল ঘরে নেই, পান বিক্রী করে তার পয়সায় চাল কেনে, কিন্তু পানের বিক্রী কমে গিয়েছে। মানুষের পান বিড়ি কিনে খাওয়ার ক্ষমতাটুকুও নেই। যখন "ভোট" দেবেন এই বিলের পক্ষে, তখন সেই পানচাষীদের মুখগুলি একটু কল্পনা করবেন, স্মরণ করবেন। সেখানকার মুসলমান মেয়েরাও রোজা করে আমার কাছে এসেছিলেন, তাদের আমি চোখে দেখে এসেছি, রোজার পরে ফিরে গিয়ে একটু চিনির সরবৎ খাবেন সে পয়সা ঘরে নেই। তাদের খেটে খাওয়ার বন্দোবস্তও, জীবিকার্জনের বন্দোবস্ত এই সরকার আজ পর্যন্ত করেন নি। কালও করবেন কিনা জানি না। আইনসভার বাইরে আমরা যখন তাদের সম্মুখে যাই তারা যখন খাবার চায়, আমরা হাঁ কোন জবাব দিতে পারি না। আমি আবার অনুরোধ করবো কংগ্রেসী যাঁরা ঐ "বেঞ্চে"এ বসে আছেন একবার তাদের কথা স্মরণ করুন। চীন দেশের মন্ত্রীদের মাইনে সম্পর্কে আমার পূর্ববর্তী বক্তা শ্রীযুক্ত অম্বিকা চক্রবর্তী বলেছেন। সেখানকার মন্ত্রীরা বেতন পান ৫০০ টাকা আর কর্মচারীদের ন্যূনতম বেতন ১০০ টাকা।

Mr. SPEAKER: You need not repeat what Mr. Chakraborty has said.

Sjkta. MANI KUNTALA SEN:

আচ্ছা। মন্ত্রীরা এত মাইনে, বাড়ী ভাড়া, গাড়ী ভাড়া, কেন নেন? এত বিলাসিতা কেন? আর প্রত্যেকেরই ত প্রায় গাড়ীবাড়ী আছে। "গভর্ণমেণ্ট"এর কাছ থেকে কি না নিলে হয় না। আর আপনাদের মাইনা ছাড়াও অনেক দিক দিয়ে রোজগার আছে। সুতরাং এ দিকে আর দৃষ্টি কেন? তা ছাড়া একটা বাড়ীতে সন্তুষ্ট নয়, আর একটি করে বাগান বাড়ীর প্রয়োজন। মন্ত্রী হলেই কি বাগান বাড়ীর প্রয়োজন? জনসাধারণ যেখানে ৩৫ টাকা রোজগার করে সেখানে তাদের প্রতিনিধি হয়ে আপনারা এত বিলাসিতা চান্ কেন। জনসাধারণের মন্ত্রীমণ্ডলী একে বলা যায় না।

Demonstration before the Assembly House.

[4-20 to 4-30 p.m.]

Sj. SUBODH BANERJEE: Sir, a procession from famine-stricken areas has come to represent their case in the Assembly. I request that the House should be adjourned now.

Sjkta. MANIKUNTALA SEN:

আমি অনুরোধ করবো "হাউস"এর বক্তৃতা এখন একটু স্থগিত রেখে জনসাধারণের বক্তব্যের প্রতি একটু কান দিন, দৃষ্টি দিন। জনসাধারণ আপনাদের জন্য অপেক্ষা করছে তাদের বক্তব্য বিষয় না শুনে আমি এখানে বক্তৃতা "কণ্টিনিউ" করতে পারি না। আমি অনুরোধ করবো সমস্ত সদস্যগণকে, যে তাঁরা জনসাধারণের বক্তব্য শুনুন এবং এখানে বসার চাইতে ওদের বক্তব্য শুনলে এ বিল সম্বন্ধে ধারণা পরিষ্কার হয়ে আসবে।

SJ. BIBHUTI BHUSAN GHOSAL:

এই অবস্থার মাঝখানে আমরা আর বসে থাকতে পারি না। এই অসুস্থ আবহাওয়াকে আরও অসুস্থ করে তোলার জন্য আমরা এখানে বসে থাকতে পারি না। যাঁরা এসেছেন তাঁদের কথা শুনবার জন্য "হাউস" আধ ঘণ্টা—"হাউস এড্‌জোর্ন" করে "আগ্নি সিচুয়েসন্"কে "সেভ্" করা উচিত। প্রধানমন্ত্রীকে অনুরোধ করছি যাঁরা "ডেপুটেশন" এনেছেন তাঁদের সামনে গিয়ে একবার দাঁড়ান তা না হ'লে এই অসুস্থ আবহাওয়ার মধ্যে আমরা নিজেদের মনকে স্থির করে রাখতে পারি না এবং "হাউস"এর কাজও চলতে পারে না।

Mr. SPEAKER: That is no concern of the House. The House has to consider the matter which is before it.

একেবারে সমস্ত তাঁতীদের বংশ পরিবার সমস্ত "ডেস্টিটিউট"এ পরিণত হয়েছে। শুধু বাংলায় নয় সমস্ত দেশেই যে কুটীর শিল্প ছিল, বাংলা দেশে ছোট ছোট যে কুটীর শিল্প ছিল তার অস্তিত্ব যখন লোপ হয়ে গেল তখন তাদের চিতা রচনা করবার জন্য একজন মন্ত্রীর প্রয়োজন হবে কুটীর শিল্পের। বাংলা দেশে যারা লুণ্ঠিত, যারা শোষিত তাদের আরো লুটে এবং শোষণের ভার নেবার জন্য এক দিকে বিভাগ তৈরী হয়, মন্ত্রী তৈরী হয়, "অফিসার" তৈরী হয়, সমস্যা মেটাবার জন্য নয়—অভাব মেটাবার জন্য নয়, কমাবার জন্য নয়; সমস্যার নাম করে নিজেদের উদর পূর্ত্তি করার জন্য। এইটিই হচ্ছে গিয়ে এখনকার এক মাত্র নীতি। এর ভিতর দিয়েই চলেছে এই সমস্ত মন্ত্রীগণ। যদি ডাক্তার বিধানচন্দ্র রায়, তিনি যদি এতগুলি দপ্তরের ভার নিতে পারেন তাহলে আর দুজন কি তিন জন মন্ত্রী নিলেই সমস্ত কাজ হয়ে যায়; আর দুচার জন "সেক্রেটারী" নিলে পরেই কাজ হয়ে যায়; তাহলে বাংলা দেশের লোক একটু নিঃশ্বাস ফেলে বাঁচতো আশীর্ব্বাদ করবে বিধানচন্দ্র রায়ের শেষ করুক বৎসরকে। তিনি এক সঙ্গে দুটো "কম্বাইন্ডারি প্রিন্সিপলস" পরস্পর বিরোধী নীতি চালাচ্ছেন, এক দিকে তিনি বলছেন যে কাজ বেড়ে গিয়েছে কাজের সুবিধার জন্য আমার আরো মন্ত্রীর দরকার এবং কাজ বিভাগ করে দিতে হবে। অন্য দিকে ঠিক তার বিপরীত। তিনি আসলে কাজ কাকেও দিতে ভরসা পাচ্ছেন না। "ফাইনান্স্ মিনিষ্ট্রী" কাকে দেওয়া যায়? বাংলা দেশের ধনিকের দল চটে না যায়। তাদের বিশ্বস্ত মন্ত্রী হতে পারে এরকম লোক কয়টা আছে। তাঁর বন্ধু নলিনীরঞ্জন সরকার মহাশয় অসুস্থ এবং এবার আর নির্ব্বাচনের মুখোমুখি দাঁড়াতে সাহস পান্ নি। আর যে দুই একজন আছেন তাদের প্রতি বিধান রায় ভরসা পান্ না। অতএব এই সমস্ত মন্ত্রীর তাদের তিনি ত দিতে পারেন না; কাজেকাজেই নিজেকে নিতে হয়। "এডুকেশন্ মিনিষ্টার" তাঁর হেরে গিয়েছে। মন্ত্রী হারা হয়ে কতক্ষণ চালাবেন। এরকম বহু কাজের ভার তিনি স্বয়ং নিয়েছেন। যদি সমস্ত মন্ত্রীর নিতে পারতেন, এবং শুধু "পার্লামেন্টারী সেক্রেটারী" দিয়েই কাজ চালাতে পারতেন তাহলে বোঝা যেত যে একটা নীতি তিনি অনুসরন করছেন। একদিকে তিনি সমস্ত কাজকে "কন্সেন্ট্রেট" করছেন নিজের ঘাড়ে আর অন্যদিকে কাজ বেড়ে গিয়েছে বলে বহু মন্ত্রী নিচ্ছেন। তিনি বলছেন যে এই সব উপমন্ত্রীদের দিয়ে বাংলা দেশের জনগণের সঙ্গে সংযোগ রাখবেন, যেহেতু বহু মন্ত্রী মারফৎ তাঁরা জনগণের বক্তব্য শুনতে পাবেন। আহা কি দরদ জনগণের প্রতি "ডাঃ বিধানচন্দ্র রায়"এর কি অপূর্ব্ব দরদ! এই জনমতের প্রতি কি অগাধ তাঁর বিশ্বাস! কি "ডেমোক্রেসী "ডাঃ রায়"এর, যে যেসমস্ত মন্ত্রী পরাজিত হয়েছেন যাদের ৫ বৎসরের কাজের বহর দেখে, বাংলা দেশের জনগণ তাদের বিশ্বাসের পাত্র নয় বলে তাদের বিরুদ্ধে রায় দিয়েছে, তাদের তিনি মনোনয়ন দিলেন। এটা যে কোন রাজনৈতিক দলের পক্ষে একটা ঘোরতর কলঙ্কের কথা। কিন্তু যদি বা মনোনয়ন দেওয়া হল তাঁরা ফিরে আসবার পর তাদের আবার মন্ত্রীর পদে, শুধু মন্ত্রী নয় আবার সেই "পোর্ট ফোলিয়ো"তে বসান হল; "কুড মিনিষ্টার" ছিলেন, আবার সেই "কুড মিনিষ্টার", "লেবার মিনিষ্টার" যাকে প্রত্যাখান করেছে বাংলা দেশের শ্রমিকের দল, তাঁকে আবার নিয়ে এসে সেই "পোর্ট ফোলিয়ো"তে বসান হল। ডাক্তার বিধানচন্দ্র রায়ের স্পর্দ্ধা যে বাংলার জনগণের মতামতকে তিনি এক বিন্দুও মর্য্যাদা দান করেন না। এইরকমভাবে এই দুজন লোককে কেন মন্ত্রী করার মানে তিনি কি বলতে চান যে বাংলার জনসাধারণের মতামতকে তিনি মানেন্। তিনি বলতে চান এইরকম বহু মন্ত্রীর ভিতর দিয়ে বাংলা দেশের সংস্পর্শে আসতে চাইছেন, "লিঙ্ক" তৈরী করছেন। "লিঙ্ক"ই বটে, কিন্তু হাত দিয়ে নয়, "লিঙ্ক উইথ দি লেগ্" বাংলার জনমতকে তিনি সম্পূর্ণ পদাঘাত করছেন। এইরকমভাবে এই সমস্ত পরাজিত মন্ত্রীকে আবার মন্ত্রীর আসনে যে বসান তার মত স্বেচ্ছাচারী তার মত গণতন্ত্র বিরোধী কেউ হতে পারে না। বাংলার জনগণের সঙ্গে বহু সংযোগ স্থাপন করবার জন্য ৩০।৩৫ জন মন্ত্রী, উপ-মন্ত্রী সাঙ্গপাঙ্গ তৈরী করেছেন, বহু টাকা নিচ্ছেন; এ জনমতের জন্য নয়, বাংলার জনসাধারণের মতামত নেবার জন্য নয়; মতামতকে তিনি থোড়াই "কেয়ার" করেন। তিনি বলেছিলেন যে আমি যা বুঝি সেই নিয়ে চলবো, কেন না পিছনে বাঁরিলা প্রভৃতি ভগবানরা আছে। অতএব তারা বাঁচির এ জায়গায়। জনমতকে জানবার জন্য নয়, কংগ্রেস পার্টিকে নিরাপদ করবার জন্যই তাঁরা এই এতগুলি মন্ত্রীর দল বাড়িয়ে যাবেন। বেতন যদি খানিকটা কম দিতে পারতেন সে জায়গায় বলতে পারতেন যে দেশের জনসাধারণের কাজ করছি; তাহলে পরে অন্ততঃ খানিকটা তাঁর বলবার মত থাকতো। তাঁরা হয়ত বলবেন যে বাংলা দেশে আজ এত টাকা

খরচ হচ্ছে, সেই টাকার যে জলের মত স্রোত বয়ে যাচ্ছে ৬০।৭০ কোটি টাকার সেই স্রোত বয়ে যাচ্ছে আমি আমার সাঙ্গপাঙ্গ নিয়ে কি তার লহরী গুণতে থাকবো? এর কিছুটা পাল করে না নিলে আমার এবং সাঙ্গপাঙ্গের কর্ত্তব্য পালন করা হবে কি করে। একটা সামান্য "ইরিগেসন্ স্কিম্", যেখানে প্রথমে ১০ কোটি টাকা ধরা হয় সেটা আবার পরে ১০ কোটি থেকে ২০, ৩০ কোটি হয়ে যায়। এই যে অজস্র টাকা চলে এবং রাস্তার উপর দিয়ে চলে যায়, সেখানে আশেপাশে যারা থাকে তারা কেমন করে সেটা সহ্য করতে পারে কেমন করে সেটা নিঃশব্দে দেখতে পারে। অতএব তার খানিকটা অংশ ত নিতে হবে। এ ছাড়া এ যুক্তির আর কোন অর্থ আছে? বাংলা দেশে আজ এত টাকা ব্যয় হচ্ছে সেজন্য মন্ত্রীদের বেশী টাকা দিতে হবে। আজ বাংলা দেশের সমস্যা গুরুতর। যেসময় ব্যয়-সঙ্কোচ করা উচিৎ সেই সময়ই মন্ত্রীরা তাদের বেতন বাড়িয়ে নিচ্ছেন। আজ বাংলার এই দুর্দ্দিনে যাঁরা রাজনীতিতে আসবেন, দেশের সেবা করতে আসবেন তাঁরা নিজেদের ব্যবসা নিজেদের বুদ্ধি এসমস্ত বজায় রেখে রাজনীতি করবেন সেদিন চলে গেছে। "ইংলণ্ড, আমেরিকা"র মত আমাদের দেশ যদি কোন দিন শ্রীসম্পদে পূর্ণ হয়ে ওঠে সেদিন হয়ত এই জিনিষ চলতে পারবে। তখন কেউ হয়ত "হাই কোর্ট" কেয়ার এখানে খানিকক্ষণ করে বসে চলে যেতে পারেন। কিন্তু আজ প্রয়োজন হচ্ছে দেশের এইরকম অবস্থায় এমন সব লোকের হাতে রাজ্য শাসনের ভার, সমাজ সেবার ভার দেওয়া উচিত যাদের কোন প্রকার আকাঙ্খা বা প্রলোভন নাই। যারা ব্যবসা করে বড় লোক হতে চায়, নিজেদের সুখ-সুবিধা দেখে, এমন লোকের হাতে দেশ সেবার ভার দেওয়া যেতে পারে না। দেশের এই মর্ম্মন্তুদ ও ভয়ঙ্কর অবস্থায়, খুব ভাল করে বিচার করে, চিন্তা করে, বিশ্লেষণ করে সমস্যার সমাধানে মগ্ন হতে পারে সেইরকম লোকের প্রয়োজন, এবং তার জন্য তাদের মাইনার দরুন সাড়ে সাতশো, হাজার, দেড় হাজার টাকা দেবার প্রয়োজন হয় না। তাদের বাড়ী, গাড়ী, বা মোটর গাড়ীর দরকার নেই। এইসমস্ত কাজের জন্য চাই, সত্যিকারের জনসাধারণের ভালর জন্য, যারা কাজের মধ্যে তপস্বীর ন্যায় মগ্ন হতে পারে। এবং তাদের এত মাইনা ও বাড়ী, গাড়ী দিয়ে তাদের প্রলোভন বেড়ে না যায় সেদিকে—যেমন হরিপদ বাবু বলেছেন—তাই আমাদের দেখতে হবে। আমাদের পুরাতন সহকর্ম্মীদের অনেকেই আজ মন্ত্রীর আসনে বসে আছেন, যাদের সম্বন্ধে কখনও পূর্ব্বে কল্পনা করতে পারি নি যে তারা প্রলোভনের মধ্যে এমন গা ঢেলে দেবেন। আজ তারা সকল প্রকার লজ্জা সম্ভ্রম জলাঞ্জলি দিয়ে ভাবছেন জীবনের এই শেষ কটি দিনে কেমন করে দু-পয়সা করে নেবেন।

(At this stage red light was lit.)

Mr. SPEAKER: Mr. Mukherjee, your time is up and there are other members who want to speak. May I request you, Mr. Mukherjee, to conclude your speech now.

SJ. BANKIM MUKHERJEE:

আমি যে কথা বলছিলাম—সভামুখ মহাশয় আমাকে বার বার অনুরোধ করছেন সংক্ষেপে বলবার জন্য কাজেই আমার বক্তব্য সংক্ষেপে বলতে হবে। ডাঃ বিধানচন্দ্র রায় যদি সত্যি সত্যিই বাংলা দেশকে ভালবাসেন এবং বাংলার সমস্যা মীমাংসা করতে চান তাহলে এই ধরণের বিল উপস্থিত করবেন না। অন্ততঃ মাইনে ও "এ্যালাউয়েন্স্"এর খাতিরে মন্ত্রীত্ব নেবেন না—এটাই আমরা বলতে চাই। আমি মনে করি আমাদের পুরাতন বিলাতী আমলেও যা মাইনে ছিল তাও একজন কর্ম্মীর পক্ষে যথেষ্ট। তাই বলছি যত পারেন কম নিন্। আর তা যদি না চান, তাদের হাতে—ভোটের জোর আছে—কাজেই এক হাজার দু-হাজার কেন, চার হাজার, পাঁচ হাজার দাবী করতে পরেন। যদি সোজা পথে না হয় তাহলে বাঁকা পথে চলতে পারবেন। যদি তাই হয় তাহলে বাড়ী ভাড়া কেন, এক এক জন মন্ত্রীকে এক একটা বাড়ীই তৈরী করে কেন দেওয়া হবে না, লাভের ও লোভের পথেই যদি যেতে চান তাহলে সে চেষ্টাই বা হবে না কেন? তাছাড়া পাঁচ বছরের বাড়ী ভাড়া যা পাবেন তাতে একটা বাড়ী হয়ে যাবে। সুতরাং ভাড়া বাড়ী না নিয়ে টাকা নেবার চেষ্টা করবেন। দেশ সেবার এই পথ নয়। জনসাধারণের কাজ এভাবে করা যায় না। ডাঃ রায় দেশ সেবার কাজ জানেন না যেহেতু কোন দিনই কংগ্রেসের কর্ম্মী ছিলেন না। তিনি কোন দিন দেশের কাজের জন্য জেলে যান নি, একবার গভর্ণমেণ্টের ভুলে কয়েক দিনের জন্য গিয়েছিলেন—

(HEAR, HEAR.)

কংগ্রেসের যাঁরা পুরাতন কর্ম্মী আজও ঐদিকে বসে আছেন, তাদের কাছে আমার বিশেষ করে আবেদন যে বাংলার এই শোচনীয় অবস্থায় তাদের সেই পুরাতন মনোভাব ফিরিয়ে আনুন। পুরাতন সেই দেশ-সেবার মনোভাব ফিরিয়ে আনুন। আপনারা যদি আপনাদের লোভ ও প্রলোভন ত্যাগ না করেন, তাহলে তাতে কোন ভাল কাজ হতে পারবে না এবং আপনারাও এখানে বেশী দিন টিকতে পারবেন না। আমার শেষ কথা হচ্ছে, জন দুই মন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ উঠেছে। কোন "পার্লিয়ামেণ্টারী সিস্টেম্"এ এটা নাই যে কোন অভিযুক্ত মন্ত্রী গদিতে বসে থাকতে পারে। যেপর্য্যন্ত তাঁরা সেই অভিযোগ হতে মুক্ত না হচ্ছেন—

They should stand aside—

তাদের সরে থাকা উচিত। আমি নাম করতে চাই না যদিও তাদের নাম কোথাও কোথাও হয়েছে। এই দুজন মন্ত্রীর বিরুদ্ধে গুরুতর "চার্জ" হয়েছে। যতক্ষণ পর্য্যন্ত তারা এই অভিযোগ থেকে মুক্ত না হন ততক্ষণ পর্য্যন্ত তারা মন্ত্রীত্ব থেকে সরে দাঁড়ান। তাদের এই দায়িত্বপূর্ণপদে রাখা উচিত নয় এবং এই বেজনের অংশও

যেন তারা না পান। আমি আবার আবেদন করছি আমার পুরাতন বন্ধুদের কাছে, তারা প্রলোভন বা লাভের ভেতর দিয়ে যেন কোন কিছু করবেন না। তাঁরা তো মাত্র ২।১০ বছর বাঁচবেন, কেন সমস্ত দেশের অভিশাপ নিয়ে যাবেন? যে "কেপিটেল্"এর উপর নির্ভর তাঁরা করছেন সে "কেপিটেল্" হচ্ছে দেশ সেবার জন্য, আত্মত্যাগ ও আত্মাহুতি। আজকে তাঁরা সেই "কেপিটেল্" যদি নিঃশেষ করে যান, তাহলে তাঁরা দেশবাসীর শ্রদ্ধাও নিঃশেষ করে দেবেন। আমরা জানি তাঁরা সংখ্যায় বেশী এবং ভোটের জোরে যেটা ইচ্ছা সেটাই করতে পারবেন। আপনারা যদি "অপোজিসনের" কথা না শোনেন, দেশের কথা চিন্তা না করেন, নিজেদের স্বার্থের দ্বারাই অভিভূত হন, তাহলে এই আইন পাশ হবে; দেশের দুর্ভাগ্য দিনের পর দিন বেড়ে যাবে।

[6-35 to 6-45 p.m.]

Mr. SPEAKER: Sj. Krishna Kumar Sukla.

Sj. JYOTI BASU: Mr. Speaker, Sir, I think you are not looking at the clock. It is about quarter to seven now and we are sitting from half past two.

Mr. SPEAKER: Fifteen minutes less.

Sj. JYOTI BASU: Fifteen minutes is always given within the time. Therefore I suggest we adjourn now.

Mr. SPEAKER: We will adjourn at seven.

Sj. JYOTI BASU: If this goes on every day I do not think any member here can concentrate on the work that is before us.

Mr. SPEAKER: We go on for 15 minutes more.

Sj. NEPAL CHANDRA ROY:

মাননীয় স্পীকার মহাশয়, ২-৩০টার সময় হলে আমাদের বড় অসুবিধা হয়। কাল যাতে ৩ টার সময় হয় তার ব্যবস্থা করবেন।

Sj. KRISHNA KUMAR SUKLA :

Speaker महोदय, आपके सामने जो प्रस्ताव उपस्थित है उसका मैं दो चार शब्दों में समर्थन करता हूं। बहुत चर्चायें सुनी गईं हैं, बहुत तरह तरह की बातें हुईं हैं मगर मैं कहना चाहता हूं कि जो लोग देश की भविष्य की जिम्मेदारी लेकर यहां उपस्थित हुये हैं जो लम्बी चौड़ी और बड़ी बड़ी बातें करते हैं उनसे मेरा अनुरोध है कि इस वक्त देश को नये निर्माण की आवश्यकता है और इसलिये उनकी जिम्मेदारी भी ज्यादा हो जाती है। आज आपके सामने जो Bill है वह यह है कि बंगाल के मंत्री और मंत्रीदल बंगाल को चलाने के लिये और अच्छी तरह चलाने के लिये और उसकी जिम्मेदारी अपने गर्दन पर ले रहे हैं उनको राज्य खजाना से वेतन मिलना चाहिये। जो लोग देश को चलाने की जिम्मेदारी लेते हैं मगर जब उनका वेतन तनखाहों का सवाल आता है तो आप पीछे हट जाते हैं। आप चाहते हैं कि पैसा खर्चा न हो और हमारा काम चले। इस Bill में तनखाहों और allowances उसी कदर है जिसके बगैर एक आदमी के लिये काम करना मुश्किल हो जाता है। बहुत से वक्ताओं ने तरह तरह की दलीलें उपस्थित की हैं कि नहीं मिलना चाहिये। मैं यह कहता हूं कि देश की तकलीफ से जिनका कलेजा फटा जा रहा है और हर वक्त जनमत की दुहाई देते हैं क्या वह भूल गये कि जनमत ने उनको थप्पड़ लगाया है और वे निर्णय के थप्पड़ों के निशान अभी तक उनके गालों से मिट नहीं पाया है और जिनके दाग अभी तक मौजूद हैं। (UPROAR).

Mr. SPEAKER : Order, please. Let there be no interruption.

Sj. KRISHNA KUMAR SUKLA : जो लोग जनमत का नाम लेकर इस Bill का विरोध करते हैं वह अपने को जनता का शत्रु साबित करते हैं। मंत्री का allowance लेकर जिनका कलेजा फटा जा रहा है और तकलीफ हो रही है और जिन्हें जनता के पैसा का बहुत दर्द है वह तो दो दिनों से Assembly के काम में रोड़ा अटका रहे हैं।

Sj. NEPAL RAI : गांधीजी छै पैसे में दिन चलाते थे।

Sj. KRISHNA KUMAR SUKLA :

Assembly के काम में बाधा देकर जनता के पैसे का अपव्यय कर रहे हैं।

(UPROAR—INTERRUPTION FROM THE OPPOSITION BENCHES.)

जो लोग इस कदर हल्ला मचा रहे हैं उनलोगों ने तमाम Parliamentary Privileges को व्यवहार किया और इस तरह Assembly के काम में रोड़ा अटका रहे हैं बाधा डाल रहे हैं———INTERRUPTIONS AND UPROAR.

कांग्रेस के बारे में आप ने बहुत कुछ कहा। मैं यह कहना चाहता हूं कि उस रोज का जो procession था वह क्या जनसाधारण का था जो जनसाधारण के नाम से आपने तैयार किया था।

[16-45 to 6-55 p.m.]

Sj. SUBODH BANERJEE: On a point of order, Sir.

Mr. SPEAKER: What is your point of order?

Sj. SUBODH BANERJEE: The honourable member has used the term "obstruction intentionally" with reference to us. This is a sort of aspersion against the members on this side of the House. According to the parliamentary etiquette as mentioned in the booklet supplied to us this is unparliamenary. (Uproar.)

Mr. SPEAKER: That is not unparliamentary.

Sj. KRISHNA KUMAR SUKLA :

Speaker महोदय, मुझे इस Bill के समर्थन में दो चार शब्द कहना है। जनता के पैसे का दर्द होने के पहले उनको अपनी कारगुजारी दिखाना चाहिये, उनकी कारगुजारी उनके खिलाफ जा रही है।

Sj. SUBODH BANERJEE: On a point of order, Sir. I submit that the expression "using obstruction and delaying measures" used by the honourable member is unparliamentary. I am referring to the booklet, Parliamentary Etiquette, supplied to us. In the appendix at page 9 of the book it is stated, "asking the Opposition to take responsibility for delaying measures" is unparliamentary.

Mr. SPEAKER: I will look into the official proceedings—in what context it was used. So far as the expression used by the honourable member is concerned, it is not unparliamentary.

Sj. JYOTI BASU: On a point of order, Sir. Perhaps Mr. Speaker, you are not aware of a book handed over to us called "Parliamentary Etiquette, parliamentary pamphlet No. 2" by the office of this Assembly, and in that the honourable member on my left was drawing your attention to a particular word which in the appendix is stated to be unparliamentary.

Now, Sir, if your ruling is that it is not unparliamentary, then we shall bow to that ruling, but then this is a scrap of paper which will be thrown into the waste paper basket.

Mr. SPEAKER: What I have said is that with reference to the context I shall look into the proceedings and see whether the word used by the present speaker is unparliamentary or not. I assure you that I shall look into the proceedings.

Sj. ISWAR DAS JALAN: On a point of privilege, Sir. I think it is improper for any member to refer to a publication made by the House itself as fit to be thrown into the waste paper basket. I believe that is not the intention of the honourable member to have any expression of contempt so far as publications of this House are concerned. There may be a difference of opinion upon a point on the part of the Speaker on a particular question, but that should not be any ground for any member of the House to allege that this paper should be thrown into the waste paper basket. That is a point to which I am going to draw your attention, and I expect that so far as members of this House are concerned they will show proper regard to the publication made by the Secretariat of the Legislative Assembly.

Sj. JYOTI BASU: I think, Sir, the Hon'ble Minister did not hear me as he usually does not hear me, or he did not understand what I said. He was the Speaker, he should know what the rules are and what I said. I told you that if your ruling is that the words which are stated to be unparliamentary in this book are not unparliamentary then I said that this would be treated as a scrap of paper. As I understand your ruling you have not said that. Your ruling is somewhat different. Therefore the Hon'ble Mr. Jalan should have heard me first before he got up on a point of privilege.

(Several members rose to speak.)

Mr. SPEAKER: Order, order. We cannot proceed in this way. Let the honourable member finish his speech.

Sj. KRISHNA KUMAR SUKLA: इसलिये मैं अदब से कहता हूं कि जो लोग मैदान से यह कहकर आये हैं कि हम बाधा डालने ही को जा रहे हैं उनसे मेरा कुछ कहना नहीं है। देश के निर्माण का काम जबानी लड़ाई और चिल्ला चिल्ली से नहीं होता है। मगर जो लोग केवल विरोध का आश्वासन देकर ही आये हैं उनसे सहयोग की आशा कैसे की जा सकती है। उनसे तो मेरा कुछ कहना ही नहीं है। मेरा तो कहना है उनलोगों से जो देश की जिम्मेदारी लेकर आये हैं वह अपनी जिम्मदारी को अदा करें। यह लोग International History की बातें करते हैं मगर इनलोगों को बंगाल को ५ वर्ष की History देखने की फुरसत नहीं है।

मैं अपने दाहिने तरफ के भाईयों से appeal करना चाहता हूं कि वह अपनी दायित्व का ख्याल करें खाली विरोध के लिये विरोध न करें। यह कहना भूल है कि brute majority से पास हुआ है यहां एक एक clause पर बहस किया गया है।

अगर आपको काम करने की भावना है तो सब चीजों को अच्छी spirit से लें और देश और जनता की भलाई के काम में बाधा न डालें।

[6-55 to 6-58 p.m.]

Mr. SPEAKER: Before I adjourn the House, I announce that the discussion of this Bill will go on tomorrow and thereafter there will be presentation of the Budget and other Bills as has been shown in the programme. The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment.

The House was accordingly adjourned at 6-58 p.m. till 3 p.m. on Friday, the 27th June, 1952, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 27th June, 1952, at 3 p.m.

Present:

Mr. Speaker (Sj. SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 14 Ministers, 14 Deputy Ministers and 207 members.

Adjournment Motion.

[3-0 to 3-10 p.m.]

Sj. NEPAL CHANDRA ROY:

মাননীয় সভাপতি মহাশয়, আমি এই কথা আপনাকে বলতে চাই গতকাল "রেফিউজি"দের উপর স্ত্রী-পুরুষ-নির্ব্বিশেষে যে "লাঠি-চার্জ" হয়েছে, তার সম্বন্ধে আমি একটি প্রস্তাব আনতে চাই। আমি আপনার কাছে পেশ করছি যে আজকে "হাউস এডজোর্ন" করা হোক্। যদিও সে প্রস্তাব আইনসংগত হয়নি তবুও——

Mr. SPEAKER: You have yourself admitted that the motion is not in order. Therefore, it is not for me to say anything more on that point.

GOVERNMENT BILL.

The West Bengal Salaries and Allowances Bill, 1952.

Sj. CHARU CHANDRA BHANDARI:

মাননীয় সভাপতি মহাশয়, মুখ্য মন্ত্রীমহাশয় সেদিনকার তাঁর ভাষণে এই বলেছেন যে কঠোর কথায় যুক্তির সৃষ্টি হয় না এবং কর্কশ কথায় কারো হাড় ভাঙ্গে না। আমি বলে রাখি যে আমি কঠোর কথাও বলতে চাই না, কর্কশ কথাও বলতে চাই না। ("ভয়েস ফ্রম গভর্নমেণ্ট বেঞ্চেস": মধুর কথা।) মধুর কথাই ত। তিনি এই যে "বিল" এনেছেন, তাঁর যুক্তিতে তিনি দুটো জিনিষ দেখিয়েছেন: একটা হচ্ছে এই যে তিনি বলেছেন যে,

The Assembly members, Ministers and the Speaker form one unit. The Government is responsible for maintaining their prestige and their status in life, and it is therefore necessary to give them a decent allowance.

এই কথা হইতে এই বোঝা যাচ্ছে যে, তাঁদের পদমর্য্যাদা এবং তাঁদের জীবনযাত্রার মান যদি বজায় রাখতে হয় এমনিভাবে তাঁদের মাহিনা ইত্যাদি বাড়াতে হবে। যদি তাই হয়, এই যুক্তিই যদি একমাত্র হয় "মিনিষ্টার"দের মাইনে বাড়াবার, তাহলে "চীফ সেক্রেটারী" যেখানে মাইনে সাড়ে তিন হাজার টাকা এবং যখন তারচেয়ে বেশী কাজ তাঁদের করতে হয় তখন তাঁদের মাইনে চার হাজার টাকা হওয়া উচিত, এক হাজার টাকা কেন, ১,২০০ টাকা কেন? এ কোন যুক্তি নয়। যুক্তি অন্য স্থানে; এ যুক্তিতে কখনও বেশী হতে পারে না। তাঁরা দু'টো "কুজ" এর মধ্যে বর্জ্জন করেছেন, তা সত্ত্বেও মন্ত্রীদের যে মাইনে আছে, এবং "এলাওএন্স" যা আছে, বা যা ছিল, তার চাইতে অনেক বেশী। তাঁরা সেটা ত্যাগ করুন। একটা কথা হচ্ছে এই যে তিনি বলেছেন আর একটি কথা যে এই বিষয়ে একটা মনস্তত্ত্বের দিক আছে, যে যদি তিনি সদস্যদের বেতন বৃদ্ধির বিলটা আগে আনতেন তাহলে খুব বেশী আপত্তি হতো না। আমি বলবো যে তাঁর "ডিপার্টমেণ্ট" থেকে কি বলেছে আমি জানি না। যাই বলুক, যাঁরা প্রতিক্রিয়াশীল কর্ম্মচারী, ইংরাজ আমল থেকে যাঁরা আছেন, যাঁরা দেশের স্বাধীনতার যুদ্ধের সৈনিকদের উপর অমানুষিক অত্যাচার করতে, লাঠি চালাতে কুণ্ঠিত হন নি, তাঁরা যে এই ক্ষুদ্র দৃষ্টিভঙ্গী নিয়ে এই পরামর্শ দেবেন, তাঁদের দৃষ্টিভঙ্গী যে এত ক্ষুদ্র হবে, মানুষকে যে এত নীচ ভাববে, এই জিনিষ আমি বুঝতে পারি। কিন্তু আমি এটা বুঝতে পারি না যে "ডাক্তার রায়" তিনি এই রাজ্যের মুখ্য মন্ত্রী হয়ে সেই দৃষ্টিভঙ্গী কি করে "এপ্রিসিয়েট" করেছেন, তাকে তিনি প্রশংসা করেছেন। এটা হচ্ছে সবচাইতে দুঃখের কথা। মানুষ সবাই ভাল হতে পারে, সব মানুষই ভাল কিন্তু মানুষের মধ্যে সুপ্ত লালসা থাকে। তিনি এই কথাটা এই পরিষদে না বললে ভাল হত, এই সদস্যদের মাহিনা বাড়ার কথা। তার দ্বারা অনেকের সুপ্ত লালসা জাগ্রত হতে পারে, কিন্তু সেটা খুব ভাল কথা নয়। কাকেও ঘুষ দিয়ে, কারো লালসাকে উদ্রেক করে, কাকেও লোভ দেখিয়ে তিনি তাঁর এই অবাঞ্ছিত বিল যদি পাশ করতে চান্, তাহলে সেটা খুব বড় যুক্তির কথা নয়।

এই কথা তাঁকে আমি বলতে চাই। তিনি বোম্বের উদাহরণ দিয়েছেন। ভারতবর্ষের অন্য কোন প্রদেশ যদি করে, তারা যদি ভুল করে, সেই ভুলকে অনুকরণ করা সেটাতে যুক্তির স্থান দেখা যায় না। "বোম্বে"তে মাইনে বেশী হতে পারে, কিন্তু প্রশ্ন হচ্ছে এই যে এখানে মুখ্য মন্ত্রীর ৫০০ টাকা "এলাওএন্স", অন্য মন্ত্রীর ২৫০ টাকা "এলাওএন্স"এর দ্বারা কি কারো, কোন মন্ত্রী বা মুখ্য মন্ত্রীর, পদমর্য্যাদা বজায় রাখা যায় না? প্রশ্ন হচ্ছে, আজ কি হল, এমন কি হয়েছে, দেশের মধ্যে এমন কি ঘটেছে যার দ্বারা এ মাইনে বৃদ্ধি করবার প্রয়োজন হল? আমি সেই জিনিষটিই বুঝতে পারি না। আগের যা "লিভিং ইনডেক্স" সে "ইনডেক্স"" কি বেড়েছে? যদি ঠিকমত ধরা যায় তাহলে সম্প্রতি সেটা কম হয়েছে, জিনিষপত্রের দাম নেমেছে। ঠিক এই সময় মন্ত্রীদের বেতন বৃদ্ধির প্রয়োজন কি? প্রশ্ন এ নয় যে অন্য রাজ্যে, কি অন্য প্রদেশে মন্ত্রীদের বেতন কি আছে বা তারা বেতন বৃদ্ধি করেছে। প্রশ্ন হচ্ছে এই যে, এখানে যে বেতন ছিল, সে বেতন বৃদ্ধি করবার আজকে কি প্রয়োজন হয়েছে। এখন তাহলে আমরা বলবো যে মন্ত্রীরা তাঁদের পদমর্য্যাদা বজায় রেখে চলতে পারছিলেন না, সে কথা নয়। আমরা অন্য দেশের অনুকরণ করবো না। আমরা গণতান্ত্রিক দেশ। "হাউস্ অফ কমনস্"এর বিধান এদেশের "পার্লামেণ্টারী প্রাক্টিস্" কেন হবে? এদেশে "ক্যাপিটেলিষ্টিক সিস্টেম্" কেন হবে? সে সম্বন্ধে কেন তাদের আদর্শ আমরা অনুসরণ করবো? আমাদের মন্ত্রীদের জীবনযাত্রার মান কেমন হবে, আইন সভার সদস্যগণের জীবনযাত্রার মান কেমন হবে, সে সম্পর্কে আমরা আমাদের দেশের যে আদর্শ সেই আদর্শের ভিত্তিতেই সেই জীবনযাত্রার মান গড়ে তুলবো।

কিন্তু মন্ত্রীদের জীবনযাত্রার মান কেমন হবে, আইন সভার সদস্যগণের জীবনযাত্রার মান কেমন হবে, সেই সম্পর্কে আমরা আমাদের দেশের যে ঐতিহ্য, আমাদের দেশের যে আদর্শ, সেই আদর্শের ভিত্তিতে সেই জীবনযাত্রার মান আমাদের গড়ে তুলতে হবে, সেই কথাটা আমি মুখ্য মন্ত্রীমহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই। আমাদের ঐতিহ্য কি? আমরা পূজা করেছি কাকে?যিনি নগ্ন পদে, নগ্ন দেহে, গ্রামে গ্রামে ঘুরে, গরীব দেশবাসীর সেবা করেছেন, আমরা তাঁকেই পূজা করেছি—তিনি মহাত্মা গান্ধী, যাঁকে "ফাদার অফ দি নেশ্যান" বলা হয়েছে। সেই আদর্শ সম্মুখে রেখে আমাদের মন্ত্রীদের ও সদস্যদের জীবনযাত্রার মান কি হবে তা ঠিক করতে হবে। এবং সেই অনুসারে আমাদের রাজ্য শাসনের ব্যবস্থা করতে হবে। তারজন্য কেউ যেন মনে না করেন মানুষকে না খাইয়ে রাখবে। আমাদের আদর্শ কোথায়? যে বেশী খায় বা যে আদৌ না খায়, এ দুটাকে আমি পছন্দ করি না। যে একেবারে খায় না বা যে বেশী খায় তাকে আমরা পছন্দ করি না। আমরা পছন্দ করি তাকে যে "যুক্ত আহারী, মিতাহারী"। যে আহার দুইবার এবং পরিমিতভাবে খায় তাকে আমরা পছন্দ করি। সেই আদর্শটাই আমাদের গ্রহণ করতে হবে। পূর্ব্বে মন্ত্রীদের হাজার টাকা ও মুখ্য মন্ত্রীমহাশয়ের সাড়ে বারশ টাকা মাইনা ছিল।

(At this stage the red light was lit.)

আমাকে আর একটু সময় দিতে হবে।

Mr. SPEAKER: I have given you 12 minutes already. This is your second speech. There are a lot of other speakers besides the leaders of groups.

Sj. CHARU CHANDRAR BHANDARI:

স্পীকার মহাশয়, আমাকে পাঁচ মিনিট সময় দেওয়া হোক।

Mr. SPEAKER: Yes, one minute more.

Sj. CHARU CHANDRA BHANDARI:

অন্ততঃ আমাকে আর দুই মিনিট সময় দেওয়া হোক।

Mr. SPEAKER: Please go on.

Sj. CHARU CHANDRA BHANDARI:

সুতরাং আমাদের সেই আদর্শ গ্রহণ করে কাজে অগ্রসর হতে হবে, এবং তা যদি আমরা না করতে পারি তাহলে দেশবাসীর কাছে—আমাদের নিন্দনীয় হতে হবে। সেইজন্য আমি মুখ্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করি তিনি এই বিল প্রত্যাহার করে নিন্, এবং মন্ত্রীদের মাইনে পূর্ব্বে যেমন ছিল সাড়ে সাতশো টাকা ও ২৫০ টাকা "এলাওএন্স", ও মুখ্য মন্ত্রীমহাশয়ের মাইনা হাজার টাকা ও পাঁচশো টাকা "এলাওএন্স", তেমনি আমি বলি তাই নিয়ে তাঁরা এখন সন্তুষ্ট থাকুন। এবং এর বেশী যদি করতে যান তাহলে দেশের মধ্যে প্রতিক্রিয়া দেখা দেবে—সেই প্রতিক্রিয়া শুধু কংগ্রেস গভর্নমেণ্ট বা সরকারপক্ষীয় দলকেই টানবে না, সর্ব্বত্রই এই অব্যবস্থা দেখা দেবে, এবং তাতে দেশের স্বার্থ সর্ব্বত্র ক্ষুণ্ণ হবে, এইটাই আমি আপনাদের ভাল করে স্মরণ করিয়ে দিতে চাই। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-10 to 3-30 p.m.]

SJ. PRAFULLA BANERJEE:

মাননীয় স্পীকার মহাশয়, গত ৩।৪ দিন যাবৎ এ বিলের যে আলোচনা হচ্ছে তার ভিতর আমাদের অপর পক্ষের বন্ধুগণ আমাদের খুব ভাল ভাল কথা—"আনপার্লামেণ্টারী" কথায় আমাকে আপ্যায়িত করেছেন। যেমন গাঁটকাটা, "কো-অপারেটিভ্ পিক্‌পকেট সোসাইটী" ইত্যাদি। আমি সে সম্বন্ধে প্রত্যুত্তরে কোন কড়া কথা ব্যবহার করব না। আজকে আমাদের বন্ধু চারুবাবু দেখলাম ও-পক্ষের মধ্যে একটু বিবেচনার সহিত ও সংযত ভাষায় যা বলবার বলেছেন।

আমি গুটি কয়েক কথা এই বিল সম্বন্ধে বলবো। প্রথম কথা হচ্ছে মন্ত্রীদের সংখ্যা নিয়ে। আমাদের পার্টির নেতা স্পষ্ট ভাষায় জানিয়েছেন যে কাজ অনেক বেড়ে গিয়েছে, তাই এর জন্য সংখ্যা বৃদ্ধি প্রয়োজন। আগে ছিল শুধু শাসন কার্য্য এখন গঠন কার্য্য আছে, এই সংগঠনের ভেতর দিয়ে কাজ অনেক বেড়ে গিয়েছে। "ইণ্ডাষ্ট্রী, ইরিগেশন" ইত্যাদি সব বিষয়ে "ডেভেলপমেণ্ট"—"ডেভেলপমেণ্ট ওয়ার্ক"এর জন্য কাজ অনেক বেড়ে গিয়েছে। কাজ বাড়লে সংগে সংগে লোকও বাড়াতে হবে। কর্ম্মচারী বাড়াতে হবে, নয়ত মন্ত্রীর সংখ্যা বাড়াতে হবে। মোটের উপর লোক বাড়াতে হবে। এমন হতে পারে মাইনে দিয়ে কর্ম্মচারী—বড় বড় কর্ম্মচারী—নিয়োগ করে কাজের ব্যবস্থা করা যেতে পারে। অনেকের ধারণা "আই, সি, এস্"দের উপর ভার দিয়ে তাদের সম্পূর্ণ নির্ভর করলে কাজ চলবে না। কর্ম্মচারীদের উপর নির্ভর করলে বিশেষ করে "ডেভেলপমেণ্ট"এর কাজ ভাল চলবে না। সেজন্য যাতে এসব কাজ ভালভাবে করা যায়, সে বন্দোবস্ত করার জন্য এবং কাজ সুবিধামতভাবে যাতে হতে পারে সেজন্য কয়েকজন "ডেপুটি মিনিষ্টার" করে নেওয়া হয়েছে। একথা বলা হচ্ছে যে, এদের ৭০০ টাকা করে মাইনে দেওয়া হচ্ছে। আমার তো মনে হয় "ডেপুটি মিনিষ্টার" হিসাবে তাঁরা যদি ঠিক ঠিক কাজ করতে পারেন, তাঁদের যেমন বক্তব্য ঠিক ঠিক সেভাবে কাজ সম্পন্ন করতে পারেন, তাহলে তাঁদের এই মাইনে বা টাকা বৃথা দেওয়া হবে না। তবে হাঁ, তাঁরা যদি কাজ না করেন, তাহলে অবশ্য টাকাটা জলে যাবে। কিন্তু আগে থেকে তাঁরা ভাল কাজ করবেন না, এ ধারণা করে এত টাকা মাইনে কেন নেবেন, একথাটা বলা অন্যায় হবে। আমার অপর পক্ষের বন্ধুগণ ওদিকে যাঁরা আছেন, তাঁরাতো কেবলি বলছেন যতসব চোর, জোচ্চোর, যতসব খারাপ লোক এদিকে, আর দুনিয়ার যতসব "অনেষ্ট" বলে যদি কেউ থাকে তারা বসেছেন এই "এসেম্বিরর" অপরাদ্ধে, কিন্তু এরকম যে সকলেরই অভিমত হবে তাতো আমার মনে হয় না। আর একটা কথা আমাদের অপর পক্ষেরা বলে থাকেন। তাঁরা বলেন এতগুলি মন্ত্রী, ডেপুটি মন্ত্রী ও "ষ্টেট মিনিষ্টার" করা হয়েছে, লোক হাতে রাখবার জন্য। কিন্তু আমারতো মনে হয়, ঠিক তার উল্টো। যদি ১০।১২ জন মন্ত্রী হতো তাহলে হয়ত এই নিয়ে ১৫০ জনের বেশী এদিকের মেম্বার—কিছু বলবার থাকত না। কিন্তু ৩০ জন মন্ত্রী হয়েছে তারমধ্যে আমার স্থান হল না এভেবেই বরং দুঃখ হওয়া উচিত।

কাজেই এদের হাতে রাখার জন্য এই সমস্ত করা হচ্ছে, এ সমস্ত কথার কোন মূল্য নাই। তারপর আমার বন্ধু হেমন্তবাবু বলেছেন যে "প্রাকটিক্যালী" সমস্ত কাজই 'ডাঃ রায়' নিজে করেন, সব "পোর্টফলিও" তিনি নিজেই নিয়েছেন, অন্য সব মন্ত্রীরা কিছুই করবেন না। এই কথা বলে এক পক্ষে তিনি আমাদের "পার্টি লিডারের"এর প্রশংসাই করেছেন। তিনি সত্যিই খুব শক্ত লোক, তিনি কার্য্যক্ষম, তাঁর কার্য্যক্ষমতা এত বড় যে এই সমস্ত "পোর্টফলিও" তিনি নিজেই চালিয়ে নিতে পারবেন—"ডেপুটি মিনিষ্টারের" সাহায্যে। এটা সত্য হতে পারে যে, যে কটা "পোর্টফলিও" তিনি নিজের হাতে নিয়েছেন, সেগুলি "ইণ্ডিপেণ্ডেণ্টলী" চালাবার মত উপযুক্ত লোক তিনি খুঁজে পান নি। তিনি পরীক্ষা করে দেখতে চান যে, নূতন নূতন লোকের উপর এইরকম ভার দিলে তারা সে দায়ীত্ব নিয়ে এই কাজ করতে পারবে কিনা। যতক্ষণ পর্য্যন্ত তারা না পারবে ততক্ষণ পর্য্যন্ত নিজ হাতে তিনি "ইমপর্টাণ্ট পোর্টফলিও" রাখতে চাচ্ছেন। কাজেই হেমন্ত বাবু সে দিক দিয়ে 'ডাঃ রায়ের' কতকটা গুণোগাণই করেছেন, তাঁর কর্ম্মক্ষমতার বিষয় স্বীকার করেছেন। কিন্তু যখন তিনি বল্‌লেন যে সকল "রেস্‌পন্সিবিলিটি" তিনি নিজে নিচ্ছেন তখন আমার বন্ধু বঙ্কিম বাবু সে কথার উপরে খুব বেশী রকম মোচড় দিয়ে বললেন যে, এই এত বেশী "রেস্‌পন্সিবিলিটি" নিজে নিয়েছেন,—এটা বলে 'ডাঃ রায়' অত্যন্ত দাম্ভিকতা প্রমাণ করেছেন। এ "রেস্‌পন্সিবিলিটি" নেওয়ার মানেই হচ্ছে দাম্ভিকতা প্রকাশ। এই যে তিনি বারবার বলেছেন যে তিনি সমস্ত মন্ত্রী নিয়োগের দায়ীত্ব নিচ্ছেন তাতে বঙ্কিম বাবু বলছেন এটা বারবার বলাই প্রমাণ করে 'ডাঃ রায়ের' দাম্ভিকতা। বঙ্কিম বাবু বলেছেন যে, "চীফ মিনিষ্টার"এর "রেস্‌পন্সিবিলিটী" ত আছেই। কিন্তু আজকের দিনে বাংলাদেশে—পশ্চিমবঙ্গের যে অঞ্চলেই গিয়েছি সেখানে স্পষ্টই অনুভব করেছি যে, এই দেশের লোক 'ডাক্তার রায়ের' উপর অনেকটা নির্ভর করে। বিশেষ করে এই দুর্দিনে, যখন একদিকে দুর্ভিক্ষের কাল ছায়া দেশের উপর এসে পড়ছে ও আর একদিক থেকে পূর্ব্ব বাংলা থেকে দলে দলে উদ্বাস্তু এসে পড়ছে, এই দুর্দিনে পশ্চিমবাংলার হাল ধরে রাখার যদি কেউ থাকে তা হচ্ছে 'ডাঃ রায়'—এ সম্বন্ধে কোন দ্বিমত থাকতে পারে না। এবং আমাদের অপর পক্ষের বন্ধুদের যারা নেতা তারা তাদের কথার ভিতর দিয়েই সেকথা স্বীকার করেছেন, যদি বুকে হাত দিয়ে দেখেন তবে সেকথা স্বীকার করতে তারা বাধ্য। ("এ ভয়েস":ঃ সাধু সাধু।) আজকে সত্যিই বাংলাদেশের সৌভাগ্য যে এই দুর্দিনে "ডাঃ রায়" বাংলাদেশের হাল ধরে আছেন। এবং তিনি হাল ধরে আছেন বলেই এখন পর্য্যন্ত সমস্ত বাংলাদেশের শাসনকার্য্য বিপর্য্যস্ত হয় নি। এই দুর্দিনে যদি তিনি লোকের কাছে জোর করে বলেন যে,—সব দায়ীত্ব আমার ; তাতে হয়ত লোক কতকটা আশ্বস্ত হতে পারে। 'ডাঃ রায়' আজ যে দায়িত্ব নিয়েছেন এটা অতি সৌভাগ্যের কথা এবং এটা তিনি "পার্টি প্রেসার"এ নেন নি, নিজের দায়ীত্বেই নিয়েছেন—দেখা যাক তার ফল কি দাঁড়ায়। এদিক দিয়ে দেখলে আমার মনে হয় এটা তাঁর দাম্ভিকতা নয়, এটা তাঁর সরল উক্তি, এখানেই তাঁর কর্ম্মক্ষমতা—এই কর্ম্মক্ষমতা সম্বন্ধে কোন কিছু সন্দেহ করবার নাই। আজকে সকলেই জানেন যে "আর, জি, কর মেডিকেল কলেজ, যাদবপুর

ইঞ্জিনিয়ারিং কলেজ এবং টি, বি, হস্‌পিটাল" এই সমস্ত যে জিনিষ আছে তারজন্য এই দেশ অনেক পরিমাণে 'ডাঃ রায়ের' কাছে ঋণী। ("এ ভয়েস": যথেষ্ট হয়েছে বসে পড়ুন।)। কাল যখন বঙ্কিম বাবু বলছিলেন তখন আমরা চুপ করে ছিলাম, একটি কথাও বলিনি কিন্তু আজকে আমার কথা যদি আপনাদের সহ্য না হয় তাহলে অবশ্য আমি নাচার কিন্তু যা আমার বলার আছে তা আমি বল্‌তে চাই। তারপর আপনারা বলেছেন যে আমাদের অনেক মন্ত্রীই উপযুক্ত নয়, বিশেষ করে আরামবাগের মন্ত্রী এবং কালিপদ বাবুর নিয়োগ সম্বন্ধে অনেক আপত্তি করা হয়েছে। তাঁরা হেরে গিয়েছিলেন তাঁদের আবার "কংগ্রেস নমিনেশন" দেওয়া হ'ল কেন এবং তাঁদের মন্ত্রীত্বই বা দেওয়া হ'ল কোন্ লজ্জায়? কিন্তু আমি আপনাদের বলছি যে সত্যপ্রিয় বাবু, দেবেন সেন, দেবেন মুখার্জী—এদের "নমিনেশন" দিয়েছিলেন কোন লজ্জায়? না তারা নিজেদের বেলায় কোন লজ্জার ধার ধারেন না। আমি মনে করি না যে একটা "কনস্‌টিটুয়েন্‌সী" থেকে হেরে গেলেই যে তিনি একেবারে অপাংক্তেয় হয়ে যাবেন দেশের কাছে, এটা মনে করলে ভুল করা হবে, কারণ তিনি অন্য কোন "কনস্‌টিটুয়েনসী" থেকে দাঁড়ালে হয়ত "রিটার্ণ" হতে পারতেন। আমি নিজেই ২৪-পরগণা "ডিস্ট্রিক্ট বোর্ড ইলেক্‌সনে" হেরে গিয়েছিলাম, কিন্তু যখন "এসেমব্লির ইলেক্‌সন"এ দাঁড়িয়েছিলাম তখন আমার বিরুদ্ধে আট জন "ক্যান্ডিডেট" দাঁড়িয়েছিল। তারমধ্যে ৭ জনেরই "ডিপজিট মনি ফরফিটেড" হয়েছিল এবং এক জনের অতি কষ্টে "ডিপজিট মনি" রক্ষা পেয়েছিল। সেখানে "ফরওয়ার্ড ব্লক" এবং অন্যান্য দলের লোকেরাও ছিল। সেইজন্য এটা স্বীকার করতে পারি না যে আমি "ডিস্ট্রিক্ট বোর্ড ইলেক্‌সনে" হেরে গিয়েছিলাম বলেই একবারে অপাংক্তেয় হয়ে গিয়েছিলাম। হারার অনেক কারণ থাকতে পারে। যেমন "ইলেক্‌সনে"এর আগে আরামবাগে প্রফুল্ল বাবু একবারও যান নি। (ডাক্তার রাধাকৃষ্ণ পাল: মিথ্যা কথা।) না, হয়ত তিনি একবার গিয়ে থাকতে পারেন কিন্তু বারবার যান নি। (শ্রীযুত হরিপদ চ্যাটার্জ্জি: ওঁকে একটা মন্ত্রী করে নিন।) ("এট দিস্ স্টেজ রেড লাইট ওয়াজ সিট") আমি আর এক মিনিট বলবো।

Mr. SPEAKER: I will give you one minute's time to finish. There are a lot of other members who want to speak.

SJ. PRAFULLA BANERJEE:

তিনি আর একটা "[illegible]" ভিতর দিয়ে, "মিউনিসিপাল কমিশনারদের" ভোটে নির্বাচিত হয়ে এসেছেন। ("এ ভয়েস": "জেনারেল কনস্‌টিটুয়েন্সী"এ নয়।) সাধারণ "কনস্‌টিটুয়েন্সী" না হলেও "লিমিটেড কনস্‌টিটুয়েন্সী" ত বটেই। এবং যেখানে শিক্ষিত লোকেরাই ভোট দিতে পারে। ("এ ভয়েস ফ্রম দি অপোজিসন্ বেঞ্চ": বসে পড়ুন, বসে পড়ুন, আর কেন?) ("এ ভয়েস ফ্রম দি ট্রেজারী বেঞ্চ": কেন, কথাগুলি কি অত্যন্ত তেঁতো ঠেক্‌ছে?) তারপর বেতন সম্বন্ধে কথা হচ্ছে——

(At this stage the member again reached his time limit.)

Mr. SPEAKER: I have given you one minute's time. Other members will speak now. Please finish your speech.

SJ. PRAFULLA BANERJEE:

অপর পক্ষ থেকে বলা হয়েছে যে, এই দুর্দিনে এত টাকা নেওয়া অত্যন্ত অন্যায়। কিন্তু আমি জিজ্ঞাসা করি আগে যা ছিল ১,০০০ টাকা, ৭৫০ টাকা ইত্যাদি, তখন ত তাঁরা তা নিয়েছেন,—তখনও তাঁরা বাদ বা ছেড়ে দেন নি। আর এত বেশী কি টাকা! এমন লোকও এখানে আছেন যাঁরা ২,০০০, ৫,০০০, ৮,০০০—১০,০০০, টাকা পেতে পারতেন অন্য ভাবে। আমার সময় নেই, এখানেই আমি শেষ করছি।

[3-30 to 3-40 p.m.]

SJ. JOGESH CHANDRA GUPTA: Mr. Speaker, Sir, Sri Haripada Chatterjee referred to the Assembly proceedings of 1937 when from the League benches a question was put if I would accept a Ministership on a salary of Rs. 500 to which I replied "certainly". Sir, my position is the same. I still believe that no one should look upon Ministership as a means of profit or luxury. I still believe that if we want to have the willing co-operation of the people, we should not look for a high salary. But at the same time it may be said that in 1937 if Rs. 500 was adequate, with the increase in living index, an increase in salary cannot be said to be fully unjustified, if it is reasonble. Therefore, so far as I am concerned, there cannot be any question of inconsistency. Sir, the Ministership of this State is not an enviable job. We know during the last election some of the ablest and honest Ministers were defeated simply because they were members of the Ministry though there was neither any whisper of nepotism nor any charge of corruption against them. Under these circumstances we think that it should not be looked upon that the Ministers who are being given responsibility will not look after the progress of the country.

Sir, Sj. Bhandari who has tabled amendments, as I did, asked me why I did not move my amendments. An experienced parliamentarian that he is, he knows that there is a thing as party discipline. A member of the party, whatever may be his individual views, if he has got to work in a disciplined party, has got to subordinate his personal views to the views of the majority of the party. Sir, I tabled those amendments before there was any party decision—before I could persuade the majority to my views and after the decision was reached, I should be guilty of breach of discipline if I attempted to move those amendments. I pleaded for a smaller Cabinet and a larger association of members. But so long as I could not persuade the leaders and the majority to my views, as a member of the Congress party it would not be proper for me to move those amendments. Sir, Sj. Bankim Mukherjee was very vehement in his denunciation as to why Dr. Roy said that he took the full responsibility. My friend Sj. Prafulla Banerjee has given an explanation. But there is enough left to be said which makes it only proper for him to take the attitude that he has taken. Sir, he has made it quite clear to the House and to the people that neither the Deputy Ministers, other Ministers and other members of the party had any occasion to give their views or had any hand in the framing of this Cabinet. Sir, whether this should have been done or should not have been done is quite another question. Whether it should have been left to the Departmental Officers to collect the informations on this subject of the various States and put them together, is also another matter. But instead of deprecating this, it is rather courageous and just to his colleagues in the House in saying that the entire responsibility is his. I have hopes that in view of all the discussions in this House, when the Bill will be on the Statute Book, there would be some Ministers who would set an example. An example has already been set by the Governor of this State who has shown the way to other States. I have yet hopes that such an example may also be shown by the Ministers in their own interests and in the interests of getting the willing co-operation of all the people.

SJ. LALIT BAHADUR KHARGA : Mr. Speaker, Sir, इसका मतलब यह है कि मैं नेपाली भाषा में अपना भाषण देता हूं। Mr. Speaker, Sir, मैं नेपाली में कहना चाहता था परन्तु इस House में नेपाली भाषा लिखने के लिये कोई व्यवस्था नहीं है इसलिये मैं हिन्दी में बोलना चाहता हूं। मुझे बड़ा दुःख होता है कि जब House खुला तो पहले ही मंत्रियों के मोटे मोटे तनखाहों, भत्ता और अनेक सुविधाओं के देने का Bill सामने आ गया। परन्तु आज Darjeeling के गरीब आदमी, किसान, मजदूर, जो कि दुःख तकलीफ में हैं उनको कोई सुविधा देने के लिये बंदोबस्त नहीं है। पहिले मंत्रियों को मोटे मोटे तनखाहें देने की सुविधायें हैं और उसीको इसमें पहिले लाया गया है। आज हमारे Darjeeling जिला के चुने हुये साथी कई यहां पर हैं उन लोगों के दो आदमी को Deputy Minister का पद दिया गया है लेकिन आज Darjeeling में 40 lakhs रुपया का घटती बताया गया है इस घटती पर भी हमलोगों की सरकार ने दो आदमी को उप-मंत्री का पद देकर हमारे गरीब मजदूर, किसान को ज्यादा से ज्यादा tax देने पर मजबूर करेगी। अगर ज्यादा tax वसूल करके मंत्रियों को दिया जाए तो यह बड़े दुःख की बात है। हमारे किसान, मजदूर की क्या दशा होगी। आज किसानों का घर का समस्या है, खाने का समस्या है, वह लोग ऐसे स्थानों में रहते हैं जहां मंत्री लोग पहुंच नहीं सकते हैं, रास्ता, घाट का सुविधा नहीं है, मंत्री लोग वहीं तक जाते हैं जहां तक रास्ता घाट है, जहां तक motor car दौड़ा सकते हैं। Interior area में रास्ता, घाट और पुल का

कोई बंदोबस्त नहीं है। वहां मंत्री लोग पहुंच नहीं सकते हैं। रास्ता, घाट, पुल बनाने के बजाए उप-मंत्री को बड़ी बड़ी तनखाह और ज्यादा से ज्यादा भत्ता देने का सुविधा हुआ है। Darjeeling जिला में (60%) सैकड़ा ६० भाग आदमी T. B. में मर रहे हैं और आज मंत्री और उप-मंत्री को और उनके family को ज्यादा से ज्यादा सुविधा देने का बंदोबस्त हुआ है। आज हमको किसान, मजदूर की समस्या को सुलझाना है। यह हमारे Darjeeling के पिसे हुए जाति हैं। सुना गया है कि पंडित नेहरू ने Tribes के सहायता के लिए कुछ बंदोबस्त किया है, Governor ने भी कहा है कि बंदोबस्त हुआ है लेकिन Tribes की हालत वहां जाकर देखना चाहिये जहां पर मंत्री लोग पहुंच नहीं सकते हैं, उन बस्तियों में किसान, मजदूर, Lepchas, Bhutias और और पहाड़ी रहते हैं, वहां जाने के लिए रास्ता, घाट और पुल नहीं हैं, उनके सुविधा का कोई व्यवस्था इस House में नहीं हुआ परन्तु मंत्री और उप-मंत्री की सुविधाओं का बंदोबस्त किया गया है। बड़े दुःख की बात है कि Darjeeling जिला में किसान, मजदूर को लूटने का बंदोबस्त हुआ है मगर Darjeeling जिला के दुःखी किसान, मजदूर, पहाड़ी लोगों के दुःख तकलीफ के समस्याओं को सुलझाने का कोई बंदोबस्त नहीं हुआ। चा बगान के मजदूरों की हालत और भी खराब है, उनका घर नहीं है और लड़के बच्चे अनेक बीमारी में घिरे हुए हैं, उनको खाना पूरा नहीं मिलता है, कपड़ा नहीं है, रास्ता घाट नहीं है मगर उनको बचाने के लिए कोई बंदोबस्त नहीं किया गया। सबसे बड़ा समस्या Quinine बगान का है। वहां सब बस्ती T. B. से भरा हुआ है, आज मंत्री लोग वहां तक पहुच नहीं सकते हैं। उनके समस्याओं को सुलझाने का कोई बंदोबस्त नहीं है मगर अपना हर किस्म का सुविधा लेने के लिए मंत्री लोग तुले हुए हैं।

आज नेपाली भाषा के पढ़ने का इस House में कोई बंदोबस्त नहीं किया गया है।

मुझे आशा है कि मंत्री लोग अपनी तनखाह लेने के पहिले उन गरीब पिसे हुए, पिछड़े हुए नेपाली, भुटिया, लेपचा, पहाड़ी आदमियों के लिए, उनको सुविधा देने के लिए कोशिश करेंगे और उनको schools, medical aid और जमीन देने का बंदोबस्त करने के लिए तैयार हो जायेंगे, उनको पैसा दिया जाये, जमीन पटाने के लिये सरकार की तरफ से पैसा दिया जाए।

Darjeeling जिला में जो बगान बंद है वहां के मजदूरों को भी मदद देने का बंदोबस्त करना चाहिये।

Kalimpong में सबसे बड़ा कारोबार wool का था, वह बंद हो जाने से वहां के मजदूरों की हालत बहुत खराब हो गई है जल्द से जल्द उसका बंदोबस्त होना चाहिये नहीं तो उनकी दशा और बिगड़ जायेगी।

आज हम यहां पर खत्म करते हैं।

[3-40 to 3-50 p.m.]

SJ. NATENDRA NATH DAS:

মাননীয় "স্পীকার" মহোদয়, গত কয়েকদিন যাবৎ এই পরিষদে এই বিল সম্বন্ধে যে আলোচনা হচ্ছে এর সমর্থনে মুখ্যমন্ত্রী মহাশয় যে কারণ প্রদর্শন করছেন, সেই কারণগুলি উপস্থিত করবার সময় আমরা, বিরুদ্ধ পক্ষ, পরিষদ কক্ষে উপস্থিত ছিলাম না। সংবাদপত্র পাঠে যতটুকু জেনেছি তাতে তিনি দেখিয়েছেন, কেবলমাত্র কাজ বেড়েছে, এবং সেই কাজ বাড়ার জন্য মন্ত্রীসংখ্যা বৃদ্ধি করা হয়েছে। কিন্তু জিজ্ঞাসা করি যে নয়াদিল্লীতে যে শাসনযন্ত্র চলেছে, সেখানে কি কাজ বাঁড়েনি? সেখানে যদি ২১ জন মন্ত্রী উপমন্ত্রী নিয়ে কাজ চলতে পারে তাহলে এই বাংলাদেশে যেটা তার একটা অংশ মাত্র সেখানে এমন কি কাজ বেড়ে গেল যে ১৩ জন থেকে প্রায় ৩০ জন মন্ত্রী নেওয়া হল, তার উপর আবার "মিনিষ্টার অফ ষ্টেট" নেওয়া হবে। 'ডাক্তার শ্রীকুমার বানার্জী' এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন। এখনও আমরা মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে শুনতে

পাইনি যে "মিনিষ্টার অফ ষ্টেট" করজন নেওয়া হবে। একটি কথা "মিঃ স্পীকার" মহাশয় লক্ষ্য করবেন যে, "ষ্টেট্‌মেণ্ট অব অবজেক্ট এণ্ড রিজন্স"-এর মধ্যে কোথাও নেই। "মিনিষ্টার, ডেপুটী মিনিষ্টার এণ্ড মিনিষ্টার অব ষ্টেটের" কথা একেবারে বলা নেই। কিন্তু পরে "১৭ই জুনে মিনিষ্টার অব ষ্টেটস" বসান হল অথচ "১৪ই জুনে" আমরা দেখতে পাই না। কাজেই এই তিন দিনের মধ্যে কি দরকার হয়ে পড়লো আমি বুঝতে পারি না।

Mr. SPEAKER: Mr. Das, you are not now speaking on the amendments but on the general clause of this Bill.

Sj. NATENDRA NATH DAS:

তারপর একটা কথা, সংখ্যাধিক্যের কারণ, তার একটা কথা বলা হয়েছে যে "এফিসিয়েন্সী অব এডমিনিষ্ট্রেশন"। ভবিষ্যতের জন্য কাজ শিখতে পারবেন। কিন্তু যাঁরা "এডমিনিষ্ট্রেশন" শিখছেন, তাঁরা পরের বার যদি "ডিফিটেড্" হন, তাঁরা কি সমস্ত খরচা ফিরিয়ে দেবেন? আমি আর বিশেষ কিছু বলবো না। এই বিষয়ে যেন মুখ্যমন্ত্রী পুনরায় বিবেচনা করেন।

[3-50 to 4 p.m.]

Mr. SPEAKER: Sj. Hemanta Kumar Ghosal, you must be very brief as the leaders will speak.

Sj. HEMANTA KUMAR GHOSAL:

মিঃ স্পীকার, স্যার, যে বিল আনা হয়েছে সে সম্পর্কে অনেক বন্ধু অনেক কথা বলে গিয়েছেন—কেউ, কেউ বলেছেন, গভর্ণমেণ্টের অনেক কাজ বেড়েছে এবং সেগুলিকে সংগঠিত করবার জন্য এই সব মন্ত্রী, বা উপমন্ত্রী বা "ষ্টেট মিনিষ্টারের" প্রয়োজন হয়েছে। এমন বহু উপমন্ত্রী আছেন, যাঁরা এমন এলাকা থেকে নির্বাচিত হয়েছেন, যে এলাকার মধ্যে মানুষ আজ না খেতে পেয়ে অনশনে মারা যাচ্ছে। কোন কোন উপমন্ত্রী এবং আমার পুরাণ দিনের সহকর্মী বন্ধু প্রফুল্লবাবু বলেছেন যে কাজকর্ম বাড়ার জন্য সেসব এতদিন করা হয় নি, সেগুলি এবার করা হবে বলেই এতগুলি উপমন্ত্রীর দরকার হয়ে পড়েছে এবং তাঁদের জন্য এই বাড়তি অর্থের প্রয়োজন হয়েছে। কিছুদিন আগে ঐ এলাকা হতে আমার পুরাতন বন্ধু প্রফুল্লবাবু ও আরও কয়েকজন উপমন্ত্রী নির্বাচিত হয়ে এখানে এসেছেন। তাঁরা একদিন আমার সংগে ঐ এলাকায় যাকে পশ্চিমবংগের শস্যভাণ্ডার বলা যেতে পারে, ঘুরে এসেছেন এবং ঐ এলাকার বুকের উপর দাঁড়িয়ে বলতে হয়েছিল যে এই এলাকার লোকদের মৃত্যুর মুখ থেকে বাঁচান কংগ্রেসের, দশের এবং দেশের পক্ষে সবচেয়ে বড় প্রয়োজন ছিল। সেই দুর্ভিক্ষ এলাকা হতে নির্বাচিত উপমন্ত্রী ও প্রফুল্লবাবু একদিন তাঁরা জোর গলায় বলেছিলেন আমাদের সর্বপ্রথম কাজ হবে নিঃস্বার্থভাবে জনসাধারণের সেবা করা এবং দুর্ভিক্ষের কবল হতে তাদের বাঁচান। আমি বলতে চাই কয়েকদিন পূর্বে বুভুক্ষু জনতার সামনে তাঁরা যে কথা বলে এলেন এবং তারপরে এখন যে বিল উপস্থিত করেছেন তাঁদের জন্য মোটা টাকা খরচ হবে বলে— আমি তাঁদের অনুরোধ করি তাঁরা একবার আমার সংগে ঐ এলাকায় চলুন, এবং যদি সেখানকার লোক এই বিলের পক্ষে ভোট দেয় তাহলে সাবাস্ত হবে তাঁদের প্রতিনিধি হয়ে এখানে আসা, আর তা নাহ'লে সেখানকার মানুষগুলির প্রতি বিশ্বাসঘাতকতা করা হবে। আর দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, যেটা সবচেয়ে বড় কথা ("এ ভয়েস": আরও শুনতে হবে?) হাঁ, আর একটু শুনুন আপনাদের সেগুলি ভুলে গেলে চলবে কেন? দেশের মানুষ দুর্ভিক্ষে আক্রান্ত আর সেই সময় সাধারণ মানুষকে চোরাকারবারীরা লুঠ করছে। সেখানকার জনসাধারণ তাদের সমস্ত কিছু হারিয়ে, নিঃস্ব হয়ে পথে-ঘাটে বেরিয়ে পড়েছে, মেয়ে-পুরুষ তাদের ইজ্জত, মান-সম্ভ্রম বিক্রয় করতে বাধ্য হয়েছে। মন্ত্রীদের বেতন ভাতার দরুন ৭ লক্ষ কেন, ১৩ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে, কিন্তু এই টাকাতে অন্ততঃ এক লক্ষ ৭৫ মণ খাবার পাওয়া যেত, এবং এর দ্বারা সেখানকার মানুষগুলিকে মৃত্যুর মুখ হতে বাঁচান যেত। ও'রা বলছেন কাজ বেড়েছে তারজন্য এইসব উপমন্ত্রীর সৃষ্টি। কিন্তু দেশে মানুষ যদি না খেতে পেয়ে মরেই যায় তাহলে কিসের কাজ হবে? তাঁদের কাজ হচ্ছে আমাদের দেশের গরীব জনসাধারণের দুঃখদৈন্যের উপর দাঁড়িয়ে কেবল টাকার অংক কসা।

কিছুদিন আগে বাংলাদেশের লোক যখন দুর্ভিক্ষে আক্রান্ত, সেই সময় গভর্নমেণ্টের তরফ থেকে মানুষের অখাদ্য খুদ তাদের খাবার জন্য "সাপ্লাই" করা হয়, কিন্তু, তাও বন্ধ হয়ে যায় কারণ সেগুলি চোরাবাজারে বিক্রয় হচ্ছে। সাধারণ মানুষ খুদ খাবে তাও বন্ধ হয়ে গেল, অথচ মন্ত্রীদের বেতন ঠিকই বেড়ে চলেছে। আজ দেশের জনসাধারণ যখন না খেতে পেয়ে মারা যাচ্ছে, আর তখন এ'রা এখানে বসে বসে ভাল করে নিজেদের খাবার বন্দোবস্ত করছেন।

মিঃ স্পীকার মহাশয়, সর্বশেষে আমি এই কথা বলে সরকার পক্ষের সদস্যগণকে স্মরণ করিয়ে দিতে চাই যে, তাঁহারা যে এলাকা হইতে নির্বাচিত হয়ে এসেছেন, সেই এলাকার মানুষ যদি মরে যায় আর আজকের দিনে এই বিল যদি পাশ করিয়ে নেন, নিজেদের পেট ভরবার জন্য, তাহ'লে সেখানকার লোকের অভিশাপে অভিশপ্ত হবেন এবং এর জবাব একদিন সেখানকার জনতার কাছে দিতে হবে।

আপনাদের এখনও যদি একটু সুবুদ্ধি থাকে তাহ'লে দেশের ও দশের মঙ্গলের জন্য এই বিল পরিত্যাগ করুন।

Sjkta. ABHA MAITI:

মাননীয় স্পীকার মহাশয়, গত কয়েকদিন ধরে এখানে এই বিলের আলোচনা চলেছে, এবং নানাদিক থেকে, বিশেষ করে আমাদের বিরোধী বন্ধুরা এর বিভিন্নদিক আলোচনা করেছেন। আমি এই বিলের সমর্থনে দু-চারটি কথা বলতে চাই, আশাকরি সেগুলি আপনি বিবেচনা করে দেখবেন।

অপর পক্ষ থেকে বহু অভিশাপ, বহু কটূক্তি তাঁরা এখানে করেছেন, তাঁরা দেশে দুর্ভিক্ষ ও খাদ্যাভাবের কথা বলেছেন, কিন্তু আমি তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই, ১৯৪২ সালের কথা। ১৯৪২ সালে, তখন তাঁরা জনসাধারণের নেতা হয়ে দেশের কাজ করেছিলেন। ১৯৪২ সালে জন-যুদ্ধের নামে ("এ ভয়েস": ১৯৪২ নয়, ১৯৪৩ সাল) লক্ষ লক্ষ লোককে তাঁরা ভুল পথে টেনে নিয়ে গিয়েছিলেন, তখন তাঁরা সাম্রাজ্যবাদী যুদ্ধকে জয়যুক্ত করবার জন্য লীগ মন্ত্রীদের সঙ্গে হাত মিলিয়ে ছিলেন। [("নয়েজ")] তখন তারা কি করেছিলেন। "সরকারের গুদামে তোমরা সব ধান জমা দাও" এবং "ইস্পাহানী কোম্পানীর পেট মোটা করো" এই বাণী তারা জনসাধারণের কাছে বলেছিলেন। আজ পরিষদের যেসব চাপরাসীর জন্য তাদের দরদ দেখা যাচ্ছে—কই তাদের অবস্থার উন্নতির জন্য তাদের কোন চেষ্টা দেখা যায় নি।

মাননীয় স্পীকার মহাশয়, "কম্যুনীষ্ট পার্টীর" নেতা শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র মুখার্জী মহাশয় গতকাল তাঁর বক্তৃতার মধ্যে বহু কটূক্তি, বহু সমালোচনা, গভর্ণমেণ্টকে করেছেন। কিন্তু ১৯৩৭ ও ১৯৪২ সালে তিনি এই পরিষদের মেম্বর ছিলেন, তখন তিনি জনসাধারণকে কি তথ্য, কি বাণী দিয়েছিলেন? তখন তিনি বলেছিলেন—দেশময় তখন দুর্ভিক্ষ চলছিল, "আমরা যুদ্ধের চাঁদা আদায় করবো"। জনগণ, "ন্যাশনাল ওয়ার ফণ্ডে"এ টাকা দাও।"

(Interruption and voice.)

Mr. SPEAKER: Order, order.

Sjkta. ABHA MAITI:

আজ তাঁরা বলছেন, বহু টাকা নানাদিক দিয়ে আমাদের পকেটে যাচ্ছে। হয়ত তাদের মনে আছে, গত যুদ্ধের সময়, তাঁরা শ্রমিকদের "রেড ফণ্ডে"র নাম করে, বহু টাকা জনসাধারণের কাছ থেকে তুলেছিলেন। কিন্তু সেই "রেড ফণ্ডে"র টাকা তাঁরা কিভাবে খরচ করেছিলেন? তাদের কম্মীদের বিশ্রামাগারের জন্য এবং "কম্যুনীষ্ট পার্টি"র কম্মীদের হাওয়া পরিবর্তনের জন্য।

(Noises.)

আর এ'রাই এখানে বেশী চীৎকার করছেন—বেশী টাকা খরচ হচ্ছে বলে। এ'দের হাতে যদি রাষ্ট্র ক্ষমতা যায়, জানি না জাতীয় ধন-ভাণ্ডারের অবস্থা কি হবে।

(Noises.)

বিরোধী পক্ষের নেতারা গোলমাল করলে কি হবে। তাঁরা যদি চান—তবে আমি এই পরিষদে বলতে পারি ১৯৪৪ সালের ১৫ই নভেম্বরের "জন-যুদ্ধ"—সেই কাগজ হতে দেখা যাচ্ছে—এই ফণ্ডের যে হিসাব বেরিয়েছে তাতে দেখা যায় যে, বিশ্রামাগার বাবদ ১৪,৯২৫ টাকা খরচ করা হয়েছে এবং "পার্টীর" কম্মীদের হাওয়া পরিবর্তনের জন্য খরচ হয়েছে ৬,৭৭৬ টাকা।

(Noises.)

("ভয়েসেস্ ফ্রম গভর্নমেণ্ট বেঞ্চেস": বসুন, বসুন। গায়ে লাগছে বুঝি? ফোস্কা পড়েছে?)

আমি জানি কিসের জোরে তাঁরা এই বিলের সব কিছুরই বিরোধীতা করে চলেছেন। এই তাঁদের রীতি, এই তাঁদের নীতি! আজ যদি মন্ত্রীদের বেতন ১ শত টাকাও করা হোত, তাহলেও তাঁরা একইভাবে, একই সুরে প্রতিবাদ ও অভিযোগ করে চলতেন। কিন্তু তাঁদের এই কটূক্তিতে আমরা ভয় পাই না। তাঁদের বিবেচনা করে দেখতে বলি—এই সব কটূক্তি, গালাগালি করার আগে তাঁরা যেন নিজেদের কথা, নিজেদের অতীত কার্য্য বিষয়ে একটু ভেবে দেখেন। পরিষদের বিরোধী দলের সদস্যরূপে তাঁরা আজ সুযোগ পাচ্ছেন গালাগালি দেবার। কিন্তু কেবল গালাগালি দিলে, গলাবাজি করলেই সত্য মিথ্যা হয় না। তাদের ভেবে দেখা দরকার, এই গালাগালি, এই দোষারোপ তাদের নিজেদের গায়েও লাগতে পারে। ("নয়েজেস")

বিরোধীপক্ষ অবাক হয়ে প্রশ্ন করছেন, "আমরা কোথা থেকে আসছি।" ও'রা যেখান থেকে আসছেন আমরাও সেখান থেকে আসছি। "এডল্ট ফ্রান্চাইজের" ভিত্তিতে আমরা এখানে এসেছি। জনগণই কংগ্রেসের হাতে ক্ষমতা দিয়েছে। ("চিয়ারস") ও'রা কেবলই জনসাধারণের নাম উল্লেখ করেন, কিন্তু জনসাধারণই একমাত্র বিচারকর্তা এবং তাদের বিচারেই আমরা এখানে এসেছি। এ'রা আর একটা প্রশ্ন করেন, জাতিগঠনের কথা। আজ পাঁচ বৎসর পরে, অনেক বিপদের মধ্য দিয়ে দেশ কিছুটা সামলে উঠেছে। এই সময় আসুন আমরা সকলে মিলে—সকল রকম বিরোধ এবং বিভেদ ভুলে জাতিগঠনমূলক কাজে নিজেদের আত্মনিয়োগ করি। অবশ্য পরিষদে, এমন একটা দল আছেন, এদেশ নাকি যাদের দেশই নয় পাহাড়ের ওপারে যে দেশ সেই নাকি তাঁদের পিতৃভূমি, "এ্যালিজিয়েন্স" নাকি সেদেশের কাছে। কিন্তু এই দল ছাড়াও আরো দল এখানে আছেন এবং কংগ্রেসের

বাইরেও অনেকে আছেন, যাঁরা এই ভারতবর্ষকে তাঁদের দেশ এবং এই বাংলা দেশকে তাঁদের দেশ বলে মনে করেন, তাঁদের কাছে আমি নিবেদন করছি যে, তাঁরা যেন সর্বকিছু নিজেদের দৃষ্টিভঙ্গী নিয়ে বিচার করেন—ওঁদের ভাওতায় না ভুলে।

(At this stage the red light was lit.)

Mr. SPEAKER: Your time is up.

Sjkta. ABHA MAITI:

আমি আর এক মিনিট বলবো।

বঙ্কিমবাবু কালকে কুটির শিল্পের কথা বলেছেন। কিন্তু আমরা এই কয়েক বৎসর গুরুতর সমস্যা—"রিফিউজি রিহ্যাবিলিটেশন", দেশরক্ষা প্রভৃতিকে বাদ দিয়ে কুটির শিল্প করলে লোকে আমাদের বাহাবা দিত না। এই পাঁচ বৎসর সময়ে "রিফিউজি প্রব্লেম্"টা অনেকটা সামলে উঠেছে। এখন আমরা সংগঠনমূলক সব জিনিসে মন দেওয়ার সময় ও সুযোগ পাবো। এবং আমরা নূতন করে কাজ করতে উদ্যোগী হয়েছি এবং আপনাদেরও সহযোগীতা কামনা করি।

[4 to 4-10 p.m.]

SJ. NALINI KANTA HALDER:

মাননীয় সভাপতি মহাশয়, রাজ্যপালের ভাষণে দেখা গেল——

SJ. DEBENDRA CHANDRA DEY: On a point of order, Sir.

রাজ্যপালের ভাষণ ত এখন "ডিস্কাস্" হচ্চে না তবে উনি কেন বল্ছেন?

Mr. SPEAKER: This is absolutely irrelevant.

SJ. NALINI KANTA HALDER:

মন্ত্রীমণ্ডলী সম্প্রসারিত হচ্ছে এবং তাদের বেতন বৃদ্ধি হচ্ছে। এটা কেন করা হচ্ছে তা আমি বুঝতে পারছি না। আজ দেশের সর্বত্র দুর্ভিক্ষের ছায়া ঘনীভূত হয়ে এসেছে। দুর্ভিক্ষপীড়িত অঞ্চল ছাড়াও অন্যত্রও লোক-চক্ষুর অন্তরালে লোক অনাহারে মৃত্যুবরণ করছে। আমার নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে আমি বলছি। আমাদের ২৪-পরগণা জেলার একটা গ্রামে একজন মুসলমান লোক অনাহারে খিদের জ্বালায় দুইবার আত্মহত্যা করতে চেষ্টা করেছিল কিন্তু পারেনি। তারপর মুখে গামছা ঢেকে "রেল লাইনের" ধারে নামাজের ভান করে বসেছিল এবং যখন গাড়ী এলো তখন "লাইনের" উপর শুয়ে পড়লো এবং এইভাবে তার ভবলীলা শেষ করে দিল। "এস, ডি, ও,"কে বলায় তিনি বললেন যে অন্য কোন কারণে মরেছে। আমরা যখন গিয়ে স্থানীয় সরকারী কর্ম্মচারীকে বললাম "এই কেস কেন আপনি "রিপোর্ট" করেননি" তখন তিনি বল্লেন তিনি "রিপোর্ট" করেছিলেন কিন্তু "ডেথ বাই স্টার্ভেশন" বলে করেনি। আমরা যখন বল্লাম যে আপনি "ডেথ বাই স্টারভেশন" বলে "রিপোর্ট" দেননি কেন? তখন তিনি বল্লেন যে ওভাবে "রিপোর্ট" দিলে আমার চাকরী চলে যাবে। আর একটি লোক হাঁপানী রোগী, খাটতে পারে না। তার স্ত্রী এক মাসের সন্তানকে ঘরে রেখে কলিকাতায় এসেছিল ভাতের সংস্থান করতে, তারপর বাড়ী ফিরে গিয়ে দেখে যে দুটি মেয়ে না খেয়ে মরে গিয়েছে। ("এ ভয়েস ফ্রম গভর্ণমেণ্ট বেঞ্চ": মিঃ স্পীকার, স্যার, এটা কি "রিলিভ্যাণ্ট" হচ্ছে?

SJ. JYOTI BASU:

ওদিক থেকে যখন বলছিল তখন বুঝি খুব "রিলিভ্যাণ্ট" হচ্ছিল?

Mr. SPEAKER: Order, order. No interruptions, please.

("ভয়েস্ ফ্রম গভর্ণমেণ্ট বেঞ্চ": বসুন, বসুন, বসে পড়ুন।) ওসব অবান্তর কথার বিলের সঙ্গে কি সম্পর্ক আছে।)"

SJ. NALINI KANTA HARLER:

আমি একটা গ্রামে গিয়েছিলাম, সেখানে কতকগুলি নিরন্ন অনুন্নত সম্প্রদায়ের বাস। সে গ্রামে গেলে মনে হয় না সেখানে এখন আর কোন লোকের বসতি আছে। কারো চালে খড় নেই। কোন ঘরে বেড়া ভাঙ্গা। এইরকম ছন্নছাড়া অবস্থা। আমি একটা বাড়ীর উঠানে গেলে পর কারো সাড়া পেলাম না। পাশের বাড়ীর একটি মেয়ে এসে বল্লে—"ও বাড়ীর লোক এইখানে রয়েছে।" যখন সেলোক বেরিয়ে এলো, দাঁড়িয়ে থাকতে পারছিল না—এইরকম যে অবস্থা—এ আমি আপনাদের কাছে বলবো না! অনেক লোক যে না খেয়ে মরে গিয়েছে সেকথা আপনাদের কাছে বলবো না! স্ত্রী ও ছোট ছোট ছেলেমেয়েরা বাড়ী ফেলে ক্ষুধার জ্বালায় নিরুদ্দেশ হয়ে গেছে এরকম বাড়ী অসংখ্য রয়েছে—তাও আপনাদের কাছে বলবো না! একটী ঘটনার কথা খালি দৃষ্টান্তস্বরূপ বলবো। একটি কুঁড়ে ঘর চার দিকে খেজুরের পাতা দিয়ে ঘেরা, সামনে একটা ছোট্ট উঠান। সেই উঠানের

